লাল মার্শাল

ক্লেমেন্ট ভরোশিলভ

মন্‌সুর হবিব

প্রণীত

প্রাপ্তিস্থান

শ্রীগুরু লাইব্রেরী

২০৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট্, কলিকাতা

দশ আনা

গ্রন্থকার কর্ত্তৃক ২৪৯, বহুবাজার ষ্ট্রীট্, কলিকাতা হইতে প্রকাশিত

প্রথম সংস্করণ

আশ্বিন—১৩৪৮

পপুলার প্রিন্টিং ওয়ার্কস্ ৪৭নং মথুরায় লেন, কলিকাতা হইতে
শ্রীযামিনী মোহন ঘোষ কর্ত্তৃক মুদ্রিত

উৎসর্গ

আজকে সারা পৃথিবীর উপর দিয়ে প্রলয়ের ঝড় বইছে। স্বাধীনতা, শান্তি ও প্রগতির যারা উপাসক তাদের উপর আজকে যে নির্য্যাতন চলেছে পৃথিবীর ইতিহাসে তার তুলনা পাওয়া যায় না। তবু আজও আমাদের সংগ্রাম অপ্রতিহত। আমরা নিরাশ নই, আমরা জানি একদিন এই ঘনান্ধকার কেটে গিয়ে নতুন দিনের আলো বিশ্বে ছড়িয়ে প'ড়বে। তাই আজকে যারা সেই ঘনান্ধকার চিরতরে দূর করার জন্য লেনিনগ্রাড, শ্বেত রাশিয়া ও উক্রেইনের রণক্ষেত্রে জীবন উৎসর্গ ক'রছে এবং ফ্রান্স, নরওয়ে, যুগশ্লাভিয়া, রুমানিয়া, বুলগারিয়া প্রভৃতি দেশে আন্তর্জ্জাতিক দস্যুবৃত্তির বিরুদ্ধে সংগ্রাম ক'রছে, অজ্ঞাত ও অচেনা সেই বীর বন্ধুদের স্মরণ ক'রে বাংলার নতুন যুগের নতুন মানুষদের হাতে দিলাম।

লেখক

যুদ্ধ আজ লেনিনগ্রাদেব দুযারে, সেই দুয়ারে প্রহরী জাগছেন লাল পল্‌টনেব সেনাপতি মার্শাল ভরোশিলভ।

"লেনিনের শহরেই" সেই নূতন জীবনের সাড়া প্রথম জাগে। আর সেই "লেনিনের শহবেই" আজ এই নূতন জগত বক্ষাব ভাব নিযেছেন—মজদুবের ছেলে সেনাপতি ভরোশিলভ, তাঁর লাল পল্‌টন আর শহরেব মজদুর-বাহিনী।

তাঁদেব অভিনন্দন জানাচ্ছে আজ পৃথিবীর মজদুব ও কিসানেরা—জানাচ্ছে ভাবতবর্ষেব মজদুব ও কিসান-শক্তিও।

অখিল ভারত কিসান সভার সেই বাণীই ধ্বনিত কবেছেন তার দপ্তর-সচিব কম্‌বেড্‌ মনসুর হবিব এই কয়টি পাতায়। তরুণ বন্ধু মনসুবকে তাঁর কিসান ও মজদুর সহযাত্রীরা যেরূপ সানন্দ প্রীতিতে গ্রহণ কবেন, তেমনি সুদৃঢ় সঙ্কল্প নিয়ে আজ গ্রহণ করবেন তাঁবা মনসুরেব এই বাণী—'সোভিয়েট ইউনিয়ন জিন্দাবাদ।'

ভারতীয় কিসান সভা আফিস,
২৪৯বি, বহুবাজার।
২৩শে সেপ্টেম্বর্‌ ১৯৪১

গোপাল হালদার

ক্লেম ভরোশিলভ

১লা মে ১৯৩৯

আজ ১লা মে। মস্কো রেড্ স্কোয্যাবে আজ মহাসমাবোহ। প্রতি বৎসব এই দিনে সাবা জগতেব মজুবেব সাথে সাথ দিযে সোভিযেটেব অধিবাসিবা মহাসমাবোহেব সাথে এই দিবসটী পালন কবে। বেড্ স্কোয্যাব আজ লোকে লোকাবণ্য।

স্কোয্যার হিসাবে বেড্ স্কোয্যাব বেশ চওডা কিন্তু অত্যধিক দৈর্ঘ্যের জন্য একে সকমত দেখায। স্কোয্যাবেব দক্ষিণ-পশ্চিম কোণেব দিকে ঘাসে ভরা ঢালু জাযগাটী আস্তে আস্তে উঠে ক্রেমলিনের গাযে গিযে ঠেকেছে। উঁচুতে—অনেক উঁচুতে নীল আকাশ ভেদ ক'রে উঠেছে প্রাসাদ চূডাগুলি। আব সেই চূডায আজ কাস্তে হাতুডি বুকে নিযে উডছে সর্ব্ব-হারাব পতাকা, লাল নিশান, যেখানে একদিন উডত অত্যাচারী জাবেব জুলুমের নিশান ঈগল পাখী খচিত ঝাণ্ডা। স্কোয্যারের আব একদিকে সেণ্ট বেসিলের গীর্জ্জাগুলি দাঁডিযে আছে অসংখ্য গম্বুজ মাথায নিযে। আর অন্যদিকে বয়েছে প্রকাণ্ড লাল গ্রানাইট পাথরের স্মৃতিসৌধ সর্ব্বহারা বিপ্লবের নেতা

লেনিনকে বুকে নিয়ে। ঠিক তারি পশ্চাতে, সৌধের দেওয়ালের নীচেই রয়েছে বিপ্লবের সহীদ কম্যুনিষ্টদের দেহাবশেষ ও চিতাভস্ম। কেবল রাশিয়ার মৃত বিপ্লবীদের নয়, বিদেশীদেরও আছে, যেমন আছে বিখ্যাত মার্কিন সাংবাদিক জন রীডের দেহাবশেষ।

ক্রেমলিন আজ কেবল রাশিয়ার নয় সমগ্র বিশ্বের মুক্তির প্রতীক, সব জাতির সব মানুষের আশা আকাঙ্খা রয়েছে তার সাথে জড়ান। যখন ওর মাঝে ধ্বনিত হয় গম্ভীর ঘণ্টার ধ্বনি—সে ধ্বনি কেবল রাশিয়ার জনমানবের কাছে পরিচিত শোনায় না—শোনায় সমগ্র জগতের উৎপীড়িতের কাছে—অতি আপনার নিজস্ব জিনিষের মত। এই ধ্বনি যখন বেতারের সংযোগে দেশ থেকে দেশান্তরে ছড়িয়ে পড়ে তখন হাজার হাজার লোক যারা শোনে তাদের কাছে এনে দেয় জীবনের সর্ব্বময় আশার বাণী। দুনিয়ার আজ অনেক দেশে এই ধ্বনিটা শুনবার অধিকারও সাধারণের নাই, তাই সেখানকার লোকে যখন শোনে, তারা দরজা জানালা বন্ধ ক'রে শোনে, পাছে কোন দুষ্ট প্রতিবেশী তাদের এই আইন লঙ্ঘন কর্তৃপক্ষকে জানিয়ে দিয়ে তাদিকে কয়েদখানা বা বন্দীনিবাসে পাঠাবার ব্যবস্থা ক'রে। ফ্যাসিষ্ট দেশগুলিতে মস্কো রেডিও শোনাও আইন নিষিদ্ধ, পাছে বলশেভিকবাদ ঐ সব দেশে মাথাচাড়া দিয়ে ওঠে। এই সমস্ত বিরোধী মতের পরস্পর বিরোধী দ্বন্দ্বের যদিও

বিরতি নাই তবু আজকের এই সকালে রোদেভরা রেড্-স্কোয়্যারের সামনে সে সমস্তই যেন নিষ্প্রভ, পাণ্ডুর ও বিবর্ণ। পৃথিবীর সর্ব্বাপেক্ষা বৃহৎ সেনানী লাল ফৌজের আকস্মিক-বাহিনীগুলি এই ক্রেমলিনের সামনে আজ কুচকাওয়াজ ক'রবে। সূর্য্য কিরণে হাজার হাজার সঙ্গীন আর ইস্পাতের টুপীগুলি ঝলমল ক'রছে। লাল ফৌজের পল্টনরা এখন নিস্তব্ধ হয়ে আছে। এখনও কুচকাওয়াজের সময় হয় নাই।

লেনিনের সমাধির উপরে হঠাৎ একটু নড়ন চড়ন দেখা গেল। ষ্টালিন মঞ্চের উপর আসন নিলেন। এইখানেই লাল ফৌজের অভিবাদন জানাবার স্থান। আজ লেনিনের স্থানে ষ্টালিন তাদের অভিবাদন গ্রহণ ক'রবেন। তাঁর সেই সদাহাস্য মুখে, সাধারণ বেশে, উঁচু টুপী আর উঁচু কলার ওয়ালা কোটটি-প'রে লাল ফৌজের সামনে এসে দাঁড়াবেন তাদের অভিবাদন নিতে। কিন্তু ঠিক এই মূহুর্ত্তটারজন্য সকলের দৃষ্টি তাঁর দিকে নাই।

সকলে প্রতীক্ষা ক'রছে আর একজনের জন্য। কে তিনি? মলোটভ? না তিনি নন। প্রধান মন্ত্রী ও বৈদেশিক মন্ত্রী সদা গম্ভীর মলোটভও এই মূহুর্ত্তের লোক নয়। কালিনিন, যিনি সোভিয়েট রাষ্ট্রের প্রধান ব্যক্তি, সুপ্রিম সোভিয়েটের সভাপতি, তিনিও আজকের এই মূহুর্ত্তের লোক নন। বুলগারিয়ান কম্যুনিষ্ট সহাস্যমুখ ডীমিট্রভ যিনি রাইখ-

ষ্টাগ অগ্নি সংযোগ মামলায় দৃঢ়তার সাথে জেনারেল গ্যোরিংএর চক্রান্ত বিফল ক'রে আন্তর্জ্জাতিক কম্যুনিষ্ট সঙ্ঘের সম্পাদক পদে আসীন হয়েছেন তিনিও সে লোক নন।

এ রা কেওই নন। এঁরা সকলেই লাল গ্রানাইটের মঞ্চের উপর নিজের নিজের জায়গায় ব'সে আছেন। নিস্তব্ধ সৈনিক ও স্থির জনতার মতই তাঁরাও অপেক্ষা ক রে আছেন।

আজকের প্রধান ব্যক্তি এখনও আসেন নাই। একটু পরেই আসবেন· ···। এইবার তিনি আসছেন। কিন্তু কই তার আসার মধ্যে ত কোন সমারোহ নেই। নুরেমবার্গে জার্ম্মাণ নাৎসী দল-সম্মেলনের প্রধান ব্যক্তি যখন আসেন তখন তাঁর উপর বৈদ্যুতিক আলো প্রেক্ষণ কোরে তাঁর আগমনের গুরুত্ব বাড়ান হয় কিন্তু কই সে সব 'ত' এখানে দেখা গেল না।

কেবল ঘোড়ার পায়ের শব্দ, একটী ঘোড়ার খুরের শব্দ নিস্তব্ধতা ভেদ ক'রে প্রতিধ্বনি ক'রে গেল। সেই সাথে ভরোশিলভ দুর্গের পরীখান্তর থেকে নিচে স্কোয়্যারের মধ্যে নেমে আসলেন—যেন এখনই একটা অশ্বারোহী সৈন্যের আক্রমন পরিচালনা ক'রছেন। তাঁর ঘোড়া অত্যন্ত দ্রুত ধাবিত।

এইবার লাল সোভিয়েটের লাল মার্শাল, দেশরক্ষা মন্ত্রী—ক্লেমেণ্ট্ এফরেমোভিচ ভরোশিলভ, লাল ফৌজের কুচকাওয়াজ পরিচালনা আরম্ভ ক'রলেন।

ক্লেম ভরোশিলভ

অনেকের কাছে সংবাদ-পত্র এবং সংবাদ-চিত্র মারফতে মোটামুটী ভাবে ইউ, এস, এস, আরের এই মে-ডে বা মে-দিবস পরিচিত হ'য়ে উঠেছে। আমরা অনেকে জানি যে এই দিন রেড্ স্কোয়ারের মধ্য দিয়ে অগনিত ট্যাঙ্ক দ্রুত চ'লতে থাকে দুর্ব্বার গতিতে—এক একটা ট্যাঙ্ক এত বড় যে দেখে মনে হয় যেন এক একটা যুদ্ধ জাহাজ চ'লেছে হামাগুড়ি দিয়ে। আমরা অনেকে জানি ঘণ্টার পর ঘণ্টা ধ'রে লেনিনের সমাধির সামনে দিয়ে চলে আদি অন্তহীন বাহিনীগুলি একের পর এক। পদাতিকরা চলে তাদের সর্ব্বদা প্রস্তুত রাইফেল ধ'রে, অশ্বারোহীরা চলে, মেশিনগান চলে আকাশভেদী চক্রঘর্ষণের শব্দ ক'রতে ক'রতে, গোলন্দাজ বাহিনী চলে, সব যেন সীমাহীন মানবের স্রোত, চ'লেছে—আর চলেছে। আমরা কেও কেও হয়ত ছবিতে দেখেছি মস্কোর আকাশ আচ্ছন্ন ক'রে চ'লছে খুব নিচু দিয়ে লাল বিমান বাহিনী।

একদিনকার ভিখারী বালক, ছিন্নবস্ত্র রাখাল, খনির গোলাম, আজকের এই ভরোশিলভ্ নিশ্চয় আজকের এই দিনের জন্য বিশেষ ক'রে একটু গর্ব্ব অনুভব ক'রবেন বৈকি। বিশেষ, যখন জগতে তাঁর মত আর কেও জানে না যে এই সোভিয়েটের শক্তি প্রদর্শনের পিছনে কতটা বাস্তবতা লুকিয়ে র'য়েছে।

আজকের এইদিনে সোভিয়েট ইউনিয়নের আরও অন্যান্য প্রধান প্রধান সহরে ঠিক এমনি বা কদাচ অপেক্ষাকৃত ক্ষুদ্রাকারে

সোভিয়েট-শক্তি-প্রদর্শন-কুচকাওয়াজ চ'লেছে। লেনিনগ্রাডে উব্রিট্স্কি স্কোয়্যারে উইণ্টার প্রাসাদের সম্মুখে যে সমস্ত রক্ষীদল রাষ্ট্রীক সাগর রক্ষায় নিযুক্ত, তারা কুচকাওয়াজ ক'রে চলেছে। শ্বেত রাশিয়ার রাজধানী মিন্স্ক ও উক্রাইনের রাজধানী কিয়েভে অত্যন্ত গুরুত্বপূর্ণ পশ্চিম সীমান্ত রক্ষী বাহিনী কুচকাওয়াজ রত। আবার পূর্ব্বদিকে এসিয়ার সময় অনুযায়ী কয়েকঘণ্টা আগে ভ্লাডিভষ্টকে হ'য়েছে জাপানী সাম্রাজ্য-বাদের চক্ষুশূল সুদূর প্রাচ্য-বাহিনীর কুচকাওয়াজ।

দীর্ঘ চৌদ্দ বছর কাল ধ'রে তাঁর দেশরক্ষা সচিবের পদে থাকা কালে ভরোশিলভ যে বিরাট শক্তিকে গ'ড়ে তুলেছেন তার এক অংশ মাত্রই এই মে দিবসের অভিবাদনে যোগদান ক'রে থাকে।

দীর্ঘ ১২ হাজার মাইল ব্যাপী স্থল-সীমান্ত ও তার দ্বিগুণ জল-সীমান্ত সম্পন্ন একটা রাষ্ট্র রক্ষায় তাঁর দায়িত্ব যে কত গুরুত্বপূর্ণ তা আমরা বিশেষ ভাবে উপলব্ধি ক'রতে পারি যখন দেখি তার একদিকে র'য়েছে যুদ্ধ-বিক্ষত মহাচীন আর একদিকে বলশেভিকবাদের চিরশত্রু রণউন্মত্ত নাৎসী জার্ম্মাণী।

আজ তাই লাল ফৌজের লাল মার্শাল ঐ সব প্রকাণ্ড প্রকাণ্ড ঝাণ্ডা আর সঙ্গীনের সারির অতীত পারে তাঁর দৃষ্টি প্রসারিত ক'রছেন। তিনি তাঁর অন্তরের দৃষ্টিতে দেখছেন তাঁরি

সৃষ্ট, বসতিহীন প্রান্তর, যার দুর্ব্বা-শ্যামল ঘাসের স্তবকের নীচে লুকান রয়েছে কংক্রীটের সুদৃঢ় দুর্গ। তিনি মানসচ'ক্ষে দেখছেন কৃষ্ণসাগরের তীরের সীমান্ত দুর্গগুলি আর জাপ সমুদ্রের সম্মুখে লুকিয়ে রাখা অলক্ষিত কামানগুলি। তিনি দেখছেন মধ্য এসিয়ার দুর্দ্ধর্ষ ঘোড়সাওয়ার সৈন্যদের মরু-অভিযান। তারা সেখানকার পাহাড়ের উপর চ'ড়ে তাদের দূরবীন নিয়ে মঙ্গোলিয়ার দিকে চেয়ে দেখছে। তিনি দেখছেন তাঁর মানস চোখে শ্বেত পোষাক পরিহিত ক্যাডেলিয়ার স্কী বাহিনীকে যারা উত্তর মেরুতে বিদেশী আক্রমণকারীদের সাথে শক্তি পরীক্ষার জন্য সর্ব্বদা প্রস্তুত হ'য়ে আছে—আসুক না তারা যে যেদিক দিয়ে পারে—সমুদ্র পথে মুমার্স্‌ক্‌, আরকেঞ্জেল দিয়েই হ'ক আর ফীনল্যাণ্ডের বনানীর অভ্যন্তর থেকেই হোক। লালফৌজ তাদের জন্য তৈরি আছে সদাসর্ব্বদা। শেষ রক্তবিন্দু দিয়ে তারা ইউনিয়ন অফ্‌ সোভিয়েট ও সোস্যালিষ্ট গণতন্ত্রকে রক্ষা করবে।

ঠিক এই ফৌজের জন্যই ১৯৩৬ সালে হিটলার লর্ড লণ্ডন ডেরীকে ব'লেছিল, "হ্যাঁ, একটা প্রথমশ্রেণীর ফৌজ বটে।" আর এই লাল ফৌজই আজকের বিশ্ব-যুদ্ধের কি পরিণতি হবে তার শেষ কথা ব'লে দেবে।

ক্লেম ভবোশিলভ এই ফৌজের কেবল সামরিক অধিনায়ক নন তিনি সোভিয়েট রাষ্ট্রের প্রধান সমর-সচীবও বটে। আর

তিনি সেই কয়জন সোভিয়েট রাষ্ট্রনেতাদের অন্যতম যাঁরা সঙ্কটকালে এই ফৌজের শক্তি কোন্ দিকে পরিচালিত হবে তা নির্দ্ধারণ করে থাকেন।

অন্যদিকে তিনি শুধু সৈনিকদের নেতাই নন তিনি রাষ্ট্র নায়কও বটে। রাষ্ট্রনায়ক হিসাবে ষ্টালিনের পর যাঁদের স্থান, তিনি তাঁদের অন্যতম। এইখানেই অন্যান্য দেশের সেনানায়কদের সাথে ভরোশিলভের প্রভেদ।

সংক্ষেপে ব'লতে গেলে বর্ত্তমান জগতে ব্যক্তি-হিসাবে যাঁদের হাতে জগতের ভবিষ্যৎ নির্দ্ধারণের ভার র'য়েছে তিনি তাঁদের অন্যতম।

তবুও আশ্চর্য্যের বিষয় এই যে, বর্ত্তমান সোভিয়েট জার্ম্মান যুদ্ধ আরম্ভ হওয়ার আগে আমাদের দেশের বহু সম্ভ্রান্ত শিক্ষিত ব্যক্তি এই লোকটীর নাম পর্য্যন্ত শোনেন নাই।

———

খনির মজুর

আজ থেকে ষাট বছর আগে—১৮৮১ সালের ৪ঠা ফেব্রুয়ারী তারিখে ক্লেম ভরোশিলভের জন্ম। তাঁর বাবা ছিলেন মজুর। কলিয়ারির মজুর, রেলওয়ের ফটকওয়ালা ইত্যাদি নানান রকম কাজ ক'রে তিনি জীবিকা নির্ব্বাহ ক'রতেন। তাঁর মাও চাকুরির দ্বারা জীবিকা অর্জ্জন ক'রতেন। ডননদীর একটা উপনদীর তীরে ভরোশিলভের শৈশব কেটেছিল। বৃহত্তম কয়লার খনি, বৈদ্যুতিক ও অন্যান্য শক্তি কেন্দ্র ও নানান প্রকারের বৃহৎ শিল্প ব্যবস্থায় এই স্থান সমৃদ্ধ। এই বিস্তৃত অঞ্চলের এক অংশ, উক্রাইনের উপর হিটলারের লুব্ধ দৃষ্টি আজ মহাসমরের নূতন অধ্যায়ের সৃষ্টি ক'রেছে, কারণ উক্রাইন জগতের শস্য-শ্যামল স্থানের অন্যতম, আবার এখানেই প্রচুর খনিজ পদার্থ ও ক্রমবর্দ্ধমান বৃহৎ শিল্পের সংমিশ্রণ হ'য়েছে।

উক্রাইনের সমস্ত কিছুই ভরোশিলভের নখদর্পণে। তিনি জানেন উইক্রাইন রক্ষার প্রয়োজন কি এবং রক্ষা করার জন্যই বা প্রয়োজন কি?

ভরোশিলভ উক্রাইনের খাদে, মাঠে, কারখানায় দিনের পর দিন কাটিয়েছেন—ছোট থেকে হ'য়েছেন বড়, উক্রাইনের

শিল্প-সমৃদ্ধির সাথে সাথে। বড় হ'য়ে তিনি এরই বন্ধুর ভূমির উপর দিয়ে শিশু-সোভিয়েটকে রক্ষা করার জন্য সংগ্রাম ক'রেছেন। উত্তর থেকে দক্ষিণ আর পূব থেকে পশ্চিমে চালিয়েছেন তাঁর সৈনিক ঘোড়-সাওয়ারদের।

যখন তিনি প্রথম চক্ষু মেলে চেয়েছেন তখন ডন্-বাস ছিল দ্রুত-বর্দ্ধমান শিল্পের কেন্দ্র। বিদেশী ধনিকের ধনে তখন রাশিয়ার এতদঅঞ্চলে চ'লেছে আধুনিক শিল্প-প্রসার।

জীবনে প্রথম যে অর্থটুকু ভরোশিলভ নিজে রোজগার ক'রেছিলেন সে অর্থ ছিল ভিক্ষাজ্জিত। তখনকার রাশিয়ায় ভিক্ষাকরাটা একটা তেমন ঘৃণ্য ব্যাপার ছিল না। বড় বড় ধনীলোকেরা সেকালে ভিক্ষা দিয়ে পূণ্যার্জ্জন ক'রতেন। কাজেই তাঁরা যাতে পূণ্যার্জ্জন ক'রতে পারেন সেজন্য ভিখারী-জিনিষটা তখনকার কালে প্রয়োজনীয় ব'লে ধরা হ'ত। ভিখারী না থাকলে ভিক্ষা দেবেন কাকে, আর ভিক্ষা না দিলে পূণ্য হবে কোথা থেকে? মাত্র সাত বছর যখন তাঁর বয়স তখন ভরোশিলভ নিজের খোরাকী রোজগার ক'রতে আরম্ভ করেন, প্রথমে খনিতে মাত্র দুআনা পরিমাণ বেতনে। তারপর কিছুদিন খনিতেই বাতিধরার কাজ ক'রতেন। ছোটছেলের মন, খনির কাজ ভাল লাগেনা,—আলো-বাতাসের মুখ দেখতে চায়। তাই ভরোশিলভ খনি ছেড়ে একটী কৃষকের খামারে কাজ নিলেন। সেখানে কিছুদিন কাজ করার

পর এক স্থানীয় জমিদারের বাড়ী রাখালের কাজ জুটল। যাহোক রাখালের কাজ তবু অনেক ভাল, মাঝে মাঝে গরু ছেড়ে গাছের গুঁড়িতে হেলান দিয়ে একটু জিরনো যায়—অনেক জিনিষ ভাবতেও পারা যায়। তাই ভরোশিলভ কেবল ভাবতেন "কেমন ক'রে লেখা পড়াটা শিখতে পারি।" আর রোজগারের পয়সা জমিয়ে জমিয়ে রাখতেন কারণ লেখা-পড়া তিনি শিখবেনই—এ তাঁর দৃঢ় সঙ্কল্প।

যখন তাঁর তের বছর বয়স তখন প্রাথমিক পাঠশালায় ঢুকবার এক সুযোগ জুটে গেল। ছ'বছরের জমা করা রোজগার নিয়ে তিনি ঢুকলেন পাঠশালায়।

মাত্র বছর দুই তাঁর পাঠশালায় থাকার মেয়াদ। কিন্তু ভরোশিলভ জানতেন তাঁর কি দরকার। একবার তিনি যদি লিখতে প'ড়তে পারেন তারপর তিনি নিজে তাঁর কাজ ক'রে নেবেন। তাই কোনরকমে লিখতে আর প'ড়তে শিখে আবার পেটের ধান্দায় চল্লেন।

পাঠশালা ছেড়ে ভরোশিলভ এলেন "লুগানস্কের" ধাতুর কারখানায়। সেখানে তিনি তাঁর প্রখর বুদ্ধিমত্তার পরিচয় দিতে লাগলেন এবং শীঘ্রই কপিকলের ইঞ্জিনিয়ারের কাজ পেলেন। তখন থেকেই তিনি পরিচয় দিতে লাগলেন যে, তাঁর দৃঢ়তার সাথে কাজে লেগে থাকার প্রবৃত্তি অত্যন্ত প্রবল।

কিন্তু শীঘ্রই তিনি তাঁর বুদ্ধিমত্তার পবিচয অন্যদিকেও দিতে লাগলেন। যদিও এদিকে তাঁর প্রতিভার বিকাশটা কাবখানার মালিকদের মোটেই ভাল লাগত না। তিনি ভীষণ ভাবে পড়াশুনা আবম্ভ ক'রলেন—আর তাঁর পড়ার প্রিযবস্তু হ'যে উঠল যত বেআইনী পুস্তিকা, যার আগাগোড়া বিপ্লবী রাজনীতিতে ভরা থাকত। কিন্তু তার চেযেও সাংঘাতিক কথা, তিনি আবার তাঁব সহকর্ম্মিদেব মধ্যে ঐগুলি বিলি ক'রতেন এবং তাদের সাথে ঐগুলিরই উপর ভিত্তি ক'রে অবিশ্রান্ত আলোচনা চালাতেন।

ভরোশিলভের জীবনে মতবাদ এবং কার্য্যক্ষেত্রে তাব প্রযোগ কখনও খুব দূবে থাকে নাই।

"কার্য্যতঃ প্রযোগহীন মতবাদ হ'ল বন্ধ্য আর মতবাদ-হীন কর্ম্ম হ'ল অন্ধ" কম্যুনিষ্টদেব মধ্যে অতি প্রচলিত এই কথাটী তখনও যদিও ক্লেমের কানে পৌছায নাই, কিন্তু যদি পৌছ ত তিনি তৎক্ষণাৎ তা সমর্থন ক'রতেন। কারণ তিনি নিজে ব্যক্তিগতভাবে এই কথার মূল্য দৈনন্দিন জীবনে প্রত্যক্ষ ক'রতেন। বেআইনী কাগজপত্রে যে সব মতবাদ পড়তেন প্রতিনিযত সেগুলিকে তিনি কাজে পরিণত করার চেষ্টা ক'রতেন।

তাঁর চেষ্টার ফল হ'ল। ১৮৯৯ সালে লুগান্স্কে প্রথম ধর্ম্মঘট হ'ল। ভরোশিলভ ধর্ম্মঘট পরিচালনা ক'বলেন,

তাঁর জীবনে এই প্রথম ধর্ম্মঘট। তখন তাঁর বয়স মাত্র ১৮ বছর।

ঐ বছরেই আরও একটি ধর্ম্মঘট পরিচালনা ক'রে আংশিক সফলতা পাওয়া গেল। কিন্তু পুরস্কারস্বরূপ তিনি আর নিজেকে লুকিয়ে রাখতে পারলেন না, গোয়েন্দা-পুলীশের নজরে প'ড়তে হ'ল। কাজেই লুগান্‌স্ক ছাড়তে বাধ্য হ'লেন। পরবর্ত্তী তিন বছর কাল তিনি লুগান্‌স্ক ছেড়ে এখানে-সেখানে ঘুরে বেড়াতে থাকেন। এই সময় তাঁর বিপ্লবী-জীবন পুরাপুরি ভাবে আরম্ভ হয়।



অগ্নি-দীক্ষা

যে তিন বছর ভরোশিলভ তাঁর পলাতক জীবন অতিবাহিত ক'রছিলেন, ১৯০০ থেকে ১৯০৩ সাল পর্য্যন্ত, এই তিন বছরে রাশিয়ার অভ্যন্তরে ভীষণ আলোড়ন চ'লছিল। এই সময় রাশিয়ায় অর্থসঙ্কট বিশেষভাবে আঘাত করে। শুধু উক্রাইনেই কমপক্ষে ৩,০০০ হাজার কারখানা বন্ধ হয়ে যায়। চারিদিকে মজুর-ছাঁটাই ও মজুরী-ছাঁটাই অবাধে চ'লতে থাকে। মজুররা এর প্রত্যুত্তর দিতে আরম্ভ করল, প্রথম প্রথম হরতাল ও অর্থনৈতিক ধর্ম্মঘট ক'রে। কিন্তু শীঘ্রই রাজনৈতিক দাবীও আরম্ভ হল। শত শত লোক গ্রেপ্তার হ'তে লাগল। ছাত্রদের মধ্যেও ভীষণ অসন্তোষ দেখা দিল। গভর্ণমেণ্ট ইউনিভার্সিটি বা বিশ্ববিদ্যালয় বন্ধ করতে লাগলেন, শত শত ছাত্রদের বন্দী করতে লাগলেন এবং অনেককে সৈন্যদলে যোগ দিতে বাধ্য ক'রলেন। ফলে ৩০,০০০ হাজার ছাত্র ও শিক্ষকদের সাধারণ-ধর্ম্মঘট আরম্ভ হল।

এদিকে দমন-নীতি হ'ল আরও প্রবল। চারিদিকে ধর-পাকড় অসম্ভব বেড়ে গেল। কিন্তু তবুও এসময়ে ক্ষমতা থাকলে পুলিশের চক্ষু এড়িয়ে থাকা যেতে পারত—আর ভরোশিলভের সে ক্ষমতা ছিল। তিনি কখনও প্লাকড

কখনো ভলোদকা ইত্যাদি বিভিন্ন নামে নিজেকে চালাতে লাগলেন।

কিছুকাল এমনিভাবে কাটাবার পর ভরোশিলভ এখন লুগ্যান্স্ক-এ প্রত্যাবর্ত্তন করা অনেকখানি নিরাপদ ভাবলেন। তাই তিন বছর পরে মেসার্স হার্টম্যানের কারখানার বিজলী বিভাগে একটি চাকরি নিয়ে তিনি লুগান্স্কে ফিরলেন। ইতিমধ্যে তাঁর রাজনৈতিক অভিজ্ঞতা বেড়েছে প্রচুর—যদিও বয়স তাঁর তখন ২২ বছর মাত্র, তবুও লোকে তাঁর কথায় যথেষ্ট গুরুত্ব আরোপ করতে আরম্ভ ক'রেছে।

এই ১৯০৩ সালেই ভরোশিলভ রাশিয়ার তদানিন্তন সর্ব্বাপেক্ষা অগ্রগামী দল সোস্যাল ডেমক্রাটিক পার্টিতে যোগদান করেন। এই পার্টিই পরে ভেঙ্গেচুরে লেনিনের হাতে বলশেভিক ও আরও পরে কম্যুনিষ্ট পার্টিতে পরিণত হয়। ভরোশিলভ লুগানস্ক ফিরতেই সেখানকার শ্রমিকরা তাদের স্থানীয় কমিটির সভাপতিপদে তাঁকে নিযুক্ত করে দিল।

এই সময়ে ভরোশিলভ রাজনীতিতে তাঁর নিজস্ব অবদানের পরিচয় দিতে আরম্ভ করেন।

ভরোশিলভ এইখানেই প্রথম সশস্ত্র প্রতিরোধের গুরুত্ব উপলব্ধি ক'রতে পারেন। ২০ বছর পরে যেমন তিনি আধুনিক জগতের সর্ব্বাপেক্ষা বৃহৎ সৈন্যবাহিনীর নির্ম্মাণ-কারীরূপে নিজের পরিচয় দেন তেমনি এইখানে তিনি

শ্রমিকদের রক্ষী বাহিনী সংগঠনকারীরূপে নিজের পরিচয় দেন।

এই সময় যখনই কোন শ্রমিকদের সভা ইত্যাদি হ'ত তখনই "কসাক্" সৈনিকদের দ্বারা সভা ভেঙ্গে দেওয়ার সম্ভাবনা থাকত খুব বেশী। কসাকদের বুট আর চাবুকে ভরোশিলভ এবং তাঁর বন্ধুরা সকলেই অস্থির হ'য়ে উঠলেন। শেষে তাঁরা ঠিক ক'রলেন যে, কসাকদিকে সশস্ত্র উপায়ে প্রতিরোধ করা প্রয়োজন। শ্রমিকরা ছোট-ছোট দল গঠন ক'রে বিদেশ থেকে আমদানি করা রিভল্‌ভারের দ্বারা নিজেদের সজ্জিত করতে লাগল এবং পুলিশ তাদিকে আক্রমণ করলে তারাও প্রবল বেগে প্রতিআক্রমণ ক'রতে লাগল। এইভাবে তারা পুলিশের আক্রমণ থেকে সভাস্থ সমবেত জনতাকে রক্ষা ক'রে তাদিকে নিরাপদ স্থানে সরিয়ে দেওয়ার ব্যবস্থা করত। আবার সময় সময় পুলিশের হাত থেকে নিজেদের ধৃত বন্ধুদের ছাড়িয়েও আনত।

কিন্তু তাঁর এই ছোট দলটিকে ভালভাবে অস্ত্রসজ্জিত করা ভরোশিলভের পক্ষে খুব সহজ ব্যাপার ছিল না। তবু ভরোশিলভ ছাড়বার পাত্র নন। তিনি মেয়েদের পোষাকের বাক্সের ভিতর লুকিয়ে ফিনল্যাণ্ড থেকে রিভলভার আমদানি ক'রতে লাগলেন। বোমা তৈরী করা বা যোগাড় করা অবশ্য অনেকটা সোজা—তাও হ'তে লাগল। ওদিক থেকে

যারা ডিনেমাইটের কারখানায় কাজ ক'রত তারা ডিনেমাইটের যোগাড ক'রল। এমনকি সময় বুঝে ব্যবহারের জন্য দু' একটা মেশিনগানেরও ব্যবস্থা হ'ল। ভরোশিলভ অতি ছোটখাট অস্ত্রকেও অকেজো বলে ফেলে দেবার লোক নন। কথিত আছে, পকেটে বালি ভর্ত্তি রেখে সময় বুঝে বিপক্ষের চোখে ছুড়ে দেওয়ার কৌশল তিনিই প্রচলন করেছিলেন। এই অভিনব "টিয়ার গ্যাস" বা "কাঁদুনে গ্যাস" সময় সময় আশ্চর্য্যরকম ফল দিত। এই প্রকার নানান উপায়ে ভরো-শিলভ তাঁর ছোট দলটিকে বেশ একটা সুসংগঠিত দলে তৈরী ক'রে সংগ্রামশীল ক'রে তুলতে লাগলেন।

ইতিমধ্যে পুলিশ তাঁকে একবার ধ'রে ফেলে এমন মার দিল যে তিনি অজ্ঞান হ'য়ে প'ড়লেন। কিন্তু সারা জেলায় সাধারণ ধর্ম্মঘটের ভয়ে পুলিশ শেষে তাঁকে ছেড়ে দিল। ছোট্ট এই ব্যাপারটা থেকেই দেখা যায় জাগ্রত জনগণের শক্তি কোন্‌খানে এবং কর্ত্তৃপক্ষেরই বা দুর্ব্বলতা কোথায়। পুলিশ ভরোশিলভকে বন্দী ক'রল বটে, কিন্তু তাঁকে সেখানে রাখতে পারল না—ভরোশিলভকে সেখানে রাখলে যে অবস্থার সৃষ্টি হ'ত, তার সম্মুখীন হ'তে তাদের সাহসে কুলাল না। এই লুগান্‌স্কে থাকতে ভরোশিলভের আর একটা বিষয়ে জ্ঞান হ'ল—সে জ্ঞান তাঁর সৈনিক জীবনের সাথে ওতঃপ্রোতভাবে জড়িত। ভরোশিলভ এই সময় প্রথম উপলব্ধি করেন যে,

সৈন্যদের রাজনৈতিক জ্ঞান থাকা এবং রাজনৈতিক ঘটনা সমূহ সম্বন্ধে স্বচ্ছ ধারণা থাকা কত বেশী প্রয়োজন। তাঁকে নানান ধরণের লোক নিযে কাজ ক'রতে হ'ত। এদের মধ্যে কাজ ক'রতে ক'রতে তিনি দেখতে পান যে, যে-সব সৈনিকদের মধ্যে লেনিনের শিক্ষা মজ্জাগত হয়েছে, তাদের শৃঙ্খলারক্ষাব জন্য তাঁকে মোটেই চিন্তা ক'রতে হ'ত না। তারা ঠিক সময়ের ঠিক কাজটা আগে থেকেই আন্দাজ ক'রতে পারত, অথচ আদেশ না পাওযা পর্য্যন্ত কাজে নামত না। অন্যদিকে যাদেব রাজনৈতিক জ্ঞান অল্প ছিল তারা সব সময গণ্ডগোল পাকাত।'

১৯৩৯ সালে সোভিযেট ইউনিযনের কম্যুনিষ্ট পার্টির অধিবেশনে তিনি ফৌজেব রাজনৈতিক জ্ঞান সম্বন্ধে বলেন, "শান্তির সময লাল যৌজ হ'ল একটা বিরাট পাঠাগার। হাজার হাজার লোক এখানে এসে কেবল তাদের নিজস্ব বিষয সম্বন্ধেই শিক্ষালাভ করে না, কেমন ক বে শত্রুকে ধ্বংস ক'বতে হবে শুধু সেইটুকুর জ্ঞানই তারা পায় না, তাদের সবচেযে বড অধিনায়ক থেকে আরম্ভ ক'রে ক্ষুদ্রতম সৈনিক পর্য্যন্ত সব সময রাজনৈতিক জ্ঞান বাডাবার চেষ্টায নিযুক্ত, সব সমযেই তারা মার্কস্‌বাদ-লেনিনবাদেব সূত্রগুলি মজ্জাগত করার জন্য সচেষ্ট।"

তিনি বলেন, "বিদেশী ধনতান্ত্রিক রাষ্ট্রগুলির সৈন্যদের

জন্য রাজনীতি-চর্চ্চা নিষিদ্ধ কিন্তু আমাদের সৈন্যের আসল শক্তিই হ'ল তার রাজনৈতিক জ্ঞান।"

ভরোশিলভ বরাবর এইরূপ মতবাদ নিয়েই কাজ ক'রে এসেছেন। আর তাঁর এই মতের প্রয়োগ আরম্ভ হ'যেছে লুগান্‌স্কের রাস্তায়, পার্কে, পুলিশের সাথে ছোট-খাট লড়াইয়ের মধ্যে।

কিন্তু কিছুদিনের মধ্যেই এই ছোট ফৌজের ভাগ্যে সত্যিকার একটা লড়াইযের সুযোগ এসে প'ড়ল।

১৯০৪ সালে বাকুতে পেট্রলের শ্রমিকদের এক বিরাট সাফল্যমণ্ডিত ধর্ম্মঘট হ'যে গেল। ১৯০৫-এর ৩রা জানুয়ারী সেণ্টপিটার্সবার্গে (এখন লেনিনগ্রাড) ধর্ম্মঘট আরম্ভ হ'ল। তারপর একবছর ধ'রে, একদিকে রুশ-জাপ যুদ্ধে বিপর্য্যয় ও অন্যদিকে অন্তর্বিপ্লবের মধ্যে জীর্ণ জারতন্ত্র প্রতিদিন ধ্বংসের মুখে কাটাতে লাগল। "রক্তাক্ত রবিবারে" জারের প্রাসাদের সামনে নিরস্ত্র, বুভুক্ষু, সাহায্যপ্রার্থী জনতার উপর জারের রক্ষীদল গুলি চালিযে ৩০০০ লোককে আহত ও নিহত ক'রল। ওদিকে কৃষ্ণসাগরে যুদ্ধ-জাহাজ পোটেম্‌কিনের নাবিকরা বিদ্রোহ ক'রে জাহাজ নিযে রুমানিয়ায পাড়ি দিল। চারিদিকে শ্রমিক ধর্ম্মঘট, কৃষকদের উত্থান, সিপাহী-বিদ্রোহ আর রাস্তায় রাস্তায় সশস্ত্র লড়াই দৈনন্দিন ব্যাপার হ'য়ে দাঁড়াল। ভরোশিলভ এই বৎসরে তাঁর কর্ম্মক্ষমতার প্রকৃত

পরিচয় দিলেন। দিনের পর দিন লেনিনের বিদেশ থেকে সম্পাদিত সংবাদপত্র "ইস্‌ক্রা" বা "স্ফুলিঙ্গ" তিনি শুধু প'ড়ে আসেননি, তাঁর কমরেডদের পড়িয়েছেন ও বুঝিয়েছেন। লেনিন এই ইস্‌ক্রায় লিখেছেন, "শ্রমিকের পার্টি অবসর সময়ের কাজ করা বিপ্লবীদের দিয়ে চ'লতে পারে না, বিপ্লবের প্রতি সহানুভূতিশীল অথচ বিপ্লব সম্বন্ধে ধারণা যাঁদের অস্পষ্ট এমন কর্ম্মি দিয়েও বিপ্লব আসতে পারে না—আর বিপ্লব আপনাহ'তেও হয়ে যাবে না, তার জন্য সুসংবদ্ধ, নিয়ত কর্ম্ম-নিযুক্ত, মার্কস্‌বাদের মতবাদের সম্বন্ধে অসন্দিগ্ধ কর্ম্মিদের নিয়ে গঠিত পার্টির প্রয়োজন। কেবলমাত্র এই রকম পার্টির দ্বারাই বিপ্লব সম্ভব হ'তে পারে।" ভরোশিলভ লেনিনের এই সব লেখা পড়তেন আর তাঁর বন্ধুদের পড়াতেন।

লুগানস্কের বোটানিক্যাল গার্ডেনে যখন প্রেমিক প্রেমিকারা অবসর বিনোদনের জন্য বেড়াতে যেত, সেই সময় ঝোপ-ঝাপের মধ্যে ভরোশিলভ লেনিনের লেখাকে তাঁর কর্ম্মস্থলে কাজে পরিণত করার জন্য কর্ম্মিদিকে তৈরি ক'রতেন। তাই যখন ১৯০৫ সাল এল, তার আগে থেকেই ভরোশিলভ জানতেন তাঁর কর্ত্তব্য কি এবং বিপ্লবের জন্য কি করতে হবে। বিপ্লব যে ভাববিলাসী য্যানার্কিষ্ট বা চেয়ারে ব'সে ব'সে থিওরি আওড়াতে আর বকর বকর করতে অভ্যস্ত সোস্যালিষ্টদের মুখের কথায় হবে না, একথা তাঁর চেয়ে কেউ বেশী জানত না।

তাই ভরে'শিলভ তাঁর অঞ্চলের শ্রমিকদেব প্রস্তুত করার চেষ্টার ত্রুটী কবেন নাই। ভরোশিলভেব নেতৃত্বে লুগানস্কের মজুবরা ১৯০৫ সালে, পেট্রোগ্রাড ও মস্কো প্রভৃতি সহবের মজুবদের মত কর্তৃপক্ষের সঙ্গে কযেকবাব বিশেষ বীরত্বেব সঙ্গে সংগ্রাম চালায়। কিন্তু সমগ্র রাশিযা তখনও প্রস্তুত ছিল না। তাই শেষ পর্যান্ত ১৯০৫ সালেব বিদ্রোহে কোনপ্রকারে জাবতন্ত্র কাটিযে উঠল। জারতন্ত্র যদিও কিছু কিছু দাবী মেটাতে বাধ্য হযেছিল, তবুও বিপ্লব তাবা সামযিকভাবে দমন ক'বতে সক্ষম হ'ল। একমাত্র লেনিনেব পার্টি ছাড়া তখন আর কাবও বিপ্লব সম্বন্ধে স্বচ্ছ ধারণা ছিলনা, অথচ তখনও লেনিনের পার্টির প্রভাব খুব বেশী বিস্তার লাভ ক'রতে পাবে নাই—বিশেষ কবে কৃষকদের মধ্যে পার্টিব কাজ তখনও বেশী দূর অগ্রসর হয় নাই।

যাইহোক, ১৯০৫ সালের পর লেনিনের দল আবার সংগঠনে মন দিলেন। লেনিন ফিনল্যাণ্ডে আশ্রয নিলেন—অন্যান্য নেতাবা পশ্চিম ইউরোপে আশ্রয নিলেন। আর লুগানস্কে এক যুবক গোলা-বারুদ, বন্দুক, রিভলভার সব স্থানান্তরিত ক'রে লুকিযে রাখার জন্য নিষ্ঠার সাথে ও শৃঙ্খলাব সাথে ব্যবস্থা ক রলেন। তিনি জানতেন একদিন আবার এই সমস্তই কাজে লাগবে।

কিন্তু তিনি তখন জানতেন না যে, একদিন লুগানস্কের নাম রাশিয়ার ম্যাপ থেকে উঠে যাবে আর সেই যায়গায় লেখা থাকবে—"ভরোশিলভগ্রাড"।

পলাতক

১৯০৬ সাল। স্টকহল্মে পার্টি সম্মেলন। সবসমেত ১১১ জন সোস্যাল-ডেমক্রাটীক দলের সদস্য সেখানে সমবেত হ'যেছেন। যদিও এই সময বাশিয়ার সম্রাট জার, গণতন্ত্রেব ভেল্কি দেখাচ্ছিলেন তবুও পার্টি সম্মেলন রাশিয়ার মধ্যে ডাকা সম্ভব হয নাই, কারণ এক সঙ্গে সবাই ধরা পডলে মহা বিপদ হ'ত। ১১১ জন যাঁরা এসেছিলেন তাঁরা সবাই প্রায যুবক। কিন্তু সকলে লেলিনের সমর্থক নন। জন পঞ্চাশেক মাত্র তাঁব সমর্থক। এই জন পঞ্চাশেকেব মধ্যে ছিলেন ভরোশিলভ। তাঁব জীবনেব মাত্র কযেকবার বিদেশ-যাত্রার মধ্যে এই স্টকহল্ম আগমন অন্যতম। সুইডেন দেশ খুব সুন্দর—আব তার এই রাজধানী ইউরোপের মনোমুগ্ধকর সহরের অন্যতম।

কিন্তু ভরোশিলভ শুধু সুন্দব সহব দেখতে আসেন নাই। তিনি এসেছেন পার্টিব কাজে—। তিনি ষ্টকহল্মে এসে দেখতে পেলেন পার্টির আসল লোক—লেলিনকে—যাঁর নির্দ্দেশ কাজে পরিণত ক বতে তিনি দৃঢ় সঙ্কল্প।

লেনিনেব সঙ্গে ভবোশিলভ-এর এই প্রথম সাক্ষাতের স্মৃতি ডেনিস হুইট্‌লে লীপিবদ্ধ ক'বেছেন। ভরশিলভ বলেছেন "আমাব জীবনের সেদিনের ঘটনা আমার এখনও

পুঙ্খানুপুঙ্খভাবে মনে আছে। আমার কাছে লেনিনের সব কিছুই যেন মনে হচ্ছিল অনন্য সাধাবণ—তাঁর কথা বলার ধরণ, তাঁর সহজ অনবদ্য ভাব, সবের উপব তাঁব তীক্ষ্ণ, সর্ব্বভেদী, অন্তর উদ্ঘাটনকাবী চোখ দুটো সম্পূর্ণ অনন্য সাধারণ মনে হচ্ছিল।"

১৯০৬ সালের এই সম্মেলনে লেনিন সাময়িকভাবে তাঁর বিপক্ষপাতি বন্ধুদেব হাতে পবাজিত হ'লেন। কিন্তু ভরোশিলভ দ্বিধাহীন চিত্তে লেনিনের সমর্থক রইলেন। শিল্পকেন্দ্র ও সহর থেকে আগত অধিকাংশ সদস্যই তাই ছিলেন। বিরুদ্ধতা এসেছিল ছোটখাট সহর ও পল্লী অঞ্চলেব সদস্যদের কাছ থেকে।

স্টকহল্ম সম্মেলনে আর একটী লোকেব সাথে ভরোশিলভের পরিচয হয এবং এর পর থেকে ক্রমে ক্রমে তিনি অতি ঘনিষ্ঠ-ভাবে তাঁর সাথে কাজ ক'রতে থাকেন। ষ্টালিনও স্টকহল্ম্ সম্মেলনে সমবেত ছিলেন। ভবোশিলভ এর বয়স তখন ২৫ বছব, ষ্টালিনের ২৭ আব লেনিন সেই মাসেই ৩৬ সে পা দিযেছেন। এই সমস্ত চল্লিশ বছবের কম বযস্ক সব যুবকবা জগতেব এক প্রধান সমস্যার সমাধান ক'বতে সমবেত হ'যেছে এবং তাবা তা ক'ববেই, একথা সেদিনকার পক্ককেশ রাজনীতিক বা অতিজ্ঞাণী সংবাদ পত্রেব সম্পাদকদিকে ব লতে গেলে তারা হেসেই উড়িয়ে দিত কিন্তু বাস্তব ঘটনায দেখা

যাচ্ছে প্রায় ১০ বছরের মধ্যে তারা পৃথিবীর ছয় ভাগের এক ভাগে মজুর কৃষকের স্বাধীনতা এনেছে এবং আর বাকি অংশের মজুর কৃষকের ভবিষ্যতের উপরও তাদের অনন্য সাধারণ প্রভাব বিদ্যমান।

স্টকহল্মের পরাজয়ের পর এক বছর কেটে গেল। ১৯০৭-এ লণ্ডনে আবার সম্মেলন ব'সল। মে মাসের রৌদ্রজ্বল লণ্ডন, পার্কে পার্কে, গাছে গাছে, নতুন সবুজের অভিযান আরম্ভ হ'য়েছে। লেনিন তাঁর বন্ধুদের নিয়ে সমস্ত দেখিয়ে বেড়াচ্ছেন। বৃটীশ মিউজিয়ম্, যেখানে একদিন কার্লমার্কস্ ব'সে ব'সে লিখেছেন তাঁর "ড্যাস ক্যাপিটাল" লেনিন মহোৎসাহে বন্ধুদের দেখাচ্ছেন সেই জায়গা। তিনি নিজেও সেখানে "রিচটার" নামে পরিচয় দিয়ে ব'সে ব'সে কাজ করেন এখবরও দিচ্ছেন বন্ধুদের।

কিন্তু লেনিন কর্ম্মক্ষেত্র থেকে আগত বন্ধুদের কাছে স্থানীয় খবর জানতে ভালবাসতেন। তাঁদিকে প্রশ্ন ক'রতে ও চুপ ক'রে ব'সে ব'সে তাঁদের বিবরণ শুনতে তাঁর ভাল লাগত। ভরোশিলভ তাঁর নিজের অঞ্চলের বেশ আশাপূর্ণ বিবরণ দিতে সক্ষম হ'লেন।

জার নিজের তৈরি মাকাল ফল, ডুমা (বা পরিশদ)কে যেটুকু কাজ ক'রতে দিয়েছিলেন তার মধ্যে একটা হ'ল শ্রমিকদের ইউনিয়ন বা সংঘ গড়বার অধিকার দান। এই

অধিকার পাওয়া মাত্র ভরোশিলভ তাঁর হার্টম্যানের কারখানার সহকর্ম্মি শ্রমিক বন্ধুদের নিয়ে ইউনিয়ন সংগঠন ক'রলেন। তিনি হ'লেন সেই ইউনিয়নের সভাপতি এবং তার সভ্য সংখ্যা অল্প সময়ের মধ্যেই কয়েক হাজার হ'য়ে গেল। তাঁর "লড়ায়ের দল" সম্বন্ধে জিজ্ঞাসা করায় তিনি সংবাদ দিলেন যে এখন তার থেকে নতুন একটী বাহিনী গড়া হ'য়েছে। বেশীর ভাগ তাঁর হার্টম্যানের কারখানার বন্ধুদের নিয়ে গঠিত ৭০০ জনের এই বাহিনীর নাম দেওয়া হ'য়েছে "রেড্ গার্ড" বা "লাল রক্ষী"। সব মিলিয়ে ভরোশিলভকে ষ্টকহল্মের চেয়ে লণ্ডন সম্মেলন অনেক ভাল লেগেছিল। গত বারের চেয়ে সম্মেলন আরও অনেক বড় হ'য়েছিল আর তার চেয়েও বড় কথা ৩৩৬ জন প্রতিনিধির মধ্যে বলশেভিকদের কার্য্যকরী সংখ্যা-গরিষ্ঠতা ছিল। এখন লেনিন আগের চেয়ে অনেক সুবিধাজনক অবস্থায় ছিলেন। তাই ভরোশিলভ পার্টি সম্বন্ধে অনেকটা স্বস্তির ভাব নিয়ে দেশে ফিরলেন।

কিন্তু বেশীদিন তাঁকে পুলিশ তিষ্টতে দিলনা। তাঁর এই বার বার বিদেশে যাওয়া পুলিশের নজরে প'ড়লে তারা বুঝতে পারল ভরোশিলভ একজন নেহাত গোবেচারা ট্রেড ইউনিয়ন কর্ম্মি-ই নন—তিনি আরও অনেক বিপদজনক। সুতরাং তাঁর গ্রেপ্তারের আদেশ হ'ল।

কয়েক সপ্তাহ ধ'রে তিনি এখানে ওখানে ফেরারী হ'য়ে

কাটালেন। জন-সাধারণও তাঁকে বাঁচাবার জন্য আপ্রাণ সাহায্য ক'রতে লাগল। পুলীশ তখন সাধারণ লোকের মধ্যে গুপ্তচর বসাতে আরম্ভ ক'রল এবং অর্থের লোভ দেখিয়ে কিছু কিছু লোককে বস্ করতে লাগল। এই রকম একজন বিশ্বাসঘাতক লোক একদিন ভরোশিলভকে পুলিশে ধরিয়ে দিল। বিচারে ভরোশিলভের উপর তিন বছরের জন্য উত্তরে শ্বেত সাগরের তীরে আরকেঞ্জেল্ বন্দরে নজরবন্দী থাকার আদেশ হ'ল। কিন্তু তিনি সেখানে বেশীদিন থাকলেন না। একজন অভিজ্ঞ বিপ্লবীর পক্ষে নজরবন্দী অবস্থা থেকে পালান এমন কিছু শক্ত কথা নয়। শক্ত হ'ল পালিয়ে এসে পুলিশের নজর এড়িয়ে থাকা। তাই ভরোশিলভ আর্কেঞ্জেল থেকে সরে এসে তখনকার মত উক্রাইনে ফিরে যাওয়াটা নিরাপদ মনে ক'রলেন না এবং সেইজন্য ক্যাসপিয়ান হ্রদের তীরে বিখ্যাত তৈল-ক্ষেত্র বাকু বন্দরে আশ্রয় নিলেন।

ডন্‌বাসের দিগন্তব্যাপী সমতল আর ক্যাসপীয়ন সাগরের তীরে ককেশাস্ পর্ব্বতের পাদদেশের এই বন্দরের মধ্যে পার্থক্য অনেক। এখানে সমবেত হ'য়েছে নানান জাতির নানান লোক। জর্জিয়া, আর্মেনিয়া, রাশিয়া, পারশিয়া, জার্ম্মাণ, কুর্দ, ইহুদী এই সমস্ত বিভিন্ন জাতির বিভিন্ন ধরণের কয়েক লাখ লোক এখানে এসে জুটেছে। কেও এসেছে ধনের উপর ধন বাড়াবার জন্যে আর কেও এসেছে কোনমতে তেলের

খনির মজুর হ'যে পেটের খাবার জোগাড় ক'রতে। কেবল একটী মাত্র জিনিষ তাদিকে একত্রিত ক'রে রেখেছে। সেটি হ'ল "তেল"।

তেলের জন্যই বাকুর জন্ম এবং তেলই তার জীবন। সে সময় বাকুতে ছোট বড় প্রায় ২৭০টী তেলের খনি কাজ ক'রছিল। এই রকম একটী বিভিন্ন জাতির সম্মেলন ক্ষেত্রে পুলিশের দৃষ্টি এড়িয়ে থাকা অনেকটা সহজ।

বাকু আবার ষ্টালিনের দেশে। ষ্টালিনের বাড়ী হ'ল টীফলিস, ক্যাসপিয়ান হ্রদের বন্দর বাকু এবং কৃষ্ণ সাগরের তীরে বাটুম বন্দরের ঠিক মাঝ পথে। এই বাটুম থেকেই বাকুর তেল পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানীর জন্য জাহাজে তোলা হয়। ১৯১৭ সালের বিপ্লবের আগে ষ্টালিনের যা কিছু কাজ তার অধিকাংশই এই তিনটী সহরের মধ্যেই হ'য়েছে।

ভরোশিলভ বাকুতে এসে ষ্টালিনের সাথে সম্পর্ক স্থাপন করে তাঁর নির্দ্দেশ মত কাজ ক'রতে আরম্ভ ক'রলেন। ষ্টালিনের কাছে তিনি অনেক বিষয়ে নূতন জ্ঞান পেলেন।

সোভিয়েট রাষ্ট্রের রাজনীতির ক্রমোন্নতির মধ্যে ষ্টালিনের সব চেয়ে বড় নিজস্ব দান হ'ল তাঁর রাষ্ট্রের অন্তর্গত বিভিন্ন জাতির জাতীয় সমস্যা বোঝবার ও তার সমাধান করার অদ্ভুত দক্ষতা। তখনকার রাশিয়ায় এই সমস্যা পৃথিবীর অন্যান্য দেশের মতই তীব্র ছিল। ষ্টালিনের কাছ থেকে

ভরোশিলভ এই বিষয়ে প্রত্যক্ষ জ্ঞান লাভ করলেন। বিদেশে সম্মেলনাদিতে ট্রট্স্কি প্রমুখ নেতারা যে সব ভূয়া, হাওয়াই আন্তর্জাতিকতার বুজরুকি ঝাড়তেন সে সব সম্বন্ধে সঠিক ধারণা পেয়ে সেগুলির গলদ কোথায় প্রত্যক্ষ বুঝতে পারলেন।

ষ্টালিনই একথা বলেছিলেন যে, যদি কোনও দেশের অর্থ-নৈতিক ও রাজনৈতিক পদ্ধতিটা হয় সমাজতান্ত্রিক, তাহ'লে সে দেশের লোকের পক্ষে নিজস্ব জাতীয় ভাষা, সাহিত্য, আচার, রীতি, গান, নাচ, খেলা ধূলা সম্বন্ধে গৌরব বোধ করার মধ্যে কোন ক্ষতি নেই যদি অবশ্য সে সব আচার ব্যবহার-গুলর মধ্যে খারাপ কিছু না থাকে।

ভরোশিলভ জানতেন উক্রাইনের নিজস্ব জাতীয় ধারা আছে এবং সে ধারা রাশিয়ার অন্যান্য অঞ্চল থেকে ভিন্ন এবং উক্রাইনবাসিদের মধ্যেও একটা জাতীয় মনোভাব আছে। এখনও এই মনোভাব বর্ত্তমান এবং সোভিয়েটের শত্রুরা মনে করে তারা এই মনোভাবকে অবাঞ্ছিত পথে চালিয়ে সোভিয়েট থেকে উক্রাইনকে বিচ্ছিন্ন ক'রতে পারবে। কিন্তু সে আশা ভুল। আজ সে রকম কোন পরিকল্পনার বিরুদ্ধে এমন একটা লোক জীবিত আছেন, উক্রাইনে যাঁর জনপ্রিয়তার সমকক্ষ কেও নাই। ষ্টালিনের কাছেই ভরোশিলভ শিখেছেন যে, নিজের দেশের নিজস্ব ভাষায় কথা বলায় বা তা নিয়ে গর্ব্ব করায় বা তাঁর দেশের প্রধান সহর কীভের সম্বন্ধে উচ্চ ধারণা পোষণ করার

মধ্যে কোন দোষ নাই, কোন ভুল নাই—তবে কেও যদি একথা বলতে চায় যে, সমগ্র সোভিয়েট যুক্তরাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হ'য়ে উক্রাইনের কোন স্বাধীন সম্পর্কচ্যুত রাজনীতি বা অর্থ-নীতি থাকতে পারে, তাহ'লে তার বিরুদ্ধে লাগা অত্যন্ত প্রয়োজন—সে উক্রাইনের মিত্র নয়, সে শত্রু, সে উক্রাইনকে পঙ্গু ক'রে বিদেশী শাসকদের হাতে তুলে দিতে চায়। ষ্টালিনের এই শিক্ষা শুধু ভরোশিলভের মধ্যে নয়, আজ সমগ্র উক্রাইন-বাসীর মধ্যে দৃঢ়ভাবে গেঁথে গেছে। তাই আমরা দেখতে পাচ্ছি দুর্দ্ধর্ষ জার্ম্মান যান্ত্রিক-বাহিনীকে কিভাবে আজ উক্রাইন বাসীরা প্রতিহত ক'রছে। লাল ফৌজ অবস্থাবিপাকে প্রয়োজন বোধে পশ্চাদপসরণ ক'রলেও উক্রাইনের সাধারণ জনগণ গরিলা বাহিনী গ'ড়ে তুলে জার্ম্মান সৈন্যের পশ্চাতে তড়িত আক্রমণে ক্ষতবিক্ষত ক'রছে। ষ্টালিনের বাণী তাদিকে আজ এমনভাবে অনুপ্রাণিত ক'রেছে যে, তারা নিঃশঙ্ক চিত্তে ঘরদোর বাড়ী মাঠ এমন কি মাঠের ফসল পর্য্যন্ত জ্বালিয়ে পুড়িয়ে ধূলিসাৎ ক'রে দিচ্ছে জার্ম্মান সৈন্যকে বাধা দেবার জন্য।

কিন্তু এ জিনিষ একদিনে আসে নাই—অনেক দিনের অনেক সংগ্রামের পর এসেছে এবং ভরোশিলভ সে সংগ্রামের প্রথম প্রত্যক্ষ অভিজ্ঞতা পান বাকুতে। ষ্টালিন ও ভরোশিলভ বাকুতে যদি এই জাতীয় সমস্যা সম্বন্ধে পূর্ব্বোল্লিখিত ধারণার উপর ভিত্তি ক'রে অগ্রসর না হতেন, তাহ'লে সেখানে কাজ

করা সম্ভব হ'ত না। কারণ আমরা আগেই বলেছি যে, বাকু ছিল এক নানান জাতির নানান সমাজের লোকের বাসস্থল। অয়েল্ ম্যাগনেট্ বা তেলের রাজারা—ইহুদী মজুর ও ক্রিশ্চিযান মজুব, আর্ম্মেনিযান মজুব ও রাশিযান মজুব, মুসলমান ও রাশিযান মজুর এই সমস্ত বিভিন্ন জাতির মজুরদের মধ্যে বিবাদ জিইযে রেখে তাদের আন্দোলন দমিযে রাখাব চেষ্টার ক্রুটী ক'রত না। কিন্তু তাদেব এই ষডযন্ত্রেব বাধা হ'যে দাঁডালেন দুটী লোক, ভরোশিলভ এবং ষ্টালিন। ভৌগলিক অবস্থাব দিক থেকে দেখতে গেলে মধ্য ইউরোপ থেকে এতদূরে পারশ্যের কাছাকাছি এই সহবটীর রাজনীতিতে অত্যন্ত পশ্চাদপদ হওযাব কথা। কিন্তু তা হ'তে পারে নাই। আমবা দেখেছি ১৯০৫ সালের বিপ্লবের অগ্নিস্ফুলিঙ্গ দিযেছে ১৯০৪ সালেব ডিসেম্বরেব বাকুর শ্রমিকদের ধর্ম্মঘট। এব পর থেকে বাকু ববাবরই সংগ্রামশীল শ্রমিকদের কার্য্যক্ষেত্র থেকেছে। ষ্টালিন ছিলেন এই সময তাদেব প্রধান পথপ্রদর্শক আব ভরোশিলভ তাঁর প্রধান সহচর। যখন ষ্টালিন গেছেন বিদেশে বা পুলিশের তাডনায লু'কতে বাধ্য হ'য়েছেন বা নির্ব্বাসিত হ'যেছেন তখন তিনি তাঁর বিশ্বস্ত বন্ধুর উপব কাজের ভার দিযে গিযেছেন এবং ভবোশিলভ ও প্রকৃত বলশেভিকেব মত কাজকে এগিয়ে নিযেছেন। এই সময়কার জয় বিপর্য্যয়ের মধ্যেই পরস্পর পরস্পরকে দ্বিধাহীন

ভাবে বিশ্বাস ক'রতে ও পরস্পরের সাথে সহযোগীতা ক'রে কাজ ক'রতে শেখেন। তাঁদের বাকুর এই অভিজ্ঞতা ভবিষ্যতে সিভিল-ওয়াব বা অন্তর্বিপ্লবেব সময় এবং সোভিযেটের কর্ণধাররূপে সোভিয়েট পরিচালনার সময় অনেক সাহায্য করে।

জারের পতন

ইতিমধ্যে পশ্চিম ইউরোপে মহাযুদ্ধ ঘনীভূত হ'য়ে উঠছিল…। বলশেভিকরা অনেক আগে থেকে দেশবাসীকে ও শ্রমিক বন্ধুদিকে এই যুদ্ধের অবশ্যম্ভাবিতা ও যুদ্ধের সময়কার কর্ত্তব্য সম্বন্ধে সচেতন ক'রতে নিশ্চেষ্ট থাকেন নাই।

তাই যখন ১৯১৭ সালের অগাষ্ট মাস এল তখন সে যুদ্ধ বলশেভিকদের কাছে অপ্রত্যাশিত ভাবে আসে নাই।

মহাযুদ্ধ এল। ইউরোপের যত সব ভূয়া সোস্যালিষ্টরা রাতারাতি মত পা-টীয়ে যুদ্ধ সমর্থন করে বক্তৃতা দিতে আরম্ভ ক'রলেন। কিন্তু লেনিন অষ্ট্রিয়ায় গ্রেপ্তার হ'লেন। পরে তাঁকে সুইজারল্যাণ্ডে গিয়ে আশ্রয় নিতে অনুমতি দেওয়া হ'ল। ষ্টালিন তখন সাইবেরিয়ায় সহশ্রম নির্ব্বাসন ভোগ করছেন। আর ভরোশিলভ নিয়ত জাল দলীল দস্তাবেদের সাহায্যে জারের সৈন্যদলে যোগ না দেওয়ার ব্যবস্থা ক'রছেন। শীঘ্রই তিনি গোলাবারুদের কারখানায় নিযুক্ত হ'লেন এবং সেখানে বিদ্রোহের আগুন জ্বালাবার সম্পূর্ণ সুযোগ নিতে লাগলেন।

ভরোশিলভ নিজের প্রাণ বাঁচাবার জন্য যুদ্ধ থেকে সরে থাকতে চান নাই আর নিছক শান্তিবাদীও ছিলেন না। বলশেভিকরা যুদ্ধের আগের থেকেই ব'লে দিয়েছে যুদ্ধে তারা

কি পথ গ্রহণ ক'রবে। তারা ব'লে দিয়েছে ধনতান্ত্রিক সমাজ বেঁচে থাকতে যুদ্ধ অবশ্যম্ভাবী এবং সে যুদ্ধে শ্রমিক ও জনসাধারণের কোন স্বার্থ নাই। কাইজারে আর জারের লড়াইয়ে মজুরের কোন সুবিধা নাই—কেবল অত্যাচার আছে—তাই তাদের উচিত হবে উভয়কেই উৎখাত করা—সম্রাজ্যবাদী যুদ্ধকে অন্তর্যুদ্ধে পরিণত করা।

ভরোশিলভ তার পার্টির এই নির্দ্দেশ নিয়ে বাকু ত্যাগ ক'রলেন। কিন্তু লুগান্স্ক্ বা ডন্বাস তখনও তাঁর জন্য নিরাপদ নয় বরং বেশী বিপদজনক। তাই তিনি বাকু থেকে প্রথমে ভল্গা নদীর তীরে জারিতসিনে আশ্রয় নিলেন। কিন্তু জায়গাটা তাঁকে বড় একঘেয়ে মনে হ'ল। তাই সেখান থেকে গেলেন তিনি পেট্রোগ্রাডে। পেট্রোগ্রাডে এসে ভরোশিলভ গোলাবারুদের কারখানায় ভর্ত্তি হ লেন। একদিকে সেখানে দৈনিক বার ঘণ্টা কাজ করেন আর অন্যদিকে বাকী যেটুকু সময় পান তিনি পার্টির কাজে মন দেন। বলশেভিক পার্টির প্রভাব এই সময় জনসাধারণের মধ্যে বিশেষ ভাবে বাড়তে আরম্ভ করে। মজুররা ছোট খাট থেকে আরম্ভ ক রে বড় বড় সাধারণ ধর্ম্মঘটের মধ্য দিয়ে নিজেদিকে প্রস্তুত ক রতে থাকে। শেষে জারতন্ত্রের শেষ সহায়—সৈন্যদের মধ্যেও বলশেভিকরা বিশেষ ভাবে কর্ম্মতৎপরতার সাথে কাজ ক'রতে থাকেন।

জারতন্ত্রের ফৌজদেব মধ্যে সাধারণ সৈনিকদের দুর-অবস্থার সীমা ছিল না। তারা অধিকাংশ বুভুক্ষু-কৃষকদের মধ্য থেকে পেটের দাযে যুদ্ধ ক'রতে আসত। তাদিকে না দেওয়া হ'ত শিক্ষা, না দেওয়া হ'ত ভাল থাকাব ব্যবস্থা, না পেত তারা ভাল ব্যবহাব। কোথাও কোথাও সহরেব পার্কে লেখা থাকতে দেখা যেত "কুকুব ও সৈনিকদেব প্রবেশ নিষেধ।" অথচ যে সব অফিসাবরা তাদেবকে মৃত্যুর সামনে এগিযে দেওযার কাজ পরিচালনা ক'বত তারা সবই হ'ত বড ঘবেব সন্তান, তাবা মদ, মেযে আব স্ফূর্ত্তিব মধ্যে জীবন যাপন ক'বত। তাবা যদিও অনেক সময দুঃসাহসী হ'ত কিন্তু তাদেব কার্য্যদক্ষতাব বালাই ছিল না। গোটা ফৌজটাই এক বৃশৃঙ্খলাব মধ্যে পবিচালিত হ'ত। চাবিদিকে ঘুসখোব অফিসাব আর বদমাইস ঠিকাদাববা সাধারণ সৈনিকদিকে দুবাবস্থাব চবমে ফেলত। বলশেভিকবা এই অবস্থাব সুযোগ নিতে মোটেই ত্রুটী ক'বে নাই। তাবা সৈনিকদের বুঝিযে দিল যে—"দেখ ওদেব স্বার্থ বক্ষা ক'বতে, তোমবা আজ কামানেব সামনে ম'রতে চলেছ অথচ ওবা আজ তোমাদেব কি অবস্থায বেখেছে। ওরা তোমাদিগকে জমিহীন ক'রেছে বলেই না তোমবা এখানে এসেছ? তোমরা এদের হ'যে না ল'ডে এদেরই বিরুদ্ধে লড, এরাই হ'ল তোমাদেব আসল শত্রু।" বলশেভিকরা ধ্বনি তুললে "সৈনিকদের জন্য চাই শান্তি,

মজুরের জন্য চাই কটী আর কৃষকের জন্য চাই জমি।" দলে দলে শ্রমিক, কৃষক ও সৈনিকগণ বলশেভিকদের এই ধ্বনির পিছনে এসে দাঁড়াতে লাগল।

১৯১৭ সালেব গোড়াতেই জাবতন্ত্রের অবস্থা টলমল হ'য়ে উঠেছিল। পূর্ব্ব সীমানায় রাশিযান মোহড়া সম্পূর্ণভাবে ভেঙ্গে প'ড়ছিল। তখন জার্ম্মাণী যুদ্ধ ক'রছিল পশ্চিম সীমান্তে ফ্রান্স, বৃটেন ইত্যাদি মিত্রশক্তিদের সাথে এবং পূর্ব্ব-সীমান্তে বাশিযাব সাথে। বাশিযা যদি হেরে যায তা হ'লে পূর্ব্ব সীমান্ত থেকে জার্ম্মাণী সৈন্য সবিযে এনে পশ্চিমে ফেলবে এবং তাহলে সেই সমগ্র জার্ম্মাণ শক্তিকে মিত্র-শক্তিদেব পক্ষে ঠেকিযে বাখা সম্ভবপর হবে কিনা সে সম্বন্ধে যথেষ্ঠ সন্দেহ ছিল। তাই সে সময অনেকেই ভাবছিল যে, যদি বাশিযায পূবাতন ভূতান্ত্রিক শাসন ব্যবস্থাব স্থানে উন্নততব কোন শাবণ ব্যবস্থা প্রবর্ত্তিত হয তা হলে বোধ হয যুদ্ধেব গতি পরিবর্ত্তন করা সম্ভবপর হবে। এই অবস্থায কেবল সাধাবণ সৈনিকরা নয়, অফিসারগণ, সৈন্যধক্ষগণ, রাজনীতিকরা, এমনকি সম্রাটের বংশেব লোকেবা পর্য্যন্ত বিপ্লবেব সম্বন্ধে কথা কইছিল। ফ্রান্স ও বৃটীশ শাষক সম্প্রদাযও ভাবছিলেন যে জারের শাষণেব বদলে যদি পাশ্চাত্যের ধরণে একটা কার্য্যদক্ষ ধনতান্ত্রিক রাষ্ট্রই হয তাহ'লে যুদ্ধ পবিচালনার দিক থেকে বোধকরি ভালই হবে। মোট কথা ১৯১৭ সালের গোড়াতেই বিপ্লব আজকালের

ব্যাপাব হ'যে উঠেছিল। ১৯১৭ সালেব মার্চ্চ মাসে জার দ্বিতীয নিকোলাসকে সিংহাসনচ্যুত করা হ'ল। এই হ ল বিপ্লবের প্রথম সংঘাত। যদিও এ সমযও বিপ্লবের আসল শক্তি ছিলেন বলশেভিকরা কিন্তু সম্মুখে ছিলেন উচ্চ শ্রেণীর লোকেরা, যাঁবা ধনতান্ত্রিক বিপ্লবের দ্বারা জাবতন্ত্রেব বদলে নিজেদেব শাষণ প্রতিষ্ঠা ক'ববেন স্থির ক'বেছিলেন। জার বিতাডনেব পব এঁবা অস্থাযী গভর্ণমেণ্ট নাম নিযে শাষণভাব গ্রহণ ক'বলেন। শাষণভাব গ্রহণ ক'বে ধূবন্ধব ধনিকদেব মত তাঁবা চাইলেন জার্ম্মানিব সাথে সন্ধি না ক'বে যুদ্ধ চালাতে অথচ সৈন্যবা চেযেছে যুদ্ধ-বিবতি, শ্রমিকবা চেযেছে রুটী—আব কৃষকবা চেযেছে জমি, যুদ্ধ তাবা কেউই চায নাই।

ভবোশিলভ এবং তাঁর বন্ধুরা কেউই ধনিকদের এই চক্রান্ত মেনে নিতে রাজি নন—তাঁরা শ্রমিকদিকে অন্য কথা শিখিযেছেন। ভরোশিলভ নিজে গোলা-গুলিব কারখানার শ্রমিকদেব বার ক'বে এনে জারেব পতন সম্ভব ক'বেছেন। তিনি ইস্‌মাইলভস্কির রক্ষীদলেব সাথে মিশে গিযে তাদিকে জারের বিপক্ষে টেনে এনেছেন এবং সেই জন্যেই তারা সঙ্কট সমযে শ্রমিকদের উপর গুলি ক'রে নাই। সে সব কি ধনিকদের হ'য়ে যুদ্ধ চালাবার জন্যে করা হ'যেছে? না। কখনই নয়। বিপ্লবকে আরও এগিয়ে নিয়ে যেতে

হ'বে—থামলে চ'লবেনা—ধনিকদের ষড়যন্ত্র ভাঙ্গতেই হবে।

ইতিমধ্যে পেট্রোগ্রাডের সৈনিক ও শ্রমিকদের প্রতিনিধি-বর্গ জগতের শ্রমিকদের সম্বোধন ক'বে এক ঘোষণা প্রেরণ কবেন, তাতে লেখা ছিল ঃ—"জগতেব শ্রমিক ভাইবা। মৃত ভ্রাতৃবর্গের শবদেহ আকীর্ণ দেশেব উপব দিযে, নির্দোষ রক্ত ও অশ্রু প্রবাহের উপব দিযে, ধ্বংসস্তুপে পবিণত পল্লী ও জনপদেব উপব দিয়ে, কৃষ্টিব ধ্বংস প্রায মূল্যবান বত্ন সমূহের উপব দিযে আমবা আমাদেব ভ্রাতৃত্বেব হস্ত তোমাদেব কাছে প্রসাবিত ক'বছি। এস আবাব, আমবা আন্তর্জাতিক একতা ফিবিযে আনি ও শক্তিশালী কবি, কেবলমাত্র এরই মধ্যে ভবিষ্যতেব সমস্ত জযের এবং মানবের সম্পূর্ণ মুক্তির আশ্বাস আছে। দুনিয়ার শ্রমিক এক হও।"

মার্চ্চ মাসেব সমস্ত শোভাযাত্রা ও মিছিলেব গোডায যে সব লাল নিশান থাকত তাতে লেখা থাকত সাধারণতঃ তিনটী কথা ঃ—

"জার ধ্বংস হোক" "যুদ্ধ ধ্বংস হোক" আর "আমরা রুটী চাই"। এই তিনটার মধ্যে জার 'ত' ধ্বংস হ'যেছিলেন। কিন্তু "যুদ্ধ ধ্বংস হোক" এর বেলায অস্থাযী গভর্ণমেণ্ট কথা কয না তারা ত, উল্ট আরও জোবেব সাথে যুদ্ধ চালাতে চায। আব রুটীর বেলায ত' কথাই নাই, অস্থাযী

গভর্ণমেণ্ট রুটীর বদলে বুট আর বুলেটের ব্যবস্থার জন্য বেশী সচেষ্ট।

ভরোশিলভ বুঝলেন আসল বিপ্লবেব সূচনা এবার দেখা যাচ্ছে। অস্থায়ী গভর্ণমেণ্টকে ভাঙ্গতে হবে—যুদ্ধ বিরতি হ'তে হ'বে—জনসাধারণের মধ্যে আস্তে আস্তে এই ধাবণা পরিষ্কার হ'যে মনে গেঁথে গেল।

"সমাজতান্ত্রিক বিপ্লব দীর্ঘজীবি হ'ক"

১৯১৭ সালের এপ্রিল। ষ্টালিন তাঁর সাইবেরিযার নির্ব্বাসন থেকে মুক্তি পেযেছেন। সুইজারল্যাণ্ড থেকে লেনিন ফিরেছেন দেশে। ৩বা এপ্রিল লেনিনকে অভ্যর্থনা করার জন্য যাঁবা পেট্রোগাডে অপেক্ষা ক'রছিলেন ভরোশিলভ্ তাঁদের অন্যতম। ফিনল্যাণ্ড বেলওযে ষ্টেসন এবং তার সম্মুখেব পার্কটী লোকে লোকারণ্য। দলে দলে সৈনিক, নাবিক, শ্রমিক সব উদ্বিগ্ন হ'যে অপেক্ষা ক'রে আছে তাদের মুক্তিসংগ্রামেব পথ প্রদর্শকেব নির্দ্দেশ নেওযার জন্য। লেনিন ট্রেণের থেকে নামতেই ভরোশিলভ তাঁকে রাশিযার প্রচলিত কায়দায এক তোডা ফুল হাতে দিয়ে অভ্যর্থনা ক'বলেন। তারপর লেনিনকে কাঁধে চডিয়ে বাইরে স্কোয্যারে নিযে আসা হ'ল। সেখানে তিনি একটী আর্মার্ড কার বা অস্ত্র-সজ্জিত মোটরে চ'ডে এক উদ্দীপনাময বক্তৃতা ক'রলেন। "সমাজ তান্ত্রিক বিপ্লব দীর্ঘজীবি হউক" এই অতিগুরুত্বপূর্ণ কথাটী ব'লে মহান লেনিন তাঁর বক্তৃতা শেষ ক'বলেন। তাঁর এই বাণীর প্রভাব বিদ্যুত গতিতে সারা পেট্রোগ্রাডের সৈনিক, শ্রমিক, ও নাবিকদেব মধ্যে ছডিয়ে গেল। তারা যে ঠিক ঐ কথাটীর অপেক্ষাতেই ছিল।

কিন্তু বিপ্লব সাফল্যমণ্ডিত ক'রতে হ'লে কেবল প্রধান সহরে বিপ্লব হ'লে চলবেনা তারজন্য বিপ্লবের পাকা ভিত্তি দেশাভ্যন্তরেও হওয়া চাই। ভরোশিলভ বুঝতে পারলেন তাঁর নিজস্ব স্থান ডন্‌বাসে, সেখানে তাঁর ফিরে যাওয়া দরকার। উক্রাইনের শিল্প কেন্দ্রগুলিকে সংঘবদ্ধ ক'রে সেখানকার শ্রমিক, কৃষক, জনসাধারণকে বলশেভিকদের পক্ষে নিয়ে আসার জন্য তাঁর মত উপযুক্ত ব্যক্তি কেও ছিল না। সুতরাং তিনি লুগান্‌স্কে প্রত্যাবর্ত্তন ক'রে, নিজের পুরাতন স্থানে অধিষ্ঠিত হ'য়ে নবোদ্দমে কাজ সুরু ক'রলেন।

তাঁর প্রথম ও প্রধান কাজ হ'ল যেমন ক'রে হ'ক লুগান্‌স্ক সোভিয়েটে বলশেভিকদের সংখ্যাগরিষ্ঠতা আনতে হবে।

সোভিয়েট বা সোবিয়েত কথাটার মানে হ'ল "পরিষদ।" রুশ বিপ্লবের ফলে এর অর্থ দাঁড়িয়েছে, একটা কোন বিশিষ্ট গণ্ডি যেমন একটা সহর, একটা গ্রাম বা একটা সৈন্যদলের রেজিমেণ্টের লোকদের নির্ব্বাচিত পরিষদ। এই সোভিয়েটগুলি বিপ্লবের ফলে মজুর, সৈনিক ও কৃষকদের মধ্য থেকে গড়ে উঠেছে গভর্ণমেণ্টের বা শাসনতন্ত্রের প্রাথমিক বুনিয়াদরূপে। ঐতিহাসিক নজরে দেখতে গেলে প্যারিস-কম্যুন বা ফরাসীদেশে বিগত শতাব্দীর শেষ ভাগে যে মজুর বিপ্লব হ'য়েছিল এবং তার মধ্য থেকে মজুররা নিজেদের গভর্ণমেণ্ট প্রতিষ্ঠা করবার জন্য যে 'কম্যুন' গঠন করেছিল এই সোভিয়েট গুলি তারি বংশধর।

১৯০৫ সালেব বিপ্লবেও সোভিযেট গঠিত হ যেছিল অনেক জাযগায, কিন্তু তাবা বেশীদিন টীকতে পাবে নাই। ১৯১৭ সালে মধ্যভাগে তাবা চাবিদিকে ব্যাঙেব ছাতির মত গ'ডে উঠছিল এবং পুবাতন জাবতান্ত্রিক বাষ্ট্র ব্যবস্থাব স্থানীয শাষকদের বিচ্যুত কবে সোভিযেট শাষণ-প্রতিষ্ঠা ক'বছিল। এই সোভিযেট গুলি কোন নির্দ্দিষ্ট অঞ্চলেব সমগ্র জনসাধাবণএর প্রতিনিধিত্ব ক'বতনা কেবল সংখ্যাগবিষ্ঠদেব প্রতিনিধিত্ব ক বত। উচ্চ শ্রেণীব লোকেবা, ব্যবহাবজীবিবা, ব্যবসাদার, পাদ্রডী ও ধর্ম্মযাজকবা, সমৃদ্ধশালী চাষীবা অফিসারবা ইত্যাদি অনেকেই এব থেকে বাইবে থাকত।

এই সব সোভিযেটে যে সব লোক নির্ব্বাচিত হচ্ছিল তারা যে সব সময লেনিনেব সমর্থক হচ্ছিল তা নয। অনেক স্থানেই লেনিনবাদীরা বা বলশেভিকরা সংখ্যায কম ছিল। কিন্তু ১৯১৭ বসন্ত থেকে গ্রীষ্ম এবং গ্রীষ্ম থেকে শরৎ পর্য্যন্ত এই কযেক মাসে বলশেভিকবা তাদেব নির্ভিকতাব জন্য ও সঠিক পথ প্রদর্শনেব ফলে আস্তে আস্তে সব জাযগাতেই সংখ্যাগবিষ্ঠ হ যে প'ডছিল। অন্য কোন পার্টী'র বা দলেবই কোন সঠিক পবিকল্পনা ছিলনা। কোন্ অবস্থায কি ক'রতে হ'বে তার সম্বন্ধে সঠিক ধাবণাও ছিলনা। আব একাগ্রতায, দৃঢ়তায ও কার্য্যদক্ষতায বলশেভিকদলেব সামণে দাঁডাবার মত ক্ষমতা কোন দলেরই ছিলনা—তাই বছর যত গডিয়ে

চ'লতে লাগল ততই বলশেভিকদের শাষণ ক্ষমতা হস্তগত করার দিন ঘনিযে আসতে লাগল।

লুগান্‌স্কে সমস্ত বিষয গুছিয়ে ঠিক ক'রে হাতের মধ্যে আনতে ভরোশিলভের বেশীদিন লাগল না। তিনি লেনিনের কার্য্যপ্রণালী ও নীতি ডন্‌বাসীদের কাছে প্রচার করাব জন্য "ডনেট্‌স্কি প্রলেটাবি" নামে একটী সংবাদ পত্র প্রকাশ করলেন। "শান্তি এবং রুটী চাই" এই দুটী কথা তিনি দৈনন্দিন বক্তৃতায আব কাগজে ক্রমাগত লোকেব মনে গেঁথে দিতে লাগলেন। যুদ্ধ বিবতি এবং খাওযাব ব্যবস্থা এইত' ছিল তখন সকলের দাবী।

শান্তি চাই, রুটী চাই, অস্থাযী সরকার ধ্বংস হোক—সমস্ত ক্ষমতা সোভিয়েটের হাতে চাই। এই কথাগুল সমগ্র উক্রাইনে ভবোশিলভ নিরন্তব বিশ্রামহীন ভাবে ব লে চল্লেন।

গ্রীষ্মেব কটা মাস বাশিযাব আভ্যন্তরীণ অবস্থা সম্পূর্ণ বিশৃঙ্খলাময হ'যে দাঁড়িযেছিল। একদিকে জার্ম্মানবা রাশিয়ান সৈন্যদের পশ্চাদ ধাবণ করছে, পালাতক সৈন্যবা সব হাজারে হাজারে ফিরছে ঘবে। অন্যদিকে বুভুক্ষ জনতার 'রুটী চই'এর চিৎকারে অস্থায়ী সবকারের অবস্থা সঙ্গীন হ'যে প'ড়েছে। প্রথমে প্রিন্স লভ্‌ওভের নেতৃত্বে, পরে আইনজীবি কেরেনস্কির নেতৃত্বে অস্থাযী গভর্ণমেণ্ট সঙ্কটেব পর সঙ্কটের মধ্য দিযে দিন কাটাচ্ছিল। অবশেষে এমন একটা অবস্থা হ যে দাঁড়াল যে হয়

অস্থায়ী গভর্ণমেণ্টকে সরিয়ে বলশেভিকরা রাষ্ট্র ক্ষমতা অধিকার করুক আর নযত অস্থায়ী গভর্ণমেণ্টের অকৃতকার্য্যতার দৃষ্টান্ত দেখিয়ে প্রতিক্রিযাশীলদের সঙ্ঘবদ্ধ ক'রে পুনবায় জারতন্ত্র ফিবে আসবে। এই সময আস্থায়ী গভর্ণমেণ্টের এতদূর দুর্ণাম হ'যেছিল যে বলশেভিকরা যদি বিপ্লব ক'রে ক্ষমতা হাতে না নিতেন তাহ'লে নতুন আকারে জাবতন্ত্র ফিরে আসত। কিন্তু লেনিনের মত নেতা থাকতে বলশেভিকবা এমন সুযোগ ছাডবাব পাত্রনয। লেনিন অস্থাযী গভর্ণমেণ্ট অপসাবণেব জন্য বিপ্লব ঘোষণা ক'রলেন।

১৯১৭ সালেব ৭ই নভেম্বর বলশেভিকরা পেট্রোগ্রাডে শাষন ক্ষমতা হস্তগত ক'বলেন। পৃথিবীর ইতিহাসে এত সহজে এত গুরুত্বপূর্ণ বিপ্লব খুব কম হ'যেছে। এত অল্প রক্তপাতে এত বড বিপ্লব আবও কম হ'যেছে। গভর্ণমেণ্ট জারের উইণ্টব প্যালেস বা প্রাসাদে আশ্রয নিয়েছিল। ছ' তারিখের বাত্রে বলশেভিকদের প্রতি সহানুভূতিশীল সৈনিক এবং নাবিকবা সশস্ত্র শ্রমিকদের সাথে একত্রিত হ'যে উইণ্টার প্যালেস ঘিবে ফেলে। প্রাসাদের বক্ষীদলের সাথে সংগ্রাম আরম্ভ হয়। দুই পক্ষেই হতাহত হ'তে থাকে। শেষে প্রাসাদ, বিপ্লবীদের হাতে সমর্পণ করা হয। অধিকাংশ মন্ত্রিকেই গ্রেপ্তাব কবা হয় কিন্তু প্রধান মন্ত্রি কেবেন্‌স্কি সরে প'ডতে সক্ষম হন।

৭ তারিখে রাত পৌনে ১১টার সময় স্মল্‌নি ইনষ্টিটিউটে নিখিল রুশ সোভিয়েট মহাসভার অধিবেশন আরম্ভ হয়। কয়েক ঘণ্টা পরেই এই মহাসভা নিজেকে শাষণ ক্ষমতার সর্ব্বোচ্চ অধিকারি ব'লে ঘোষণা করে এবং অবিলম্বে যুদ্ধ বিরতির দাবী ক'রে এক ঘোষণা দেয়। অপর একটী ঘোষণার দ্বারা জমির উপর সমস্ত ব্যক্তিগত স্বত্ব বিনষ্ট করা হয়। তারপর পৃথিবীর সমস্ত জাতির গভর্ণমেণ্ট ও জনসাধারণ, শত্রু ও মিত্র, সকলকার নিকট একটী ইস্তাহার প্রেরণ করা হয়, তাতে অবিলম্বে যুদ্ধ বিরতির জন্য ও বিনা ক্ষতিপূরণ ও বিনা স্থান অধিকারে ন্যায় সঙ্গত শান্তি স্থাপনের জন্য সকলকে আহ্বান করা হয়। কিন্তু দুঃখের বিষয় অধিকাংশ গভর্ণমেণ্টই বলশেভিক গভর্ণমেণ্টের এই আবেদন সম্পূর্ণ অবহেলা করেন এবং যে সব জনসাধারণকে আহ্বান ক'রে সেই ইস্তাহার দেওয়া হ'য়েছিল সেই সব জনসাধারণ অনেককাল পর্য্যন্ত এই ইস্তাহারের খবরই জানত না।

এই নিখিল রুশ সোভিয়েট মহাসভার অধিবেশনে ভরোশিলভ লুগান্‌স্কের প্রতিনিধি হ'য়ে যোগদান ক'রতে এসেছিলেন। শাষণ-ক্ষমতা ত' হাতে এল রুটী ও শান্তির প্রতিশ্রুতিও ত দেওয়া হ'ল কিন্তু এখন এই নতুন গভর্ণমেণ্টকে বাঁচিয়ে রাখা যায় কি ক'রে সেইটাই হ'ল প্রধান সমস্যা। একদিকে জার্ম্মানরা ক্রমাগত অগ্রসর হচ্ছে, অন্যদিকে কেরেন্‌স্কি

পালিয়ে গিয়ে বিদেশী সরকারদের সাহায্যে জেনারল্ ক্রাসনভের অধীনে একটা কসাক বাহিনী পাঠিয়েছেন সোভিয়েটগুলিকে ক্ষমতাচ্যুত করার জন্য। এমন কি পেট্রোগ্রাডে পর্য্যন্ত বিশ্বাসঘাতক ষড়যন্ত্র চ'লছিল। এবং এই সব কারণে সব সময় বিপ্লববিরোধী বিদ্রোহের সম্ভাবনা ছিল।

ভরোশিলভের হাতে অনেক কাজের ভার প'ড়ে গেল। সহর রক্ষা করার জন্য ও নিরাপত্তার জন্য যে রক্ষা কমিটী হ'য়েছিল ভরোশিলভের হাতে তার ভার দেওয়া হ'ল। ২৩ বছর আগে সেদিনকার সদ্যজাত সোভিয়েটের প্রধান নগরী পেট্রোগ্রাড রক্ষার ভার তাঁর হাতে পড়েছিল, আবার ইতিহাসের গতিতে, নবপরিস্থিতে, সমৃদ্ধ নগরী, লেনিনের পূত নামধারী লেনিনগ্রাডকে জার্ম্মাণ ফাসিবাহিনীর হাত থেকে রক্ষা করার ভার তাঁরই হাতে প'ড়েছে।

পেট্রোগ্রাড রক্ষার কাজে ভরোশিলভ বেশী দিন আর থাকতে পারলেন না। আবার তাঁর ডাক প'ড়ল উক্রাইনে। জার্ম্মানরা উক্রাইনে প্রবেশ ক'রছিল। উক্রাইনের শস্যক্ষেত্র ও শিল্পকেন্দ্র যদি শত্রুর হাতে যায় তাহ'লে সদ্যজাত সোভিয়েটের পক্ষে বেঁচে থাকা দুষ্কর। ভরোশিলভের মনে প'ড়ল তাঁর লুগান্স্কের "লাল পল্টন" ভাইদের কথা। তারাই হ'ল আসল লোক যারা জার্ম্মানদিকে বিতাড়িত ক'রে আবার শিল্পের চাকা ঘুরিয়ে দেবে। তাই ভরোশিলভ আবার লুগান্স্কে ফিরলেন।

শ্রমিক সেনানীর নেতা

লুগান্‌স্কের পথে ট্রেনে যেতে যেতে ভরোশিলভের তখনকার অবস্থাটা কতকটা গুছিয়ে বুঝবার অবসর মিলল। তিনি দেখলেন পরিস্থিতি খুব আশাপ্রদ নয়।

একথা সত্যি যে তাঁর লুগান্‌স্কের বন্ধুদের কাছে গিয়ে তিনি পেট্রোগ্রাডে ও মস্কোতে বলশেভিকদের জয়ের কথা ব'লতে পারবেন কিন্তু অসংখ্য শত্রুদের যে ব্যূহ সোভিয়েট অভিমুখকে ঘিরেছিল তাদের পরাস্ত ক'রে টিকে থাকা প্রায় অসাধ্য সাধন মনে হচ্ছিল।

কিন্তু একটা শুভ খবর এই ছিল যে, বলশেভিকরা ক্ষমতা হস্তগত করার সময় রাশিয়ার লোকের মধ্য থেকে সেরূপ সঙ্ঘবদ্ধ কোন বাধাই পায় নাই। ১৯১ সালের ২৭সে মার্চ্চ আমেরিকার রাষ্ট্রদূত মিঃ ফ্রান্সিস মস্কোস্থিত তাঁর স্বদেশবাসী আমেরিকার রেডক্রস দলের নেতা কর্ণেল রবিন্সকে একটা অত্যন্ত অর্থপূর্ণ টেলিগ্রাম করেন, টেলিগ্রামে লেখা ছিল ঃ—

"আপনি কি সোভিয়েট গভর্ণমেণ্টের বিরুদ্ধে কোন সংঘবদ্ধ বিরোধিতা দেখতে পাচ্ছেন? আমি 'ত' পাই নাই।" পরের কয়েক সপ্তাহ ধ'রে ধারাবাহিক ভাবে কয়েকটা টেলিগ্রামে পুনঃ পুনঃ জানান হয় যে দেশের "অভ্যন্তরে"

কোন সংঘ শক্তি তিনি সোভিয়েটের বিরুদ্ধে নিযুক্ত দেখছেন না।”

এখানে ‘অভ্যন্তরে’ কথাটা লক্ষ্য করা দরকার।

কারণ ১৯১৮ সালে রাশিয়ার একমাত্র ইচ্ছা ছিল ইউরোপিয় যুদ্ধ থেকে স’রে থাকা, কিন্তু সে দেখতে পেল যে শুধু রাশিয়ার জারতন্ত্রের আমলের বিপক্ষ পার্টি জার্ম্মানী নয় তার তখনকার মিত্ররাও তার বিরুদ্ধে সমবেত হ’য়েছেন।

যখন জার্ম্মাণরা উক্রাইন ও বাল্টীক দেশগুলির মধ্য দিয়ে প্রবেশ ক’রছিল তখন বৃটাশ সৈন্যদল সুদূর উত্তরে মুমাস’ক্ ও আর্কেঞ্জেলে ও দক্ষিণে কৃষ্ণ সাগরের তীর অঞ্চল অধিকারে ব্যস্ত ছিল। জাপানিরা ভলডিভস্টক্ বন্দর ও সুদূর প্রাচ্যের প্রদেশগুলি দখল ক’রে বসেছিল। চেক্‌রা ট্রান্স সাইবেরিয়ন রেলপথ ধ’রে অগ্রসর হচ্ছিল। অন্যান্য স্থানে দরবাসী রুমানিয়ান ও অর্দ্ধেক সংখ্যক প্রাক্তন মিত্রের দল নিজের নিজের শিবির গেড়ে ফেলেছিল। অর্থাৎ ১৯১৮ সালে রাশিয়ার চারিদিকে একটা প্রতিহিংসা-পরায়ন জাতি-সংঘ গ’ড়ে উঠেছিল—আর তার মুখ্য উদ্দেশ্য ছিল বলশেভিকবাদকে ধ্বংস করা।

স্বাধীন রাশিয়া মাত্র মস্কো ও পেট্রোগ্রাডকে কেন্দ্র ক’রে দু’ তিনটি বিভাগের মধ্যে সীমাবদ্ধ হ’য়ে গিয়াছিল। এই সহরগুলির সামনে আবার বুভুক্ষার করাল ছায়া ঘনীভূত হ’য়ে উঠছিল। এই সময় কটী নিয়ন্ত্রণ নিয়ম অনুযায়ী

একদিন অন্তর জন পিছু মাত্র দু' আউন্স ক রে রুটী পাওয়া যেত।

ভরশিলভের ঠিক এই অবস্থাটাই তাঁর লুগান্‌স্কের বন্ধুদেব বুঝিযে বলার প্রযোজন ছিল কাবণ একমাত্র তারাই জার্ম্মানদিকে তাডিযে ফসল পাঠিযে, মস্কো ও লেনিনগ্রাডকে বুভুক্ষা থেকে বাঁচাতে পাবত। সুতবাং ভবোশিলভ লুগান্‌সকে ফিরলেন, প্রত্যক্ষ সৈনিক-এব কাজ নিযে নয বাজনীতিক হিসাবে, বিপ্লবেব নীতি জনগণেব কাছে ব'লতে, তাদেব সাহস দিতে ও যাতে বিপ্লবের কাজ ভাল ভাবে অগ্রসর হয তার তত্ত্বাবধান ক'বতে। তখনকার দিনে এই বকম কাজ অনেককেই ক'বতে হ'ত, এঁবা যে পদ অধিকাব ক'বে থাকতেন তার নাম ছিল পলিটীক্যাল কমিসাব বা রাজনীতিক কমিসাব। প্রত্যেক সংগ্রামবত দলের সাথে তখন একজন ক'বে পলিটীক্যাল কমিসার থাকতেন। বিগত ফিনিশ যুদ্ধেব পব এই পদ লাল ফৌজ থেকে উঠিযে দেওযা হয কিন্তু আবার বর্ত্তমান যুদ্ধে এই পদে পুনরায লোক বহাল করা হযেছে। বিপ্লবের সময় পলিটীক্যাল কমিসাবদেব কাজ ছিল প্রচাবের তত্ত্বাবধান করা ও কমাণ্ডারদের বা অধিনায়কদের উপর বিশেষভাবে লক্ষ্য রাখা। এই শেষের কাজটী অত্যন্ত প্রযোজনীয ছিল, তার কারণ তখনকার লাল ফৌজের যাঁরা কমাণ্ডার হ'তেন তাঁবা

অধিকাংশই ছিলেন পুরাতন জার আমলের কমাণ্ডার। খাঁটী ও বিশ্বস্ত বলশেভিক কমাণ্ডার সব সময় পাওয়া যেত না বলে এঁদের উপর নির্ভর ক'রতে হ'ত. অথচ বিপ্লবের জন্য এঁদের দরদ খুব বেশী ছিল না। বিপ্লবের জয়ের পথে এঁরা এসে জুটে ছিলেন বটে কিন্তু চারিদিক থেকে শত্রু বেষ্টিত হ'লে এঁদের দরদ কতটুকু টীকে থাকবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহের কারণ ছিল। বলশেভিকরা ভয় ক'রতেন যে সঙ্কটের সময় এরা বিশ্বাস-ঘাতকতা ক'রে শত্রুর সাথে যোগ দেবে বা তাদের পদ-মর্যদার সুবিধা নিয়ে তলায় তলায় ভাঙ্গনের কাজ ক'রবে। এইরূপ সন্দেহের যে যথেষ্ট কারণছিল তা বোঝাযায় মার্শাল তুকা-চেভস্কির বিচার ও মৃত্যুদণ্ডের ঘটনা থেকে। তুকাচেভ্স্কি একজন পুরাতন জারতন্ত্রের ফৌজের অফিসার ছিলেন। সোভিয়েট গভর্ণমেণ্ট তাঁকে বহুকাল বিশ্বাস ক'রে এসেছিল ও তাঁকে লালফৌজের নানাবিধ সম্মানজনক পদে অধিষ্ঠিত রেখেছিল। কিন্তু পরে জানা গেল তিনি আসল রাজনৈতিক উদ্দেশ্য সব লুকিয়ে রেখে সোভিয়েট বন্ধু সেজেছিলেন অথচ তলায় তলায় সোভিয়েটের শত্রুদের সাথে ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। সোভিয়েট গভর্ণমেণ্ট এঁর গুপ্ত অভিসন্ধি ধ'রে ফেলেন এবং ১৯৩৭ সালে বিচারে এঁর মৃত্যু দণ্ড হয়। তুকাচেভ্স্কির মৃত্যু দণ্ড নিয়ে তৎকালীন ইংলণ্ডে ও সোভিয়েটের বাইরে অন্যান্য-দেশে ধনতান্ত্রিকদের পরিচালিত সংবাদপত্রের কৃপায় বেশ

একটু হৈ চৈ প'ড়েছিল। সোভিয়েট বিরোধীরা এই নিয়ে সোভিয়েটের তথাকথিত দূর্ণিতি প্রমাণ করবার জন্য ব্যগ্র হ'য়ে লেগেছিলেন। এঁদের উত্তরে বিখ্যাত কমুনিষ্ট নেতা ও লেখক রজনী পাম দত্ত নিউ ষ্টেট্‌সম্যান পত্রিকায় ধারাবাহিক ভাবে পত্র লিখে দেখিয়েছিলেন যে ইতিহাসে মীরজাফরের অভাব কোথাও হয় নাই। প্রত্যেক বিপ্লবেই দেখা গেছে কতকগুলি লোক পিছনে পিছনে বিপ্লবের শত্রুতা ক'রেছে।

লুগান্‌স্কের শ্রমিকগণ এই বিপদ সম্বন্ধে বিশেষ সচেতন ছিল, তাই তারা অন্য কারও উপর তাদের যুদ্ধ পরিচালনার ভার দিতে সম্মত হয় নাই। তারা চেয়েছিল তাদের অতি পরিচিত বিশ্বস্ত বন্ধুকে, যদিও তিনি কোন দিন কোন সৈন্যদলে যোগ দেন নাই এবং তাঁর যুদ্ধের অভিজ্ঞতা লুগান্‌স্কের রাস্তার উপরেই সীমাবদ্ধ থেকেছে।

তাই ভরোশিলভকেই উক্রাইনে রক্ষার ভার নিতে হ'ল। তিনি তাঁর সৈন্যদল উত্তর-পশ্চিমে রাশিয়ার তদানিন্তন তৃতীয় সহর ও উক্রাইনের বিরাট শিল্প কেন্দ্র খারখবের দিকে পরিচালনা করলেন, তখন খারখব ছিল রাশিয়ার বারমিংহামের মত। জার্ম্মানরা খারখব দখলের জন্য অগ্রসর হয়েছে। যদি খারখবকে বাঁচান' যায় তাহ'লে বলশেভিকদের বিশেষ লাভ হ'বে কারণ এর কারখানার সাহায্যে বিধ্বস্ত রেল লাইনগুলি

সৈন্য চলাচলের জন্য স্বক্রিয় করা যাবে। সৈন্যদের অস্ত্রের ব্যবস্থা ও কাপড়ের ব্যবস্থা ইত্যাদি সবই করা যাবে।

কিন্তু খারখব রক্ষা করা গেল না। দ্রুত সংগৃহিত সৈন্য ও অনভ্যস্ত নেতাদের পরিচালিত লালফৌজ জার্ম্মান সৈন্যের সুদৃঢ় আক্রমণ প্রতিহত করতে পারলেনা। খারখব রক্ষায় নিয়োজিত সমগ্র লালফৌজ, যার একটী ইউনিটির নেতা ছিলেন ভরোশিলভ, শুধু পরাজিত হ'ল না, প্রায় নিশ্চিহ্ন হ'য়ে গেল।

এদিকে পিছনে বলশেভিকদের বিরুদ্ধে কসাকরা বিদ্রোহী হ'য়েছে।

কসাকরা বরাবরই শ্রমিকদের বিরুদ্ধতা ক'রে এসেছে। কসাকদের মধ্য থেকেই 'জার' তাঁর সৈন্য সংগ্রহ ক'রতেন। তারা অত্যন্ত পশ্চাৎপদ অঞ্চলের কৃষক শ্রেণীর লোক। তাদের দেশে ফসলও ভাল হ'ত না। তারা রাশিয়ার ষ্টেপ্লেজ অঞ্চলে বাস করে, আর দীগন্ত বিলীন মরুর মধ্যে ঘোড়ার পিঠে থেকে থেকে ঘোড় সাওয়ার খুব ভাল হয়। তাদের এই বিশিষ্ট গুণ থাকার জন্য এবং তাদের দারিদ্রের সুবিধা নিয়ে জার তাদিকে দিয়ে যত প্রকার হীন কাজ গুল করিয়ে নিত। তাদের মধ্যে রাজনৈতিক চেতনা মোটেই ছিল না, কাজেই বলশেভিক বিরোধীরা তাদিকে কাজে লাগানো খুব সুবিধা জনক মনে ক'রত।

ক্রাস্‌নভ নামে একজন জার আমলের জেনারল এই কসাকদের হাত ক'রে বিদ্রোহ ঘোষণা ক'রলেন। ব'ল-শেভিকরা ক্ষমতা হস্তগত করার কিছুদিন পরে তিনি পেট্রোগ্রাডে এইরূপ একটী বিদ্রোহের চেষ্টা করেন। সে সময় তিনি পরাজিত হ'য়ে বন্দী হন। পরে তিনি "একজন অভিসার ও ভদ্রলোক" হিসাবে বলশেভিক বিরোধী কার্য্য-কলাপ থেকে বিরত থাকবার প্রতিশ্রুতি দিয়ে মুক্তি লাভ ক'রেন। কিন্তু মুক্তি লাভ করার পরই কসাকদের নিয়ে এই ভাবে তাঁর প্রতিশ্রুতি রক্ষার ব্যবস্থা করেন।

খারখর পতনের পর ভরোশিলভ তাঁর অবশিষ্ট সৈন্য সামন্ত নিয়ে একটা অত্যন্ত বিপদজনক অবস্থায় প'ড়লেন। পশ্চিমে সামনে থেকে তাঁর পলায়নপর সৈন্যদের পদে পদে জার্ম্মানরা অগ্রসর হ'চ্ছে পিছনে কসাকরা তাঁর পূর্ব্বদিকে পালাবার পথ রুদ্ধ ক'রেছে। তাঁর ক্ষুদ্র শ্রমিক-সৈন্যদলকে শত্রুরা একেবারে ঘিরে ফেলেছে। তাঁদের পথ একমাত্র লুগান্‌স্ক পর্য্যন্ত উন্মুক্ত। যদিও সেখানেও কোন স্থায়ী নিরাপত্তার ব্যবস্থা নাই তবুও আর যখন কোনও উপায় নাই তখন লুগান্‌স্কের দিকেই তাঁরা পেছু হাঁটতে লাগলেন। পথে লোক সংগ্রহ করতে ক'রতে ও রসদ যোগাতে যোগাতে চল্লেন। মাঝ-খানে হঠাৎ একবার থেমে অতি-নিশ্চিন্ত ও অপ্রস্তুত জার্ম্মানদিকে একবার তড়িৎ প্রতি-আক্রমন ক'রে খানিকটা

Old Book

ঘায়েল ক'রে দিয়েছেন। একটী সমগ্র জার্মান আর্মিকোরকে সাময়িক ভাবে পিছন হটীয়ে অত্যন্ত মূল্যবান ২০টী মেশিনগান এবং আরও কিছু দামি জিনিষ পত্র হস্তগত ক'রলেন।

কিন্তু তাঁদের এই সাময়িক জয়কে এগিয়ে নিয়ে যাওয়ার মত বেশী সৈন্য-সামন্ত সাথে ছিল না, তাই লুগানস্কের দিকেই অগ্রসর হ'লেন।

সেখানে পৌঁছিয়েই যুদ্ধ পরিষদের একটী বৈঠক হ'ল।

লুগান্স্কেই থেকে গিয়ে নিজেদের সহর রক্ষা করার ইচ্ছা অনেকের ছিল। আর নিজের সহরের জন্য ভাবাবেগ হওয়াও একটু স্বাভাবিক। কিন্তু সামরিক পরিস্থিতি ভাবাবেগ মেনে চলে না। ঐ সামান্য শক্তি নিয়ে লুগান্স্কে টিকে থাকা অসম্ভব। ভরোশিলভ প্রস্তাব করলেন যে, ডনেট্স্ নদী পেরিয়ে, ডন পেরিয়ে, ভল্গার পারে, জারিতসিনে পশ্চাদোপসরণ করা দরকার। জারিতসিনে তিনি একবার গোলাবারুদের কারখানায় মহাযুদ্ধের প্রথম দিকে কাজ করেছেন। সেখানে এখনও একটা লালফৌজ সহর রক্ষায় নিযুক্ত র'য়েছে। সেখানে গিয়ে পৌঁছলে অনেকটা শক্তিশালী হওয়া যাবে—ভরোশিলভ এই রকমই আশা ক'রেছিলেন।

একজন ব'লে উঠলেন—"সে একবারে অসম্ভব। সে যে প্রায় হাজার ভার্স্ট্ রাস্তা (অর্থাৎ ৬৫০ মাইল *)"

আর একজন বল্লেন "কসাকরা ত সবখানেই র'য়েছে, জারিতসিনে যাচ্ছ কি ক'রে? পথের কথাটা ভেবেছ?" আর একজন বল্লেন "পিছনে পিছনে যখন জার্ম্মানরা এসে প'ড়ছে তখন আমরা লুগান্স্কে স্ত্রী পুত্র ছেড়ে যাই কি ক'রে?" ভরোশিলভ প্রত্যেককে তাঁদের কথার জবাব দিলেন। তিনি বল্লেন "একা কসাকদের জন্য ভয় করার দরকার নাই—তাদিকে ঠেলে এগিয়ে যাব। স্ত্রী পুত্র সঙ্গে নেব আর দূরত্বের জন্য রেল লাইন ব্যবহার ক'রব।" রেল লাইনের কথাটা অনেকের কাছে বিদ্রূপ মনে হ'য়েছিল, কিন্তু ভরোশিলভ সে বিষয়ে অত্যন্ত স্থিরপ্রতিজ্ঞ ছিলেন। তিনি মনে ক'রলেন যে রেলে যাওয়া যাবে—তাতে যতই বাধা হ'ক না কেন—সে সব বাধা অতিক্রম ক'রতে হ'বে।

তাই রেলপথে ভ্রমণের ইতিহাসে এক অদ্ভুত নূতন অধ্যায় আরম্ভ হ'ল। সামরিক দিক থেকেও এমনি পশ্চাদোপসরণও অত্যন্ত দৃঢ়তা ও স্থিরচিত্ততার পরিচায়ক।

এই রকম একটা অদ্ভুত ব্যবস্থা কোন অভিজ্ঞ সামরিক নেতা অবলম্বন ক'রতে সাহস পেতেন কিনা খুবই সন্দেহ।

---

* কিন্তু প্রকৃতপক্ষে লুগান্স্ক্ থেকে জারিতসিনের দূরত্ব হাজার ভার্স্টের বা ৬৫০ মাইলের কম লেখক।

কিন্তু ভবোশিলভের পক্ষে এমন প্ল্যান নেওয়া সম্ভব হয়েছিল তার কারণ তিনি নিজে ছিলেন একজন অভিজ্ঞ মিস্ত্রি (মেকানিক) এবং জানতেন যে সঙ্কটের সময় কি করা সম্ভব ও কি করা সম্ভব নয়। তা ছাড়া তাঁর আস্থা ছিল তাঁর শত শত বন্ধু মজুরদের উপর—তারা কেওই অভিজ্ঞ সৈনিক না হ'তে পারে, কিন্তু প্রত্যেকেই কলকব্জায় সিদ্ধ হস্ত ; রেলের কাজেরই বিভিন্ন বিভাগে তাদের জীবনের অভিজ্ঞতা।

লুগানস্ক্ অনেকগুলি রেলপথের সংযোগে অবস্থিত। কয়েক দিনের মধ্যে প্রচুর রেলওয়ের আসবাব পত্র যোগাড় হ'যে গেল। যখন এই পলাযমান বাহিনী গন্তব্যস্থানে পৌঁছেছিল তখন দেখা গিযেছিল যে এর সাথে ৫০০টা ট্রেন ছিল। ভবোশিলভএর সাথে ছিল মোট প্রায হাজার প'নেরো সৈন্য এবং প্রায তার দ্বিগুণ বেসামরিক লোক। কতকগুলি ট্রেন অস্ত্র সজ্জিত ও কামান লাগান ছিল। আর বাকীগুলতে ছিল গোলা বারুদ ও রসদ।

লুগানস্ক্ থেকে জারিতসিন যেতে সাধারণতঃ খুব বেশী লাগলে ট্রেনে একদিন লাগে, কিন্তু ভরোশিলভের লাগল প্রায তিন মাস।

তাঁর চারিদিক শত্রু পরিবেষ্টিত। রেল পথের প্রত্যেকটি গজ পরিমাণ স্থান বিপদ শঙ্কুল। ফিশ্‌প্লেটের কয়েকটা বল্টু খুলে দেওয়া থেকে আরম্ভ ক'রে মাইন বিস্ফোরণ পর্য্যন্ত যে

কোন বিপদ, যে কোন মুহূর্তে ঘ'টে যাওয়ার সম্ভাবন। তাছাড়া এমনি তড়িত আক্রমণের সম্ভাবনা ত ছিলই। সৌভাগ্যক্রমে তখনকার দিনে এখনকার মত এরোপ্লেনের বিধ্বংসী শক্তির এত বেশী প্রয়োগ ছিল না বা এতটা ব্যবহার হ'ত না। একেবারে যে হয় নাই তা নয়, লুগান্স্কের সামনে যুদ্ধের সময় কয়েকটা জার্ম্মান বিমান ভরোশিলভ হস্তগত ক'রেছিলেন।

যাই হোক এই তিন মাসে ভরোশিলভ প্রমাণ ক'রে দেন যে তিনি একজন প্রথম শ্রেণীর নেতা ও পরিচালক, শুধুমাত্র অপরের আদেশবাহী নন। তিনি একই সঙ্গে সামরিক অধিনায়ক, আবার রাজনীতিক প্রচারক, ইঞ্জিনিয়ার—আবার ট্রাফিক কণ্ট্রোলার সব কিছুরই কাজে নেতৃত্ব করেছেন এই তিন মাস।

যদি ভেবে দেখা সম্ভবপর হয় তা'হলে একবার ভেবে দেখলে বোঝাযাবে যে, ভরোশিলভ কি অদ্ভুত দায়িত্বের মধ্যে নিজেকে টেনে এনেছিলেন। সত্যই একবার ভেবে দেখা দরকার এই কয়েক শো ট্রেন নিয়ে শত শত মাইল পথ শত্রু পরিবেষ্টিত হয়ে অতিক্রম করাটা কতদূর বিস্ময় কর ব্যাপার। কোথায় আর্মার্ড ট্রেন গুলি থাকবে, সৈন্যদের ট্রেনগুলী কোন যায়গায় থাকা দরকার, রসদের ট্রেনগুলী আবার নিরাপদে রাখা যায় কি ভাবে, কি ভাবেই বা বেসামরিক জনতাকে রাখার ব্যবস্থা

করা যায়—এই যে সমস্যাগুল এর প্রতিবিধান যে কতদূর জটিল তা আমাদেব পক্ষে সত্যই কল্পনা করাও সম্ভব নয়।

এই বিরাট পলাযনপর বাহিনীর খাবার ব্যবস্থা, জলের ব্যবস্থা, অসুস্থের চিকিৎসার ব্যবস্থা, জ্বালানি কাঠ বা কযলার ব্যবস্থা, ইঞ্জিনেব রসদ, ভাঙ্গা গড়া মেরামত, এই সমস্ত একবার কল্পনা নয়নে ভেবে দেখবার চেষ্টা ক'বলে বুঝতে পারা যাবে ভেরোশিলভ কী অসাধারণ শক্তিশালী ও ব্যক্তিত্ব সম্পন্ন নেতা ও তাঁর ধৈর্য্য ও অধ্যবসায কতদূর কষ্ট সহিষ্ণু।

ভরোশিলভ শত বিপদ সত্ত্বেও মূহুর্ত্তের তরে হতাশ নন। তিনি শুধু জানেন তিনি তাঁর বাহিনীকে নিযে জারিতসিনে পৌছাবেনই। তাঁব এই দৃঢতার ভিতর ছিল তাঁর শ্রমিক বন্ধুদের উপর অগাধ বিশ্বাস। যে বিশ্বাস আজ আবার লেনিনগ্রাড রক্ষার প্রধান সম্বল হ'যে দাঁড়িয়েছে। ভবোশিলভের বাহিনী মাইলেব পর মাইল আস্তে আস্তে প্রতিপদক্ষেপ গুণে গুণে এগিযে চ'লেছে। জার্ম্মানবা ক্রমে পিছনে প'ড়ে গেল। এখন তাঁদের প্রধাণ শত্রু কসাকরা। মাঝে মাঝে দু একটি সহরের অধিবাসীরাও তাঁদিকে বাধা দিচ্ছে। এই সব সহর তখন বলশেভিক বিরোধী মেন-শেভিকদের হাতে বা অনুরূপ আর কারও হাতে ছিল যারা বলশেভিকদের দূরবস্থা দেখে বিপ্লব বিরোধীদের সাথে যোগ দিয়েছিল। ভরোশিলভ এই সমস্ত বাধা অতিক্রম ক'রছেন,

মাঝে মাঝে লড়াই ক'রছেন, শত্রুদিকে পিছনে হ'টীয়ে আবার অগ্রসর হ'চ্ছেন।

এইভাবে বহুকষ্টে তাঁরা ডন নদীর তীরে এসে উপস্থিত হ'লেন। এখানে এসে পৌছাবার জন্য তাঁরা অনেকদিন ধ'রে আশা ক'রে ছিলেন। এই জায়গায় পৌঁছিয়ে একবার ডন পের'তে পারলে, আর মাত্র ৭০ মাইল। ঠিক এই যায়গায় ডন আর ভল্গা নদী খুব কাছাকাছি অবস্থিত। এখানে এসে পৌঁছলে জারিতসিন থেকে কিছু সাহায্য পাবারও সম্ভাবনা আছে। এই সব আশায় সকলেই ডনের তীর দেখতে পাবার জন্য ব্যগ্র হ'য়েছিলেন।

কিন্তু তাঁদের সামনে ছিল বিরাট হ'তাশা। ডন এ জায়গায় ভল্গা থেকে খুব কাছে বটে কিন্তু ডন নিজে অত্যন্ত প্রশস্ত। এদিকে বিপক্ষ পার্তিরা ডনের প্রকাণ্ড ব্রীজটী পূর্ব্বের থেকেই ধরাসায়ী ক'রে রেখে দিয়েছিল। নদী পার হওয়া প্রায় অসম্ভব। এখন কি করা যায়? এই সমস্ত লোকজন, রসদ ইত্যাদি ছেড়ে, ট্রেন পরিত্যাগ ক'রে, কেবল সৈন্যদের নিয়ে, সাঁতরে নদী পার হবেন এবং হেঁটে বাকীটা পথ অতিক্রম ক'রবেন, না ছোট ছোট গরীলা দলে বিভক্ত হ'য়ে ছড়িয়ে প'ড়বেন? যাই করতে যান মেয়েদের ও বেসামরিক লোকদের কোনও ব্যবস্থা হয় না। এদিকে সাথের আসবাব পত্র সবই ফেলে যেতে হয়। আবার ট্রেন নিয়ে পার হ'তে হ'লে পুল বাঁধতে হয়। কিন্তু সে কি সম্ভব?

ভরোশিলভ বল্লেন "হ্যাঁ সম্ভব। যেমন ক'রে হ'ক ঐ ভাঙ্গা পুলের উপর দিয়ে ট্রেন পার করার মত একটা পুল, কিম্বা নিদেন পক্ষে একটা বাঁধও তৈরী ক'রতে হবে।

তাই ছোট ছোট ছেলে, মেয়ে বুড়ো, জোয়ান সবাই মিলে লেগে গেলেন বাঁধ বাঁধতে। একমাস অতিবাহিত হ'ল। বাঁধ অনেকটা হ'য়ে গেছে, এমন সময় শত্রুরা আক্রমণ ক'রলে। সকলে গাঁইতি কোদাল ছেড়ে তৎক্ষণাৎ রাইফেল নিয়ে ছুটলেন। শত্রুরা পিছন হাঁটল। আবার সব রাইফেল ফেলে গাঁইতি তুলে নিয়ে চল্লেন বাঁধ বাঁধার কাজে। এইভাবে প্রতিনিয়ত শত্রুর আক্রমণ ও তার প্রতি আক্রমণের মধ্যে অনেক কষ্টে বাঁধ বাঁধা হ'ল। তার উপর রেল লাইন পতা হ'ল; চল্ল ভরোশিলভের বাহিনী নদী পেরিয়ে।

কিন্তু ইতি মধ্যে সামনের লাইন সব শত্রুরা ভেঙ্গে চুরমার ক'রে দিয়ে গেছে। লালফৌজের অগ্রগামীরা রেল লাইন পাততে পাততে এগিয়ে চ'লে আর তার পিছন পিছন অতি মন্থর গতিতে চলে ভরোশিলভের বাহিনী। পথে জারিতসিন থেকে খবর এল, কিন্তু সে খবর খুব ভাল নয়। সেখানে লালফৌজ খুব সঙ্কটাপন্ন। তাঁরা আসছিলেন জারিতসিনে অপেক্ষাকৃত সুবিধাজনক আশ্রয়ের জন্য কিন্তু সেখানে পৌঁছিয়ে দেখলেন তাঁরাই সহর রক্ষার একমাত্র ভরসা।

ষ্টালিনের সাথে অবরুদ্ধ

ভরোশিলভ জারিতসিনে পৌঁছবামাত্র তাঁকে জারিতসিনের লালযৌজদের প্রধান সেনাপতি ক রে দেওযা হ'ল।

কিছুদিনের মধ্যেই ভবোশিলভেব কাছে এলেন একজন পলিটীক্যাল কমিসাব। তিনি আব কেও নয, ভবোশিলভএর পূবণ বন্ধু—ষ্টালিন। আবার দুই বন্ধুতে লেগে প'ডলেন কাজে।

ষ্টালিনের সাহায্য পেযে ভবোশিলভ খুবই খুসী হ লেন। কারণ ষ্টালিনের আসাব আগে পর্য্যন্ত প্রত্যেকটী খুটীনাটী ব্যাপারে তাঁকেই মাথা ঘামাতে হ'যেছে। একজন প্রত্যক্ষদর্শি তখনকার অবস্থাব বিববণে বলে গেছেন "ভরোশিলভকে সবখানেই দেখা যেত। লোকেবা যেখানে শষ্য গুদামে তুলছে প্রযোজন বোধে সেখানে ভবোশিলভ গিযে হাজির হ'চ্ছেন। আবার মেনশেভিকবা যেখানে মাথা চাডা দিযে উঠছে সেখানে তাদের তাডাতে ছুটছেন তিনিই, আবার কেও নিরাশ হ যে পডলে সেখানে ছুটছেন তাদিগকে উৎসাহিত ক রতে।" ষ্টালিন এসে পডায রাজনীতিকদিকটার ভাব তাঁর উপর ছেডে দিযে ভবোশিলভ অনেকটা নিশ্চিন্ত হ যে সামরিক দিকটায় বেশী নজর দিতে লাগলেন।

সামরিক দিক থেকে জারিতসিন এই সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাঁটী হয়ে দাঁড়িয়েছিল। জারিতসিনের অবস্থাটা তখন ঠিক শ্বেত সৈন্যদের পাঁজরের ভিতর দিয়ে গেঁথে দেওয়া একটী লাল ভোজালীর মত। অর্থনৈতিক দিক থেকেও তখন জারিতসিন অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান। ভল্গা নদী বেয়ে মস্কো ও পেট্রোগাড প্রভৃতিতে যে খাদ্য বোঝাই জাহাজ যাতায়াত ক'রছিল তার নিরপত্তা রক্ষা জারিতসিনের উপরই নির্ভর ক'রছিল। লেনিন শ্রমিকদের কথা দিয়েছেন—"রুটী মিলবে"। তাই ষ্টালিন ও ভরোশিলভ তাঁর কথা রক্ষা ক'রছেন। এদিকে জেনারেল ক্রাসনভের সৈন্যদল জারিতসিনকে তিন দিক থেকে ঘিরে ফেল্ল। জার্ম্মানরা গোপনে গোপনে ক্রাসনভকে সাহায্য পাঠাচ্ছিল। কেবল সহরের পূর্ব্ব দিকে একটী খোলা পথ দিয়ে বাইরের জগতের সাথে সংস্পর্শ রাখা সম্ভব হচ্ছিল। ভরোশিলভ তাঁর সেই নানান ধরণের লোকের সমাবেশ, জগা খিচুড়ী সৈন্যদের একত্রিত ক'রে সোভিয়েট রিপাবলিকের দশম বাহিনীতে পরিণত ক'রলেন। শত শত মাইল দূরে লড়াইয়ে নিযুক্ত গরিলা বাহিনীর সাথে সর্ব্বদা সংযোগ রক্ষার জন্য তিনি তাঁর বাহিনীকে যতদূর দ্রুত চলনশীল ক'রে তোলা সম্ভব তার দিকে নজর দিলেন। এই উদ্দেশ্যে জেলায় যত মটর যান ছিল তিনি সবকে সামরিক কাজে ডেকে নিলেন

এবং সেগুলিকে দিয়ে পদাতিক সৈন্যদের দ্রুত চালনা করবার ব্যবস্থা ক'রলেন। সেই সঙ্গে তিনি তাঁর আর্ম্মার্ড ট্রেনগুলিকেও যতদূর সম্ভব ব্যবহার ক'রতে লাগলেন।

এইরূপ অবস্থা বিপাকের মধ্য দিয়েই জগতের সামরিক নেতাদের মধ্যে ভরোশিলভই প্রথম বর্তমান যান্ত্রিক বাহিনীর উদ্ভাবনা ক'রলেন। ২০ বছর পরে তিনি তাঁর সেদিনকার স্বপ্নকে স্বপ্নাতীত সফলতায় পরিণত করেন।

জারিতসিন নগর অবরোধের সময় ভরোশিলভ প্রথম বুদেনির সংস্পর্শে আসেন এবং পরে বুদেনির গুণাবলী বুঝতে তাঁর পদন্নোতি করেন। বুদেনি পুরাতণ জার সৈন্যদলের অশ্বারোহী সৈন্যের সার্জেন্ট ছিলেন। কিছুকাল পরে ভরোশিলভ যখন অশ্বারোহী সৈন্যদের একটা দল সংগঠন করার প্রয়োজন অনুভব করেন তখন তিনি বুদেনির উপর সেই কাজের ভার দেন। সেই পুরাতণ অশ্বারোহী সার্জেন্ট, অন্তর্যুদ্ধের রূপ কথার নায়ক, আজ আবার সোভিয়েটকে বাঁচিয়ে ফ্যাসিজমকে জগত থেকে বিলুপ্ত করার জন্য সেই দক্ষিণ রুশেই জীবন মরণ সংগ্রামে লিপ্ত।

আজকের মত সেদিনও বুদেনি, ষ্টালিন আর ভরোশিলভ সমস্ত অবস্থা বিপাক ও নৈরাশ্যকে উপেক্ষা করে দৃঢ়তার সাথে নগর রক্ষা ক'রছিলেন। ক্রাস্নভ্ বার বার চেষ্টা ক'রেও জারিতসিন অধিকার করতে পারলে না।

ক্লেম ভরোশিলভ

যখন শরতের মধ্য রাত্রির অন্ধকারে কামানের গর্জ্জন খানিকক্ষণের জন্য থেমে যেত তখন ভরোশিলভ আর ষ্টালিন, দুই বন্ধুতে ব'সে ব'সে কথা কইতেন। তাঁদের পিছনে ফেলে আসা দিনের কথা বলার সময় ছিল না, তাঁরা বর্ত্তমানের কথা ব'লতেন, সেইদিনকার কথা বলতেন। বিশেষ ক রে তাঁরা বলতেন ট্রট্স্কির কথা।

এদেশে অনেকের ধারণা আছে ট্রট্স্কি এবং ষ্টালিনের মধ্যে সম্ভবতঃ একটা কোন ব্যক্তিগত লড়াই ছিল। লেনিনের মৃত্যুর পর তাঁরা যেন ধনীর অপগণ্ড সন্তানদের মত সম্পত্তির ভাগ নিয়ে কাড়াকাড়ি ক'রতে লেগেছিলেন এবং তাই নিয়েই যত গণ্ডোগোল। আসলে কিন্তু ব্যাপারটার মধ্যে মোটেই কোন ব্যক্তিগত ব্যাপার ছিলনা। আর ব্যাপারটাও আজকালকের ব্যাপার নয়। বছর পনোরো আগে যখন ট্রট্স্কিকে সোভিয়েট ইউনিয়ন থেকে বহিষ্কার ক রে দেওয়া হয় তার অনেক আগের থেকেই ট্রটস্কির রাজনৈতিক মতামতের সম্বন্ধে ষ্টালিন বরাবর বিরোধীতা করেছেন। যেকোন সঙ্কট মূহুর্ত্তে ট্রট্স্কি যখন লেনিনকে পৃষ্ঠ প্রদর্শন ক'রেছেন তখন ষ্টালিন এসে দাঁড়িয়েছেন লেনিনের পাশে। এমনকি বিংশ শতাব্দীর গোড়া থেকেই দেখাযায় ষ্টালিন বরাবরই লেনিনের সাথে ট্রটস্কির অদূরদর্শিতা ও সুবিধাবাদী উগ্রবামপন্থী মনকে বাধা দিয়ে এসেছেন। কিন্তু এই বিরোধ খুব বেশী প্রকট হল জারিতসিন অবরোধের সময়ে।

ট্রটস্কি তখন সমর সচিব। তাঁর নির্ব্বাসন কাল আমেরিকায় কাটিয়ে এসে তিনি এই গুরুত্ব পূর্ণ পদে অধিষ্ঠিত হ'য়ে একেবারে ডিক্টেটারী চালে চল্‌ছিলেন। কাজেই তাঁর এই রকম হাবভাব যাঁরা দেশের মধ্যে থেকে এতদিন বিপ্লবটাকে সজীব ক'রে রেখেছেন তাঁদিকে মোটেই ভাল লাগছিল না। এতকাল আমেরিকায় কাটায়ে হঠাৎ এসে সব বিষয়ে, কারণে অকারণে ট্রট্‌স্কির মোড়লী চালানোটা যারা বিন্দু বিন্দু রক্ত দিয়ে বিপ্লব সাধন করেছেন তাঁদের কাছে নিতান্তই অসহ্য মনে হত। ট্রট্‌স্কির বিরুদ্ধে প্রধান অভিযোগ ছিল যে তিনি জার তন্ত্রের আমলের সামরিক অফিসারদের (যেমন ভ্যাজেটিস ইত্যাদিকে) বেশী পছন্দ ক'রতেন অথচ বিপ্লব-সৃষ্ট সামরিক নেতা (যেমন ভরোশিলভ ইত্যাদিকে) মোটেই আমলদিতে চাইতেন না, এমন কি বিরোধীতাও ক'রতেন। যদিও নিয়মতান্ত্রিক ব্যবস্থা অনুযায়ী ভরোশিলভ বহুদূরে অবস্থিত একজন পুরাতন জারতান্ত্রিক অধিনায়কের অধীনে ছিলেন তবুও ভরোশিলভ সেটাকে খুব একটা বড় জিনিষ মনে ক'রতেন না। কারণ তখনকার অবস্থা ঠিক সেরকম ছিলনা। তখন স্থানীয় নেতাদের উপরই যুদ্ধের প্রায় সমস্তটাই নির্ভর ক'রত। কিন্তু ট্রট্‌স্কির আমলাতান্ত্রিক মন কিছুতেই এযুক্তি মানতে রাজি ছিলনা। তাঁর মতে ভরোশিলভের অধিনায়ক ভ্যাজেটীস, তিনি জারিতসিনের স্থানীয় অবস্থা জানুন আর নাই

জানুন তিনি হ'লেন একজন ঝানু সামরিক অফিসার অতএব ভরোশিলভকে ভাজেটীসের আদেশ নিয়ে কাজ ক'রতেই হবে। ভরোশিলভের কাছে তাঁর মোটর-বাহিনী যতই প্রয়োজনীয় মনে হ'ক না কেন ভ্যাজেটীস যদি তা উদ্ভট মনে করেন তাহ'লে ট্রট্স্কির মতে ভরোশিলভকে মোটর-বাহিনী পরিত্যাগ ক'রতে হবে। ট্রট্স্কির এই সমস্ত পীড়াদায়ক আমলাতান্ত্রিক মনোভাব ভরোশিলভ কখনই সহ্য ক'রতেন না। ভরোশিলভের দিক থেকে ট্রটস্কিকে অবিশ্বাস করার এছাড়া আরও অনেক কারণ ছিল।

যে কারনেই হ'ক যখনই ট্রট্স্কির কাছথেকে জারিতসীনের জন্য সৈন্যের আবেদন করা হ'য়েছে তখন হয় ট্রট্স্কি তা পাঠান নাই কিম্বা এমন সব সৈন্য পাটিয়েছেন যারা সঙ্কট কালে শত্রুপক্ষের সাথে গিয়ে যোগ দিয়েছে। এরকম যে একবার হ'য়েছে তা নয়, বার বার হ'য়েছে। কাজেই ষ্টালিন বা ভরোশিলভ কেওই তাঁদের সমর সচীবের উপর শ্রদ্ধা পোষন ক'রতে পারেন নাই।

ট্রট্স্কি যেসব জিনিষ পাঠাতেন তার মধ্যে একটী জিনিষ ছিল খুব খাঁটী আর নির্জ্জলা। প্রতিনিয়ত যে টেলিগ্রাম গুল ট্রট্স্কি পাঠাতেন তার মধ্যে কোন ভেজাল থাকতনা। কেখনও কৈফিয়ৎ তলব ক'রে, কখনও আদেশ মানবার দাবী ক'রে,

কখনও ভীষণ শাস্তির ভয় দেখিয়ে, প্রত্যহ টেলিগ্রাম এসে হাজির হ'ত।

সেই সময়কার ইতিহাসকে ভিত্তিক'রে বর্ত্তমানে সোভিয়েটে যে মিউজিয়াম বা যাদুঘর আছে সেখানে গেলে আজও একটী টেলিগ্রাম দর্শকরা দেখতে পাবেন যাতে বিজয়গর্ব্বে ভরোশিলভকে আদেশ দেওয়া হ'য়েছে নসোভিচ নামে একজন জারতান্ত্রিক সমর নায়ককে কর্ম্মভার বুঝিয়ে দিতে।

সেই টেলিগ্রামের উপর হাতে লেখা একটী মন্তব্য র'য়েছে, লেখাটী ষ্টালিনের। যা লেখা আছে তার অর্থ হ'ল :—"এই বিষয়ে কোন বিবেচনার দরকার নেই।"

কিন্তু এমনি ক'রে আর বেশীদিন চলে না। ট্রটস্কি দেখলেন তাঁর সমর সচীবের পদ নিরর্থক হ'য়ে উঠছে। তিনি লেনিনের আশ্রয় গ্রহণ ক'রলেন। লেনিনের কাছে নানান ভাবে ষ্টালিনের এবং ভরোশিলভের বিরুদ্ধে অভিযোগ করলেন। অন্যদিকেও নানা ভাবে চেষ্টা ক'রে তিনি ষ্টালিনকে জারিতসিন থেকে ফিরিয়ে আনার ব্যবস্থা ক'রে, স্বশরীরে জারিতসিনে ভরোশিলভের কাছে এসে হাজির হ'লেন। উভয়ের মধ্যে নাটকীয় ভাবে এক সাক্ষাৎকার হ'ল।

ট্রট্স্কি ভরোশিলভের কাছে জানতে চাইলেন "বলুন কমরেড! জারিতসিনে সমর সচীবের এবং অন্যান্য অধিনায়ক-দের আদেশ কি ভাবে পালিত হ'য়েছে?"

ভরোশিলভ অত্যন্ত সংক্ষেপে উত্তর দিলেন "আমরা সেই সব আদেশ ঠিক ভাবে পালন ক'রেছি যেগুলি পালনের উপযুক্ত মনে করেছি।"

ট্রট্স্কি বল্লেন, "আমিও ঠিক তাই জানতাম। কিন্তু কমরেড্ এখন থেকে আপনাকে প্রত্যেকটী আদেশ অক্ষরে অক্ষরে পালন ক'রতে হ'বে। যদি কোন একটী আদেশ অমান্য করা হয় তাহ'লে আপনাকে তৎক্ষণাৎ বিপ্লবী বিচারালয়ের সামনে আনা হবে আর গুলি করা হ'বে। বুঝেছেন? বাস্।" ভরোশিলভ এই সর্ত্তে কাজ করতে অস্বিকার ক'রলেন। সুতরাং তাঁকে উক্রাইনে বদলী করে দেওয়া হ'ল।

কিছুদিনের মধ্যেই জেনারেল্ র‍্যাঙ্গেলের হস্তে জারিতসিনের পতন হ'ল।

ডেনিকিনের অবসান

১৯১৮ সালে ১১ই নভেম্বর মহাযুদ্ধের পরিসমাপ্তি হ'ল। কিন্তু শিশু সোভিয়েটের বিরুদ্ধে বৈদেশিক ধন-তান্ত্রিকদের ষড়যন্ত্রের অবসান হ'ল না। ১৯১৯ সালের ১৭ই নভেম্বর তদানীন্তন বৃটীশ প্রধান মন্ত্রি লয়েড জর্জ্জ হাউস্ অফ্ কমন্সে বলেছিলেন "আমাদের এ দেশের মত পৃথিবীর কোন দেশ রাশিয়ার বিপ্লব বিরোধীদের সাহায্যে টাকা ঢালে নাই· একটী দেশও না। ফ্রান্স, জাপান, এমেরিকা সবাই ঢেলেছে বটে—কিন্তু বৃটেন এই সমস্ত শক্তি একত্রে যা খরচ করেছে তার চাইতেও বেশী টাকা ঢেলেছে। ম্যান্সন্ হাউসে আর একটী বক্তৃতায় তিনি হিসাব দিয়েছিলেন যে বৃটীশ গভর্ণমেণ্ট প্রায় ১০০ মিলিয়ন অর্থাৎ দশ কোটী পাউণ্ড খরচ ক'রেছে সোভিয়েটকে ক্ষমতা চ্যুত করার জন্য। ভবোশিলভ হ'লেন তাঁদেরি একজন যাঁদের কারণে এই বিরাট অর্থব্যয় (যার জন্য এখনও আমরা ট্যাক্স বহন ক'রছি) ইপ্সিত ফল দিতে পারে নাই।

১৯১৮ সালে যখন জার্ম্মাণীর পতন হ'ল তখন স্বভাবতই উক্রাইন ও অন্যান্য স্থান থেকে জার্ম্মান বাহিনী অপসারিত হ'ল। কিন্তু এর তুলনায় জার্ম্মান যুদ্ধ বিরতির সুযোগ পেয়ে মিত্রশক্তি যে ভাবে চাপ দিতে লাগলেন তাতে সোভিয়েটের অবস্থা

আরও খারাপ হয়ে দাঁড়াল। তিনজন হোযাইট রাশিযান জেনারেল বা বিপ্লব বিরোধী অধিনায়ক, এঁদের সাহায্য পেযে বলশেভিক ক্ষমতাকে সঙ্কটাপন্ন ক'রে তুল্ল।

বাল্টীক দেশগুলির থেকে ইউদেনিচ পেট্রোগ্রাডের সামনে অগ্রসর হচ্ছিল। ওদিকে কল্‌চাক্ সাইবেরিযার থেকে পশ্চিমে চাপ দিযে ইরানে এসে পড়ছিল। তার লক্ষ্য ছিল ইউরোপীয রাশিযার সমতল ভাগের উপর। আর দক্ষিণে যেখানে ভরোশিলভ ছিলেন, ডেনিকিন্ মহোল্লাসে মস্কোর প্রায ২০০ মাইলের মধ্যে এসে পড়েছিল। "ডেলি-এক্সপ্রেস" পত্রিকার যে প্রতিনিধি ডেনিকিনের ফৌজের সাথে ছিলেন তিনি বিবরণ দিযেছেন কেমন ভাবে বৃটীশ বৈমানিক, গোলন্দাজ ও অন্যান্য বিশেষজ্ঞরা নিযত ডেনিকিনকে সাহায্য করছিল ও কেমন ভাবে সময সময তাদের হস্তক্ষেপের ফলে ডেনিকিন নির্ঘাত পতন থেকে বেঁচে যাচ্ছিল।

আবার সাইবেরিযাতেও সেই রকম কল্‌চাকের নামে সাধারণ লোকে একটা গানই বেঁধে ফেলেছিল :—

ব্রিটীশের পোষাকে
ফরাসীর সাজ,
জাপানীর তামাক খেযে
কলচাকের নাচ।

*　　*　　*

পোষাক ত ছি'ড়ল
সাজও ত' গিয়েছে
তামাকু ফুরোল'
কলচাক 'মরেছে।

এই গানের থেকেই বোঝা যায় যে এই সমস্ত বিদেশী শক্তির সাহায্য এতদূর প্রকট ছিল যে সাধারণ লোকেও তা নিয়ে গান বেঁধে ফেলেছিল। মোট কথা সোজা ভাষায় বলতে গেলে বিদেশী সাহায্য না পেলে কল্‌চাক্ ডেনিকিন্ বা ইউদেনিচ্ প্রভিতির একদিনও টীকে থাকার সামর্থ ছিল না।

১৯১৯ সালের প্রথম দিকে ভরোশিলভ উক্রাইনের পিপল্‌স্ কমিসার, খারখব সামরিক অঞ্চলের মিলিটারি কমাণ্ডার আবার চতুর্দ্দশ সেনাদলের অধিনায়ক এই তিনটী পদে অধিষ্ঠিত ছিলেন। গ্রীষ্মের সময় ডেনিকিন্ খারখব অধিকার ক'রে সারা উক্রাইন দখলীভূত ক'রল। ১৩ই অক্টোবরের মধ্যে ডেনিকিন্ মস্কো থেকে ২০০ মাইল দূরে ওরেলে পৌঁছিয়ে টুলার দিকে দ্রুত অগ্রসর হচ্ছিল। টুলা হাতে এলে সামরিক দিক থেকে এক অতি মূল্যবান স্থান ডেনিকিনের দখলে আসে, রাজধানী খুবই নিকটে এসে পড়ে। ওদিকে ইউডেনিচ একেবারে পেট্রোগ্রাডের সামনে হাজির। জগতের ধনতান্ত্রিকরা তখন মহা উল্লাসে মত্ত, তারা ধরে নিয়েছে বলশেভিকদের পরমায়ু আর কয়েকদিন মাত্র।

চারিদিকে এই রকম সঙ্কট ও হতাশার ঘনান্ধকারের মধ্যে ভরোশিলভ আবার তাঁর স্বস্থানে ফিরে এলেন। লেনিন নির্দ্দেশ দিলেন 'যা কিছু আছে ডেনিকিনের বিরুদ্ধে সংগ্রামে লাগাও।' ষ্টালিন, ভরোশিলভ আর বুদেনিকে পাঠান হ'ল বিপর্য্যস্ত দক্ষিণ মোহড়াকে বেঁধে ফেলবার জন্য। ষ্টালিন এই স্বর্ত্তে কাজের ভার নিতে স্বীকৃত হ'লেন যে, ট্রট্স্কি তাঁদের কাজে কোন রকম হস্তক্ষেপ ক'রতে পাবেন না। চারিদিক থেকে লালফৌজ ডেনিকিনকে বাধা দেওয়ার জন্য সমবেত হচ্ছিল। ট্রট স্কি আর তাঁর বন্ধুরা মিলে পাল্টা আক্রমণের একটা পরিকল্পনা ঠিক ক'রেছিলেন। ভরোশিলভ তাঁর অনন্য সাধারণ সামরিক দূরদর্শিতার জন্য তৎক্ষণাৎ এই পরিকল্পনার মারাত্মক ত্রুটীগুলি ধরে ফেল্লেন। ষ্টালিনকে তিনি সেগুলি বুঝিয়ে দিয়ে ষ্টালিনের পরামর্শে একটী নূতন পরিকল্পনা খাড়া ক'রলেন। ট্রট্স্কির দল প্রস্তাব ক'রেছিলেন পূর্ব্ব দিকে কসাকদের দেশের মধ্য দিয়ে পাল্টা আক্রমণ চালাতে হবে। ভরোশিলভ দেখিয়ে দিলেন যে কসাকরা বরাবর বিপ্লব বিরোধী, ওদের দেশের মধ্যে দিয়ে আক্রমণ চালালে উল্ট ওরাই আরও জোরে প্রতি আক্রমণ চালাবে ফলে, লাল-ফৌজ বিপর্য্যস্ত হবে। কিন্তু যদি উক্রাইনে খারখবের উপরে ডনবাসের মধ্য দিয়ে আক্রমণ চালানো যায় তাহ'লে বন্ধু ভাবাপন্ন উক্রাইন ও বিপ্লবী ডনবাসীরা বরাবরই লালফৌজকে

সাহায্য ক'রবে। ভরোশিলভের পরিকল্পনা কেন্দ্রীয় কমিটীতে পাঠানো হ'লে তাঁরা সেটা গ্রহণ ক'রলেন এবং ভরোশিলভকে বিচ্ছিন্ন অশ্বারোহী সৈন্যদের সমবেত ক'রে সোভিয়েটের প্রথম অশ্বারোহী বাহিনী গঠন ক'রতে আদেশ দিলেন। ভরোশিলভ কাজে লাগলেন আর তাঁর দক্ষিণ হস্ত হ'য়ে কাজে লাগলেন বুদেনি। অক্টোবর, নবেম্বর ও ডিসেম্বর এই তিন মাসে পৃথিবীর ইতিহাসে আর একটি স্মরণীয় অশ্বারোহী সৈন্যের সংগ্রাম হয়ে গেল।

১৯শে অক্টোবর লালফৌজ ওরেল থেকে ডেনিকিন্‌কে হ'টীয়ে দিল। ২৩সে শুভ সংবাদ এসে পৌছল যে আগের দিন ইউদেনিচ্ পেট্রোগ্রাডের মাত্র আট মাইল দূরে থাকতে একেবারে বিধ্বস্ত হয়েছে। এই সমস্ত আশাপূর্ণ সংবাদ পেয়ে মহোল্লাসে লাল ফৌজ এগিয়ে গিয়ে ভরোনেজ্ দখল করল।

অক্টোবরের শেষ তারিখে ডেনিকিন্ দ্রুত পিছু হাঁটতে লাগল, মস্কোর নিরপত্তা ফিরে এল। কিন্তু থামলে চলবে না। প্রথম অশ্বারোহী বাহিনী ঝড়ের মত দক্ষিণে এগিয়ে চল্ল।

১৯শে নভেম্বর লালফৌজ কুর্গে পৌছাল। ডেনিকিন্ এখন মূল রাশিয়া থেকে বিতাড়িত। এবার উক্রাইন পরিষ্কারের পালা।

১১ই ডিসেম্বর লালফৌজ আবার খারখবে ফিরল। ১৯১৯ সালের শেষ তারিখে লালফৌজ ডেনিকিনের প্রধান সৈন্যদল

দ্বিধাবিভক্ত ক'বে ফেল্লে আব ডোনেট্সের কয়লার খনিগুলো তাদের হাতে চ লে এল।

পশ্চিমে লালযৌজ উক্রাইনেব প্রধান সহব কীয়েভ দখল ক'রল। পূর্ব্বে ৩বা জানুযাবী আজকাল যাব নামকরণ হ'যেছে ষ্টালিনগ্রাড সেই জাবিতসিনে সোভিযেটেব লাল পতাকা আবাব উডতে লাগল। ভবোশিলভ আর তাঁব ঘোডসাওযাব তবুও ছুটে চললেন। ১০ই জানুযাবী ডেনিকিনকে বসটভ্ থেকে তাডিযে উত্তব ককেশাসের প্রান্তরে পাঠিযে দিলেন।

তবুও ডেনিকিন্ আর একবাব শেষ চেষ্টার জন্য তার সৈন্যদেব পুনর্ব্বাব সঙ্ঘবদ্ধ ক'বল। কিন্তু ভবোশিলভ আগেব থেকে তাঁব পরিকল্পনা বুঝতে পেরে এমন ভাবে তডিত আক্রমণ ক'বলেন যে ডেনিকিনেব শেষ চেষ্টা ধূলিস্মাত হ যে গেল। যাবা বেঁচে রইল তাবা প্রাণ নিযে পালিযে কৃষ্ণ সাগবের তীবে তাদেব জন্য অপেক্ষারত বৃটীশ ও ফবাসী জাহাজ গিযে উঠে প্রাণ বাঁচাল।

১বা এপ্রিল কন্ষ্টান্টিনোলেব বৃটীশ হাই কমিশনার ডেনিকিনের কাছে লাল সমব নাযকদের প্রদত্ত সর্ত্তাবলী গ্রহণ ক'বতে নির্দ্দেশ দিয়ে ডেনিকিন সম্বন্ধে নিম্নলিখিত মন্তব্য করেন :—

"বৃটীশ গভর্ণমেণ্ট পূর্ব্বে তাঁকে প্রচুর সাহায্য করেছেন

এবং সেইটিই হ'ল একমাত্র কারণ যার জন্য তিনি এতদিন পর্য্যন্ত সংগ্রাম চালাতে পেরেছেন। সুতরাং তারা (অর্থাৎ বৃটীশ গভর্ণমেণ্ট) আশা করে যে তিনি (ডেনিকিন) এই সমস্ত প্রস্তাব গ্রহণ ক'রবেন।"

তাহ'লে দেখা যাচ্ছে ভরোশিলভের সেদিনের জয় শুধু ডেনিকিন্ বিজয় নয় সেদিনকার ইউরোপে যারা সর্ব্বময় কর্ত্তা তাদের উপর জয়। বৃটীশ ও ফরাসী ধনতান্ত্রিকদের শত চেষ্টা সত্ত্বেও ডেনিকিন্ জিততে পারল না। তাকে পরাজয়ই স্বীকার ক'রতে হ'ল।

আবার ষড়যন্ত্র

১৯২০ সালের মাঝামাঝি ইউরোপীয় রাশিয়ার অধিকাংশেই সোভিয়েট শক্তি সমস্ত বিরোধী শক্তিদের পরাজিত করে মাথা তুলে দাঁড়িয়েছে। ভরোশিলভের শৈশব, কৈশোর ও যৌবনের লীলা ভূমি ডন্‌বাস্ স্বাধীন ও মুক্ত হয়েছে। ভরোশিলভের সামনে এখন প্রশ্ন এল তিনি কি ক'রবেন? তিনি কি ডন্‌বাসেরই উন্নয়নের জন্য কাজে লাগবেন, না আবারও ঘোড়ার পিঠে থেকে অন্যান্য স্থান থেকে সোভিয়েট শত্রুদের সরিয়ে দেবার জন্য যুদ্ধক্ষেত্রে অগ্রসর হবেন। ভরোশিলভের হয়ত মনে মনে ডন্‌বাসের শিল্পকেন্দ্রগুলিকে পুনরায় সঙ্ঘবদ্ধ ক'রে সোভিয়েটএর শিল্প উন্নতির জন্য চেষ্টা করার ইচ্ছা ছিল।

কিন্তু কম্যুনিষ্টরা কোথায় কাজ ক'রবে, কোথায় থাকবে এ বিষয়ে যদিও তাদের ব্যক্তিগত মতামতের দিকে লক্ষ রাখা হয়ে থাকে তবুও পার্টির সিদ্ধান্তই হ'ল তাদের শেষ সিদ্ধান্ত। পার্টি যেমন নির্দ্দেশ দেয় কম্যুনিষ্টরা সেই মতই ক'রে থাকে। পার্টি যেখানে যেতে ব'লে সেইখানেই যায়। পার্টির সঙ্গে তাদের জীবন ও কাজ একেবারে ওতঃপ্রোত ভাবে জড়িত। পার্টির বাইরে কম্যুনিষ্টদের ব্যক্তিগত জীবন

সম্বন্ধে বিশেষ কিছুই জানা যায় না। সেইজন্য ভরোশিলভেরও ব্যক্তিগত জীবন সম্বন্ধে খুব বেশী কিছু জানা সম্ভব নয়। কম্যুনিষ্ট নেতারা আবার নিজেদের সম্বন্ধে কখনও বেশী কিছু বাইরে বলেন না। তবুও একটা ছোট্ট ব্যক্তিগত খবর পাঠকদের ব'লে দেওয়া দরকার। আমাদের কমরেড ভরোশিলভ এরই মাঝে একদিন একজন সুন্দরী নৃত্যশিল্পী মহিলাকে—বিয়ে ক'রে ফেলেছেন। মহিলাটীর নাম ক্যাথরিণ ডাভিডোভ্না। এই মহিলার সম্বন্ধে নানারূপ রোমাঞ্চকর কাহিনী মাঝে মাঝে শোনা যায় অবশ্য সে সব গল্পের সত্যতা সম্বন্ধে যথেষ্ট সন্দেহের কারণ আছে। এসব ব্যাপার নিয়ে অন্যান্য দেশের মত সোভিয়েটে খুব বড় একটা আলোচনা হয় না। সেখানকার জনসাধারণও মনে ক'রে তাদের নেতাদের ব্যক্তিগত জীবন তাঁদের নিজস্ব ব্যাপার, ওনিয়ে মাথা ঘামাবার কোন প্রয়োজন সাধারণের নাই। নেতারাও সেজন্য ব্যক্তিগত স্মৃতি নিয়ে আত্মজীবনী রচনা করেন না। বিদেশী সংবাদপত্র প্রতিনিধিরাও সোভিয়েটে গিয়ে কম্যুনিষ্ট নেতাদের সম্বন্ধে এসব সংবাদ সংগ্রহ করতে গিয়ে হতাশ হন। তাঁরা ত আর জানেন না যে এইসব নেতাদের জীবন পার্টির সাথে অঙ্গাঅঙ্গী ভাবে জড়িত। তাই ১৯২০ সালে ভরোশিলভ যখন হয়ত ডন্‌বাসের উন্নয়নের দিকে মনোনিবেশ করার ইচ্ছা ক'রে থাকবেন তখন তাঁর উপর আদেশ এল

আবার সৈন্য পরিচালনা করার জন্য। পোল্যাণ্ড এই সময় স্বাধীন হয়েছে কিন্তু পোলিশ ধনিকরা তাতে ক্ষান্ত না হ'য়ে তারা ১৭৭২ সালে তাদের যে ক্ষাজন্মা সাম্রাজ্য হয়েছিল, যার সীমানা উক্রাইন পর্য্যন্ত বিস্তৃত হয়েছিল সেই সাম্রাজ্য পুনস্থাপনের স্বপ্ন দেখতে আরম্ভ করল। পোল্যাণ্ড সামরিক অধিনায়কত্বের অধীনে স্বেচ্ছাচারী রাষ্ট্রে পরিণত হ'ল। এই সময়ের টাইম্‌স্ পত্রিকার ওয়ারসর সংবাদদাতা জানান "রাস্তার মধ্যে প্রত্যেক পাঁচ জনার মধ্যে একজনকে সমরসজ্জায় সজ্জিত দেখা যাচ্ছে। কি দুঃখের বিষয় যে, এইসব যুবকরা যাদের এখন ক্ষেতে খামারে কাজ করার বা শিক্ষা সমাপ্ত করার সময় তারা সেইসব ছেড়ে চ'লেছে যুদ্ধ করতে।" এখানেও ফরাসী ও বৃটীশ সরকাররা পোল্‌দিগকে উৎসাহিত করার জন্য বহুলাংশে দায়ী। ১৯২০ সালের ৫ই জানুয়ারীর মর্ণিং পোষ্ট পত্রিকা লেখেন "বসন্তকালে বলশেভিকদের বিরুদ্ধে একটা পোলীশ অভিযান পরিচালিত হ'বে কি না এ প্রশ্নের উত্তর অনেক খানিই নির্ভর ক'রছে ফ্রান্স ও বৃটেনের উপর।"

এর ঠিক দু'দিন পরে টাইমস পত্রিকায় লেখা হ'ল :—

"যদি সোভিয়েট উচ্ছেদের জন্য পোলাণ্ডকে ইংলণ্ড ও ফ্রান্সের দ্বারা সাহায্য ও উৎসাহিত করাই ঠিক হ'য়ে থাকে তা হ'লে এটা জানা দরকার যে শুধু সামরিক প্রয়োজনীয় নয়

পোলাণ্ডকে তার ঘর সামলান ও অর্থনৈতিক দূরবস্তার উন্নতির জন্য সাহায্য করা খুবই দরকার।"

পোলাণ্ডের আভ্যন্তরীণ অবস্থা এই সময় অত্যন্তই খারাপ ছিল। চারিদিকে দুর্ভিক্ষ, টাইফাস,টাইফুস, ও ডিসেণ্টারী ভীষণ মহামারীর আকার ধারণ করেছিল। সত্যই এ সময় পোলবাসীদিকে সোভিয়েটের বিরুদ্ধে উৎসাহিত না ক'রে তাদের ঘর সামলাতে উপদেশ ও সাহায্য দিলে তাদের অনেক উপকার হ'ত। কিন্তু ধনতান্ত্রিক ,রাষ্ট্রনীতি অপরকে সাহায্য করে তার নিজের স্বার্থ বজায় করার জন্য, সাহায্য গ্রাহকের স্বার্থে নয়। আজকে যেমন কন্‌টীনেণ্টাল ইউরোপ থেকে অপসারিত বৃটীশ শক্তি সোভিয়েটের সঙ্গে মিতালী ক'রতে উৎসাহিত সেদিন তেমনি ইউরোপের ভাগ্য বিধাতা, ফরাসী ও বৃটীশ শক্তি সোভিয়েটকে উৎখাত করবার জন্যই ব্যগ্র ছিল।

ভবোশিলভকে এই সময় কি রকম বিপদের সম্মুখীন হ'তে হয়েছিল সেইটুকু বোঝার জন্য উপরোল্লিখিত ইতিহাসটুকু জানার দরকার। বিশেষ আজও যখন অনেকের ধারণা আছে যে সোভিয়েট ১৯৩৯ সনে পোলাণ্ডে ও ফিনল্যাণ্ডে যা করেছে তা নিতান্তই অন্যায় তখন এটা জেনে রাখা ভাল যদি তাই হ'য়ে থাকে তা হ'লেও তার যথেষ্ট কারণ ছিল। এইখানে ব'লে রাখা ভাল ফিনল্যাণ্ডের ইতিহাস এদিক থেকে ঠিক

পোলাণ্ডেরই মত। কিন্তু তাই ব'লে যদি কেও মনে করেন যে এইজন্য ভরোশিলভএর পোল ও ফিনুবাসীদের উপর জাত-ক্রোধ আছে তা হ'লে তিনি অত্যন্ত ভুল করবেন। কারণ ভরোশিলভ সে ধাতেরই লোক নন। তিনি নিজে একজন শ্রমিক, একজন কম্যুনিষ্ট, তিনি নিজেকে একজন আন্তর্জ্জাতিক শ্রমিক আন্দোলনের কর্ম্মি ব'লে জানেন। তিনি বিশ্বাস করেন জগতের শ্রমিক চাষীরা সব এক। তাদের মধ্যে অন্তর্নিহিত ঐক্য সর্ব্বদাই বর্ত্তমান। তিনি জানেন যে তাদের এই অন্তর্নিহিত ঐক্য, উপরের সমস্ত বাধা বিপত্তি অতিক্রম ক'রে একদিন নিজেকে প্রতিষ্ঠিত ক'রবেই। কাজেই তাঁর পক্ষে কোন জাতির কোন মানুষের প্রতি জাতক্রোধ থাকা অসম্ভব। পোল, জার্ম্মাণ, ফিনিশ, হাঙ্গেরিয়ান, রুমানিয়ান জনতাদের তিনি কোনদিন ঘৃণা করতে পারেন না—তাদের সম্বন্ধে তাঁর ধারণা, হিটলার, ম্যানারহিম, আর্টানেস্কু প্রভৃতির সম্বন্ধে যে ধারণা তার থেকে সম্পূর্ণ পৃথক। শেষের ব্যক্তিদের যেমন তিনি ঘৃণা করেন তাদের দেশবাসীদের তিনি তেমনি ভালবাসেন যদিও একাধিকবার তাদের অনেকের সাথে তাঁকে লড়তে হ'য়েছে ও হচ্ছে।

তাঁর এই মনোভাব অতি সুন্দর ভাবে প্রকাশ পেয়েছিল বছর দু'তিন আগে লাল ফৌজের নিকট প্রদত্ত তাঁর একটী বক্তৃতায়। লাল ফৌজের শত্রুকে পরাজয় করার ক্ষমতা

সম্বন্ধে তাঁর স্বাভাবিক আস্থা জ্ঞাপন ক'রে তিনি বল্লেন আমরা শত্রুকে পরাজিত ক'রতে চাই—"কিন্তু সব চেয়ে কম লোকক্ষয় ক'রে, শুধু নিজেদের নয় বিপক্ষেরও।"

এই কথা কয়টী ভরোশিলভের চিত্তকে অতি স্পষ্ট ভাবে আমাদের সামনে তুলে ধরে। ভরোশিলভ রক্তপিপাসু সমরবীদ নন। তিনি যুদ্ধের জয়গান গান না। তিনি শুধু জানেন ধনতান্ত্রিক রাষ্ট্র পরিবেষ্টিত শিশু সমাজতান্ত্রিক সমাজের বেঁচে থাকার জন্য যুদ্ধের প্রয়োজন আছে, তাই তিনি যোদ্ধা—তাই তিনি বর্ত্তমান লালফৌজের স্রষ্টা। আসলে অন্তরের থেকে তিনি যুদ্ধ জিনিষটা চান না, তাকে ঘৃণা করেন।

কিন্তু এখনকার লাল ফৌজ আর ১৯২০ সালে তিনি যে লালফৌজ নিয়ে পোলিশ সমরনায়কদের বিরুদ্ধে অগ্রসর হয়েছিলেন এ দুইএ আকাশ পাতাল প্রভেদ।

পোল্যাণ্ডের সমর নায়করা ডেনিকিনের পরাজয় নিশ্চিত হওয়া পর্য্যন্ত অপেক্ষা করে ব'সে ছিলেন। কারণ তাঁরা জানতেন যে ডেনিকিন যদি জেতে ও রাশিয়ার শাসক হয় তাহ'লে শেষ পর্য্যন্ত পোলাণ্ডকে আবার সে রুশ সাম্রাজ্যের ভিতর টেনে আনবে। পোলাণ্ডের অপেক্ষা ক'রে থাকার আরও কারণ এই ছিল যে যদি ডেনিকিনই সোভিয়েট উচ্ছেদে সফল হয় তাহ'লে ইংলণ্ড ও ফ্রান্স আর পোলাণ্ডকে সাহায্য ক'রতে আসবে না। আর ওদের সাহায্য না পেলেত' কিছুই হ'বে না।

তাই যখনই দেখা গেল যে ডেনিকিন নাজেহাল, হ'য়েছেন তখনই পোলাণ্ড সোভিয়েটের কাছে এমন কতকগুলি দাবী উত্থাপন ক'রল যেগুলি টাইমস্ পত্রিকা পর্য্যন্ত "কিম্ভূতকিমাকার" বলে বর্ণনা করেছিল।

বলা বাহুল্য এই সব দাবী প্রত্যাক্ষিত হয। সঙ্গে সঙ্গে পোলীশ সৈন্য তড়িৎ গতিতে সমস্ত পশ্চিম উক্রাইন পদানত ক'রে কীযেভে প্রবেশ কবে। সম্রাট পঞ্চম জর্জ্জের নামে এই সময পোলাণ্ডের রাষ্ট্রনেতা পিল্সুড্স্কির নিকট অভিবাদন জানিযে একটী টেলিগ্রাম পাঠানো হয।

ডেনিকিনের সৈন্যেব শেষাংশেব পিছনে ধাবমান প্রথম অশ্বাবোহী বাহিনী ও ভবোশিলভেব উপব তৎক্ষণাৎ উক্রাইনে ফিববার জন্য আদেশ এল। তাঁদিকে দ্রুত সংগঠিত সোভিযেট মোহডাব বামে অর্থাৎ দক্ষিণে রাখা হ'ল। ভরোশিলভকে তুকাচেভ্স্কিব সর্ব্বময ক্ষমতাব অধীনে থাকবার আদেশ দেওযা হ'ল

ষ্টালিন আবাব ভবোশিলভেব পাশে এসে দাঁডালেন, আর বুদিনিও থাকলেন সাথে। ওদিকে তুকাচেভ্স্কি রইলেন সমর সচিব ট্রট্স্কিব সাথে নিয়ত সংযোগে। সুতরাং ১৯২০ সালেই বিভেদের সীমারেখা বেশ স্পষ্টই দেখা যাচ্ছিল ব'লতে হ'বে।

আবার, ভবোশিলভ এবং বুদেনি দুর্ব্বার বেগে এগোতে আরম্ভ ক'রলেন। ঠিক ডেনিকিনের মতই পোলীশ সৈন্যকেও

তাঁরা দ্বিধাভক্ত ক'রে' ফেললেন। জুনের গোড়াতেই তাঁরা কীযেভ পরিবেষ্টন ক'রে পোলাণ্ডের সাথে রেলপথ যোগাযোগ ছিন্ন ক'রে পোলদিকে কীযেভ পরিত্যাগ ক'রতে বাধ্য করেন। তারপর উক্রাইনের সীমা অতিক্রম ক'রে গ্যালিসিয়া পর্য্যন্ত দুর্ব্বার বেগে এগিয়ে গেলেন। অনিচ্ছুক অভিজ্ঞদেরও স্বীকার করতে হ'য়েছে যে অশ্বারোহী সৈন্যের এমন আক্রমণ নেপোলীয়নের পর আর হয় নাই। ওদিকে উত্তরে ও মাঝে সোভিয়েট ফৌজ আগিয়ে গিয়ে ভীসচুলা অতিক্রমণ ক'রলে। জুনের শেষ তারিখে ৫০০ মাইল দীর্ঘ ব্যাপী সমগ্র মোহড়ায় পোলীশ সৈন্য পশ্চাতে হ'টতে লাগল। আগষ্টের মাঝামাঝি তুকাচেভ্স্কি ওয়ারস'র বহির ভাগের দুর্গবেষ্টনীর সামনে এসে পড়লেন।

এর পর যে ঠিক কি হ'য়েছে সে সম্বন্ধে ঐতিহাসিকদের মধ্যে খানিকটা মত বিরোধ আছে। যে কারণেই হ'ক এই সময় ষ্টালিন ও ভরোশিলভ তড়িৎ গতিতে তুকাচেভ্স্কির সাহায্যে না এসে দক্ষিনেই তাঁদের আক্রমণ চালাতে থাকেন। যে কারণেই হ'ক এ সময় ষ্টালিনের সমর্থনে ক্লেম, তুকাচেভ্স্কির আদেশ অমান্য করেন। এদিকে ফরাসী অধিনায়ক জেনারল ওয়েগাঁর অধীনে পোলরা যে প্রতি আক্রমণ চালালো তুকাচেভস্কি তা ঠেকিয়ে রাখতে পারলেন না। যেমন গতিতে তিনি এগিয়ে গিয়েছিলেন তেমনি ভাবে আবার ফিরে

আসলেন। অক্টোবর মাসে রীগাতে যে সন্ধিপত্র স্বাক্ষরিত হ'ল, তাতে সোভিয়েট বিগত ১৯৩৯ সালেব সেপ্টেম্বরে পুনরধিকৃত স্থান গুলি ছেড়ে দিল। ভবোশিলভ তাঁর সৈন্য সামন্ত ঠিকভাবে বাঁচিযে ফিরৎ আনলেন। এইভাবে ফিরে আসা সম্ভব হ'ত না যদি ভরোশিলভ তুকাচেভ্স্কির আদেশ পালন ক'রতেন।

এদিকে রীগার চুক্তি স্বাক্ষর হ'তে না হ'তে ডেনিকিনের পুবাতন বন্ধু জেনাবল র‍্যাঙ্গেল ক্রিমিযাকে কেন্দ্র ক'রে, এক বিদ্রোহ ঘোষণা ক'রে, উইক্রানের মধ্য দিযে, মস্কোর দিকে অগ্রসর হ'তে আরম্ভ করেন। আবার ভবোশিলভকে সেখানে পাঠানো হ'ল। ভবোশিলভ ব্যাঙ্গেলকে পিছন হটায়ে, ক্রিমিয়াব সমুদ্র তীরে এনে, নভেম্বরের এক অন্ধকার রাত্রে সমুদ্রেব জল ঠেলে এমন এক আকস্মিক আক্রমণ করলেন যে কোনমতে তারা পালিযে ফবাসী ও বৃটীশ জাহাজে উঠে কন্সটান্টিনোপ্‌লে গিযে প্রাণ বাঁচাল।

ভরোশিলভ উত্তরে ফিরলেন। কিন্তু তাঁর বিশ্রাম নাই।

১৯২১ এর মার্চ্চ মাসে সোভিয়েট ইউনিয়নের কম্যুনিষ্ট পার্টির দশম সাধাবণ অধিবেশনে যোগদানেব জন্য তিনি প্রতিনিধি হ'যে গেলেন। কিন্তু অধিবেশন বসবাব দশদিন আগে ক্রনষ্টাডে সৈন্য ও নাবিকদের মধ্যে বিদ্রোহ হ'ল। ক্রনষ্টাড্ হ'ল লেনিনগ্রাডের সম্মুখের সমুদ্র রক্ষার নৌবহরের

ঘাঁটী। আবার ভরোশিলভ বরফ ঢাকা সমুদ্রের উপর দিয়ে আক্রমণ চালালেন এবং চিরদিনকাব কথিত অভেদ্য দুর্গের পতন হ'ল। সেখান থেকে পার্টী সম্মেলনে ফিরতেই তাঁকে পার্টীব কেন্দ্রীয কমিটীতে নির্ব্বাচিত করা হ'ল। এব পূর্ব্বে আর কখনও তিনি এই পদে অধিষ্ঠিত হন নাই।

পার্টীব দশম সম্মেলন অনেক দিক থেকে গুরুত্বপূর্ণ ছিল। এই সময় পার্টীব মধ্যে ভীষণ সঙ্কট দেখা দিযেছিল। অধিবেশনে লেনিনেব প্রস্তাব, ষ্টালিন, ভরোশিলভ ও অন্যান্য খাঁটী বলশেভিকদেব সমর্থনে শেষ পর্য্যন্ত গৃহীত হ'ল। এর পব পার্টীব প্রায এক লক্ষ সত্তব হাজাব সভ্যকে অর্থাৎ প্রায একের চাব ভাগ সভ্যকে পার্টী থেকে বহিষ্কাব করা হয়। এর থেকেই বোঝা যায যে, যে অধিবেশন এতগুলি সভ্যকে বাব ক'বে দিতে বাধ্য হয তার গুরুত্ব কত বেশী। অথচ এই গুরুত্বপূর্ণ অধিবেশনই ভবোশিলভকে পার্টিব কেন্দ্রীয কমিটিতে নিযুক্ত কবে।

এই বছবেবই শেষেব দিকে চীন গভর্ণমেণ্টের সাথে "চাইনীজ ইষ্টার্ণ রেলওযে" নিয়ে আবাব একটী যুদ্ধেব প্রযোজন হ'ল। সেখানে যুদ্ধ চালিযে তিনি ব্যাপাবটার সামযিক ভাবে মীমাংসা ক'বে এলেন। কিন্তু এই যুদ্ধের ফলে সুদূর প্রাচ্য, বিশেষ করে বর্ত্তমাণ জাপানী পাপেট বাষ্ট্র মাঞ্চুকুও যেখানে অবস্থিত সেই অঞ্চল সম্বন্ধে তিনি সরজমীনে অবস্থা

বুঝবার সুবিধা পেলেন। এই সময়কার অভিজ্ঞতা পরে আধুনিক সুদূর প্রাচ্যের লালফৌজ গড়ার সময় তাঁর প্রচুর কাজে লেগেছে।

লালফৌজের বিশ্বকর্ম্মা

এরপব রাজনৈতিক নেতা ও সমবজ্ঞ অধিনায়ক দুই হিসাবেই ভবোশিলভের প্রতিপত্তি ক্রমে ক্রমে আরও শক্তিশালী হ'তে লাগল।

১৯১২ সালে তিনি যেখানে তাঁব ডেনিকিন বিজয় সমাপ্ত হয সেই উত্তব ককেশাশেব অধিনায়ক হ যে থাকলেন। এই সময়কার স্মৃতি বক্ষা ক'বছে আজ কিউবান নদীব তীরে একটী ছোট্ট সহর যার নাম দেওযা হ'যেছে ভরোশিলভ্স্ক।

১৯২৪ সালে লেনিনেব মৃত্যুব পর তাঁকে মস্কো অঞ্চলের কমাণ্ডারেব পদে নিযুক্ত কবা হ'ল।

পরেব বছব তদানীন্তন সমর সচীব মাইকেল ফ্রুঞ্জের মৃত্যু হ'লে ভবোশিলভ তাঁব স্থানে সমব সচিব হ'লেন এবপব থেকে ববাববই তিনি এই পদ অধিকার ক'বে বযেছেন।* একই ব্যক্তি পর পব এতবছর ধরে সমব দপ্তরেব কর্ত্তা হ'যে থাকা—সমসাময়িক ইউরোপে একটা বিবল ব্যাপাব। সমব সচিব হওযার প্রায সঙ্গে সঙ্গে ভরোশিলভ কম্যুনিষ্ট পার্টীব সর্ব্বাপেক্ষা শক্তিশালী কেন্দ্র, দশজন নেতৃস্থানীয কম্যুনিষ্ট নিযে গঠিত পলিট্

* বর্ত্তমান সোভিয়েট-জার্ম্মান যুদ্ধের জন্য সমর সচিবের দপ্তবেব কাজ একটী ছোট দেশ রক্ষা পবিষদেব হাতে ন্যস্ত হ'য়েছে।

ব্যুরো বা "রাজনৈতিক চক্রে" নির্ব্বাচিত হন। পলিট্ ব্যুরোর কাজ হল সোভিয়েটের মূল নীতি গুলি পুঙ্খানুপুঙ্খ রূপে আলোচনা ক'রে পার্টির সাধারণ সভ্যদের পরিচালনা করা। পলীট্ ব্যুরোর সদস্য হওয়ার পরথেকে বলা যেতে পারে যে সোভিয়েটের যা কিছু শেষ সিদ্ধান্ত যে কয়জন ব্যক্তির দ্বারা হয় ভরোশিলভ তাঁদেরই অন্যতম।

ক্রেমলিনে বেশ দৃঢ় ভাবে অবস্থিত হ'য়ে ভরোশিলভ এখন একটী সুদক্ষ ও সুশিক্ষিত অপ্রতিদ্বন্দী ফৌজ গঠন করার দিকে মনোনিবেশ ক'রলেন। কিছুদিন আগে পর্য্যন্ত শুধু স্থল-সৈন্য নয় নৌবাহিনীর ভারও তাঁর দপ্তরে ছিল। কিন্তু নৌবিভাগের কাজ বেড়ে যাওয়ায় কিছুদিন হ'ল পৃথক নৌবিভাগ স্থাপিত হ'য়েছে।

বিরাট সোভিয়েট সীমান্ত রেখার প্রায় সব অঞ্চলে ভরোশিলভ নিজে যুদ্ধ চালিয়েছেন, এমন কি সুদূর প্রাচ্য পর্য্যন্ত। আবার তিনি লুগান্স্কের শ্রমিক বাহিনীর দলনেতা থেকে আরম্ভ করে আজকের সর্ব্বোচ্চ সমর নায়কের পদ পর্য্যন্ত সমস্ত অবস্থাতেই কাজ করেছেন ও কাজের অভিজ্ঞতা লাভ ক'রেছেন। ইউরোপের সমর নায়কদের মধ্যে ঠিক এত বিভিন্ন অভিজ্ঞতা আর কারও লাভ করার সুযোগ হয় হ'য়েছে কিনা সন্দেহ।

আবার এরই মধ্যে তাঁর সাধারণ নাগরিকদের অর্থনৈতিক

ও শিল্প সমৃদ্ধি সম্বন্ধেও অভিজ্ঞতা কম নেই। তিনি জানেন শিক্ষা ও সৎপ্রচারের কি মূল্য। 'শিক্ষা' এই শব্দটী তাঁর জীবন আলোচনার আগা গোড়া সবখানেই বিদ্যমান। তিনি চান তাঁর লালফৌজকে জগতের সবচেয়ে শিক্ষিত সৈন্যদল হিসাবে দেখতে, কেবল মাত্র কামানের গুলি চালান আর গুলি খাওয়া প্রতিহিংসা পরায়ণ খুনী হিসাবে নয়।

সব সৈন্যাধক্ষই নিজের ফৌজকে সামরিক আঙ্গিকের দিকথেকে অপ্রতিদ্বন্দী ক'রে তুলতে চান। বিশেষ ক'রে বর্ত্তমান যান্ত্রিক বাহিনীর যুগে বিভিন্ন প্রকারের জটিল মরণাস্ত্র সমূহ ব্যবহার অভিজ্ঞ করার জন্য প্রত্যেক সৈন্যাধ্যক্ষই তাঁর সৈন্যদের এবিষয়ে শিক্ষার ব্যবস্থা ক'রে থাকেন।

কিন্তু ভবোশিলভ তার চাইতে বেশী চান। তিনি তাদের রাজনৈতিক চেতনার সম্পূর্ণ উন্মেষ পেতে চান। শুধু কেমন ক'রে যুদ্ধ ক'রতে হ'বে তাই নয়, কেন যুদ্ধ ক'রতে হবে এবিষয়েও তিনি লালফৌজকে সম্পূর্ণ সচেতন ক'রতে চান। তাছাড়া তিনি লালফৌজের কৃষ্টিগত শিক্ষার উন্নতির জন্য আরও যত্নবান। প্রত্যেক লাল সৈন্যকে ইংরাজি, ফরাসী বা জার্ম্মান প্রভৃতি যে কোন একটা বিদেশী ভাষা শিক্ষার জন্য উৎসাহ দেওয়া হ'য়ে থাকে। লালসৈন্যদের নিয়মিত ভাবে মিউজিয়ম, শিল্প প্রদর্শনী ইত্যাদি অনুধাবন ক'রতে পাঠানো হয়। লাল ফৌজের নিজস্ব থিয়েটার, সংবাদ পত্র, মাসিক পত্র, নাটুকে

দল, সাহিত্যিক চক্র, তৈল চিত্র ও অন্যান্য চারু শিল্প প্রদর্শনী ইত্যাদি কৃষ্টির উন্মেষের জন্য সমস্ত উপকরণই আছে। ১৯৩৯ সনে বিগত কম্যুনিষ্ট পার্টীর অষ্টাদশ অধিবেশনে তিনি বলেছেন :—

"লাল ফৌজের গ্রন্থাগার সমূহে যত বই আছে তার সংখ্যা হ'বে ২৫ মিলিয়ন (অর্থাৎ আড়াই কোটী)। সৈন্যরা প্রত্যহ ১,৭২৫,০০০ সংখ্যক সংবাদ পত্র কেনে, ৪,৭১,৫০০ সাময়ীক পত্র নিয়মিত ভাবে পড়ে। কৃষ্টির ও শিক্ষার জন্য এখন ব্যয় হয় ২৩০ মিলিয়ন রুবল্ যেখানে ১৯৩৪ সালে হয়েছে মাত্র ৭২ মিলিয়ন।"

এই স্থানে স্মরণ রাখা দরকার সোভিয়েটে সাধারণ শিক্ষা-সমাপ্তির বয়স হ'ল ১৮ বছর আর সৈন্যদলে যোগদান-সমর্থ যুবকদের মাত্র একের তিন ভাগ স্থায়ী সৈন্য দলে প্রতি বৎসর যোগদান করে। দীর্ঘ দিন সমর নায়ক থাকা কালীন ভরোশিলভের প্রধান অবদানের মধ্যে প্রথম হ'ল দেশরক্ষার সুদৃঢ় ব্যবস্থা। তাঁর ব্যক্তিগত তত্ত্বাবধানে সোভিয়েট সীমান্তে ভূগর্ভস্থ দুর্গসকল নির্ম্মিত হ'য়েছে। তিনি দেখেছেন যে এত বড় দীর্ঘ সীমান্ত নিয়ে ম্যাজিনো বা সিগ্‌ফ্রীড লাইনের মত একটি একটানা লাইন রাখা সম্ভব নয়। তার পরিবর্ত্তে বিভিন্ন গুরুত্ব পূর্ণ স্থানে এমন ভাবে সমগ্র সীমান্ত দেশগুলি জুড়ে ভূগর্ভস্থিত শক্তিশালী দুর্গ সমস্ত লুকায়িত রেখেছেন যে শত্রু

একদিক দিয়ে অগ্রসর হ'লেও এই সমস্ত ঘাঁটিগুলিকে সহজে কোন মতেই ঘায়েল ক'রতে পারবে না। এই সমস্ত ঘাঁটি-গুলি দদুলামান শ্যামল দুর্ব্বার নিচে লুকান এবং এগুলি এমন ভাবে নির্ম্মিত যে বোমা বা গ্যাস এদের কিছু ক'রতে পারে না। ঠিক এই ভাবেই কৃষ্ণসাগরের ও প্রশান্ত মহা-সমুদ্রের তীরেও এইরূপ ঘাঁটি সমূহ লুকানো রয়েছে। যারা সেগুলির ভিতর গেছেন তারা শুধু এদের রক্ষণাবেক্ষণ ব্যবস্থারই প্রশংসা করেন না, আরও বলেন যে এদের মধ্যে থাকার ব্যবস্থাও অতি চমৎকার। পরিষ্কার, পরিচ্ছন্ন ও মনোরম দৃশ্যাবলীতে ভিতরটী সাজান, তার মধ্যে গ্রামোফোন, রেডিও সেট্, বইএর আলমারী সবই দেওয়া আছে।

অগ্নিবর্ষণের শক্তিই হ'ল বর্ত্তমান যুগের সমর নিপুণতার মাপ কাঠি। ষাঠ হাজার সৈন্যের একটি রাইফেল কোরের দৃষ্টান্তকে মাপকাঠি ক'রে ভরোশিলভ দেখিয়েছেন :—

একটি জার্ম্মান রাইফেল কোর্ মিনিটে ৫৯,৫০৯ কিলো-গ্রাম বর্ষণ করে।

একটি ফরাসী রাইফেল কোর মিনিটে ৬০,৯৮১ কিলো-গ্রাম বর্ষণ করে।

একটি সোভিয়েট রাইফেল কোর মিনিটে ৭৮,৯৩২ কিলোগ্রাম বর্ষণ করে।

কিন্তু শুধু অগ্নি বর্ষণ করলেই ত চলে না তার লক্ষ্য ভেদ

হওযা দরকাব। তাই ভরোশিলভ সোভিযেট জনসাধারণকে অব্যর্থ লক্ষ্যভেদ শিক্ষা দেওযাব জন্য তাদের মধ্যে এক আন্দোলন প্রচলিত কবেছেন। ভবোশিলভ নিজেও খুব ভাল শিকাবী তাঁব লক্ষ্যভেদও অব্যর্থ। তাঁর নামে একটি ছোট্ট পদক আছে। এই পদক, যারা বন্দুক ছোডায অব্যর্থ লক্ষ্য হ'যে উঠে তাদিকেই দেওযা হয। এই ব্যাজ বা পদক এখন লক্ষ লক্ষ সোভিযেট জনসাধারণ, এমন কি মেযেবা পর্য্যন্ত গর্ব্বেব সাথে প'বে থাকে। ভবোশিলভেব এই প্রচেষ্টার ফলে সোভিযেট লক্ষ্যভেদ কারীবা গ্রেট বৃটেনে আন্তর্জ্জাতিক লক্ষ্যভেদ প্রতিযোগীতায ১৯৩৫, ১৯৩৭ এবং ১৯৩৮ সালে বিজযী হয।

ভবোশিলভ ববাববই যান্ত্রিক বাহিনীব জন্য উৎসাহী। সেইজন্যই লালফৌজ আজ সর্ব্বাপেক্ষা অধিক যন্ত্র সজ্জিত ফৌজে পবিণত হ'যেছে এবং তাকে জার্ম্মাণী ও ইটালির মত পেট্রোল সঙ্কটেব ভয ক'বতে হয় না কারণ তাব দেশেই তেলেব ব্যবস্থা আছে।

আবার ভবোশিলভই প্রথম ছত্রধাবি বাহিনী উদ্ভাবন কবেন।

এদিকে ভবোশিলভ সুদূরপ্রাচ্যে ইউবোপীয বাশিযা থেকে সম্পূর্ণ স্বাধীন দুটী প্রথম শ্রেণীর ফৌজ সদা-সর্ব্বদা প্রস্তুত রেখেছেন। সেই ফৌজ ট্রান্স সাইবেবিয়ান বেলের উপর

নির্ভর করে না এবং ইউরোপীয় রাশিয়ার বিনা সাহায্যে জাপানকে ঘায়েল ক'রতে সমর্থ।

এতদসত্ত্বেও ভরোশিলভের দৃষ্টি কোনদিনই কেবল সামরিক ব্যাপারেই নিবদ্ধ থাকে নাই। ষ্টালিনের সাথে এ বিষয়ে তাঁর বেশ সাদৃশ্য আছে। তিনি যে কোন সময় তাঁর চিন্তাকে নূতন কোন বিষয়ে বেশ নিপুণভাবে চালনা ক'রতে পারেন এবং অল্পতেই আসল ব্যাপারটা বুঝে নিয়ে অধীনস্ত কর্ম্মিকে তার প্রয়োজনীয় কর্ত্তব্যটা তাকে বুঝিয়ে দেন। ভরোশিলভ এবং ষ্টালিন উভয়েই ব্যক্তিগত ভাবে সোভিয়েট বৈজ্ঞানিকদের উত্তর-মেরু অভিযানে বিশেষ উৎসাহ দিয়েছিলেন। তাঁরা উভয়েইএর প্রাথমিক আলোচনা থেকেই যোগদান করেছিলেন। তারপর যখন সোভিয়েট বীররা মেরুদেশ জয় করে ফিরে এল তখন তাঁরা উভয়েই তাদিকে রাশিয়ান কায়দায় চুম্বন ও পুষ্প শোভিত ক'রে অভ্যর্থনা করার জন্য মস্কো বিমান ঘাঁটীতে উপস্থিত ছিলেন।

চাষবাসের ব্যাপারেও ভরোশিলভের বেশ উৎসাহ বিদ্যমান। তাঁকে যৌথ কৃষি সঙ্ঘের সভা ইত্যাদিতেও মাঝে মাঝে দেখা যায় এবং সে বিষয়েও বেশ ভাল ভাবে আলোচনা ক'রতে পারেন।

কিছুকাল আগে একটা ছবি তোলার ব্যাপারেও তিনি খানিকটা হাত পাকাচ্ছিলেন। মস্কো ষ্টুডিওতে "প্রথম

অশ্বারোহী ফৌজ” নামে এব আগে বর্ণিত পোলীশ যুদ্ধের একটী ঐতিহাসিক ছবি তোলা হচ্ছিল। পোলীশ যুদ্ধে তাঁর সাথে যাবা যুদ্ধ ক'বেছিলেন তাঁদের মধ্যে ভিশ্‌নেভস্কি নামে একজন যোদ্ধা এর গল্পাংশ রচনা ক'রেছেন। ছবিতে ষ্টালীন, বুদেনি ও ভবোশিলভের বেশ ধ'রে অভিজ্ঞ ফিল্ম অভিনেতারা এই সমস্ত নেতাদেব সংগ্রাম দর্শকদের দেখাবেন। ভবোশিলভ এই ছবিব গল্পাংশ লেখককে অনেক বিষযে সাহায্য কবেছেন ও ব্যক্তিগত স্মৃতি থেকে ভুলচুক সংশোধন কবে দিযেছেন।

তবুও এই সমস্ত বিষযে তাঁর যতই উৎসাহ থাক না কেন ভবোশিলভ প্রধাণতঃ ও মূলতঃ হ'লেন লালফৌজেব বিশ্বকর্ম্মা এবং জগত তাঁকে তাই বলেই জানবে।

অবশ্যম্ভাবি সংঘাত

বিগত ২২শে জুন জার্ম্মানীর বিশ্বাসঘাতক ফাসিষ্টরা সোভিয়েট গণ-তন্ত্রের বিরুদ্ধে অভিযান সুরু করেছে। এই সংঘাত লালফৌজের কাছে অপ্রত্যাশিত ভাবে আসে নাই। লালফৌজ বরাবরই জানত যে একদিন তাকে আন্তর্জ্জাতিক ফ্যাসিবাদের সঙ্গে সংগ্রামে লিপ্ত হ'তে হবে। ইতিপূর্ব্বে ফিন্‌ল্যাণ্ডে লালফৌজ এই সংঘাতের পূর্ব্বাভাষ পেয়েছে এবং সেই সংগ্রামে তারা জয়ী হ'য়ে ফিরেছে। লালফৌজের কিন্তু বা তার অধিনায়কের বিরাম নাই। ভরোশিলভের উপর এসেছে আবার সোভিয়েট রক্ষার দায়িত্ব। এবারও তাঁর সাথে র'য়েছেন তাঁর পুরাণ বন্ধু বুদেনি। ভরোশিলভ রয়েছেন উত্তরে, লেনিনগ্রাড রক্ষায় নিযুক্ত, আর দক্ষিণে রয়েছেন বুদেনি। মধ্য খানে আছেন বিগত ফিনিশ যুদ্ধের বীর মার্শাল তিমোশেঙ্কো। আজ দু হাজার মাইলেরও উপর দীর্ঘ মোহড়া ব্যাপী তিন মাসের উপর যুদ্ধ চলেছে। জার্ম্মানী, রুমেনিয়া, হাঙ্গেরী, ইটালী, ফিন্‌ল্যাণ্ড, স্পেন ইত্যাদি ইউরোপের প্রধান প্রধান রাষ্ট্র গুলির ধনিকশ্রেণী আজ এই যুদ্ধে হিটলারের সাথে যোগ দিয়েছে। এই সম্মিলিত শক্তিকে একা প্রতিরোধ ক'রছে লালফৌজ। কেও কেও বলতে পারেন যে লালফৌজের

এত যে শক্তি শুনলাম তবে তারা পেছু হ'টছে কেন? এর জবাব হ'ল যুদ্ধ এখনও চ'লছে। প্রায় সারা ইউরোপের ধণতান্ত্রিকদের সংহত শক্তিকে পবাজিত করাটা সময সাপেক্ষ ব্যাপার। এরই মধ্যে বিচলিত হবার কোন কারণ নাই। লালফৌজ দৃঢতার সাথে সংগ্রাম ক'রছে। ইতিমধ্যেই মাঝখানে প্রতি আক্রমণ সুরু হ'যেছে। যুদ্ধ চ'লছে এবং এখনও অনেক দিন চ'লবে। তবে জয লালফৌজেরই নিশ্চিত তার কাবণ দুই আব দুইএ চাব হয, পাঁচ হয.না। ফ্যাসিবাদেব মধ্যে এমন কোন বস্তু নাই যা তাকে জিইয়ে রাখতে পারে। ফ্যাসিবাদ বা তাব সামবিক যন্ত্রের নিজস্ব এমন কোন ক্ষমতা নাই যা দিযে সে বেঁচে থাকতে পারে ফ্যাসিবাদ সম্পূর্ণ ভাবেই দেশের অর্থনৈতিক অবস্থার উপব নির্ভলশীল। ফ্যাসিবাদ যে সামবিক অর্থনীতিব সৃষ্টি করেছে সেটা চিবদিন থাকতে পাবেনা কারণ তা স্বাভাবিক নয অস্বাভাবিক অর্থনীতি। ফ্যাসিবাদের অন্তর্নিহিত দুর্ব্বলতা এই যে সে এই অস্বাভাবিক অর্থনীতিব উপব নির্ভবশীল।

ইতিমধ্যে জার্ম্মানরাই স্বীকাব করেছে যে, তারা যে ভাবে আজ প্রতিহত হচ্ছে সারা ইউরোপে আর কোথাও তারা তেমন প্রতিরোধের সম্মুখীন হয নাই। এর থেকে অন্ততঃ এইটুকু ত নিঃসন্দেহে বলা যায় যে অন্যান্য সব দেশের সৈন্য থেকে যে লালফৌজ অনেক গুণে শ্রেষ্ঠ এটা প্রমাণিত হ'য়ে

গেছে। এখন তাকে প্রমাণ ক'রতে হ'বে যে সে বৃটেন ব্যতীত সমগ্র ইউরোপের ফাসিবাদের সম্মিলিত সৈন্যের চেযেও শ্রেষ্ঠ। এটা যে সে প্রমাণ করতে পারবে তা আমরা নিঃসন্দেহে ব'লতে পারি। কি জন্যে পারি? আধাত্মিক কোন কারণে নয, অত্যন্ত জাগতিক কারণে—ষ্টালিন একবার বলেছিলেন ঃ— "বলশেভিকবা আমাদিকে গ্রীক পৌবানিক বীর আনেটাউসের কথা স্মরণ কবিযে দেয। তারা আনেটাউসের মত শক্তিশালী কারণ তাবাআনেটাউসের মত, যে তাদিকে জন্ম দিযেছে, স্তন দিযে বাঁচিয়ে রেখেছে, তাদিকে মানুষ করে তুলেছে, সেই জনগণের সঙ্গে তারা বরাবব সংস্পর্শ বেখে এসেছে। এবং যতদিন তারা তাদের মাযেব সমান জনগণের সঙ্গে ওতঃপ্রোত ভাবে জডিয়ে থাকবে ততদিন তাদেরকে কেও হটাযে দিতে পারবে না। বলশেভিক নেতৃত্বের সুদৃঢ ভিত্তিব সেইটাই হ'ল আসল কাবণ।"

এই উক্তিকে সামনে রেখে আমরা ষ্টালিন বর্ত্তমান যুদ্ধে সোভিযেটবাসীব প্রতি যে বাণী দিযেছেন এবং ভবোশিলভ যে আহ্বান কবেছেন লেনিনগ্রাডবাসীকে তাদের সহব রক্ষাব জন্য সেই দুটী বিবৃতি প'ডে দেখলে বুঝতে পাবব লালফৌজের আসল শক্তি কোথায। ষ্টালিন আহ্বান করেছেন অধিকৃত অঞ্চলের জনগণকে, তাদের বলেছেন, সমস্ত দেশ জ্বালিয়ে পুডিয়ে ছাই ক'রে দাও, গরীলা বাহিনী ক'রে ফ্যাসিষ্টদের

পিছনে সংগ্রাম কর।' মোট কথা তিনি বলেছেন লাল-ফৌজের সংগ্রামকে প্রত্যেক নরনারীর সংগ্রামে পরিণত ক'রতে। অন্যদিকে ভরোশিলভ লেনিনগ্রাডের প্রত্যেক কারখানা ও ঘরবাড়ীকে এক একটা ছোট বড় দুর্গে পরিণত ক'রে, প্রত্যেক নগরবাসীকে অস্ত্র ধারণ করিয়ে, ব'লেছেন, শেষ রক্তবিন্দু পর্য্যন্ত দিয়ে নগর রক্ষা কর। আমরা দেখেছি কি ভাবে ফ্রান্সের বিশ্বাসঘাতকরা দুই শতাধিক বছরের ইতিহাসের নমুনা মজুত থাকা সত্ত্বেও পাছে ১৮৭১ সালের প্যারিস কম্যুনের মত শ্রমিক অভ্যুত্থান হয় সেই ভয়ে প্যারিসকে খোলা সহর বা "ওপ্‌ন্ সিটী" ক'রে জার্ম্মানদের হাতে সমর্পণ ক'রেছে। অন্যদিকে আমরা দেখছি লেনিনগ্রাড রক্ষার জন্য ভরোশিলভ কি ব্যবস্থা অবলম্বন ক'রেছেন। কেমন ভাবে তিনি প্রত্যেক নাগরিকের হাতে নগর রক্ষার সম্পূর্ণ ভার অর্পণ ক'রেছেন। যদিও তিনি সবারই চেয়ে বেশী জানেন যে পৃথিবীতে আমেরিকা ছাড়া আর কোন দেশ নাই যার এত বেশী শিল্পকেন্দ্র শত্রু বিমান হানার সীমার বাইরে আছে। যদিও তাঁর চেয়ে আর কেও বেশী জানে না যে "Even if Leningrad, Moscow Kiev, Kharkov, and Odessa could be paralysed by an attack, there are many new industrial cities in the Ural mountains, in Siberia, and in Soviet

Central Asia which could carry on uninterrupted with the manufacture of munitions, planes, and other necessaries of war" * অর্থাৎ যদিই বা শত্রু বিমান হানার দ্বারা লেনিনগ্রাড, মস্কো, কীয়েভ, খারখব এবং ওডেসা সম্পূর্ণরূপে নিষ্ক্রিয় হ'যে যায় তাহ'লেও উরাল পর্ব্বতে, সাইবেরিযায় ও সোভিযেট মধ্য এশিযায় এমন বহু নূতন নূতন শিল্প-সমৃদ্ধ সহর রযেছে যেখান থেকে, গোলা বারুদ, বিমান ও যুদ্ধের যাবতীয় প্রযোজনীয় নিত্য নৈমিত্তিক সরাবরাহ করা যেতে পারবে। এসব জানা সত্ত্বেও তিনি শেষ রক্ত বিন্দু দিযে লেনিনগ্রাড অধিবাসীদিকে নগর রক্ষা ক'রতে বলেছেন। তাঁর এই আহ্বানে লেনিনগ্রাডের প্রত্যেক নাগরিক সাড়া দিযেছে। বেতার যোগে তারা সমগ্র সোভিযেট বাসিকে ও দুনিযার জনসাধারণকে জানিয়েছে "বন্ধুগণ! আমরা আজ আমাদের পিতৃভূমির বৃহৎ বাণিজ্য ও কৃষ্টি কেন্দ্র রক্ষায় নিযোজিত রয়েছি। যেখানে জগতে প্রথম সাম্যবাদী বিপ্লবের জযধ্বজা সগর্ব্বে উড্ডীযমান হ যেছে আমরা আমাদের সেই মনোরম নগরীকে রক্ষা ক'রছি। আমাদের দেশের সেইসব মহান পুরুষগণ যাঁরা মানবের উন্নতির জন্য এই নগরীতে কর্ম্মময় জীবন অতিবাহিত ক'রছেন, সেই পুশকিন্, গোগোল, চাইকোভস্কি ও গর্কির স্মৃতি জড়িত নগরকে আমরা

* এই উক্তিটী বছর দুই আগে করা হয়েছিল।

শত্রুর হাতে তুলে দেব না। কোন দিন কোনও শত্রু আমাদের নগরীতে প্রবেশ করতে পারে নাই। একটী নাৎসী ডাকুও কোনদিন প্রবেশ করতে পারবেনা।"

লেনিনগ্রাড অধিবাসীদের মধ্যে ভরোশিলভ এই যে দৃঢ়তা এনেছেন, এ তাঁর জনগণের উপর অসীম বিশ্বাস ও আস্থারই পরিচায়ক। ষ্টালিন, ভরোশিলভ, বুদেনি, তিমশেঙ্কো প্রভৃতির বিবৃতিগুলি পড়লে আমরা কি দেখতে পাইনা যে মজুর কৃষক, যুবক, ছাত্র প্রভৃতি সর্ব্বসাধারণের কার্য্যক্ষমতা সম্বন্ধে অদ্ভুত অটল বিশ্বাস তাদের প্রত্যেকটী ছত্র, প্রত্যেকটী অক্ষরে তীব্র হ'য়ে ফুটে উঠছে?

এর থেকেই আমরা বুঝতে পারি যে বলশেভিকরা কখনই তাদের জন্মদাতৃ জনগণকে ভুলে যায় নাই, বরং আজকে তাদের সঙ্কটের সময় তাকেই আরও জোর ক'রে আঁকড়ে ধ'রছে। আর সেইজন্য আমরাও ষ্টালিনের কথার প্রতিধ্বনি ক'রে বলতে পারি "যতদিন বলশেভিকরা তাদের মাতৃসম জনগণকে ভুলবেনা—গভীর ও নিবিড়তম বন্ধনদিয়ে তার সাথে নিজেদের বেঁধে রাখতে পারবে ততদিন তারা অপরাজেয়, তার অমর, তারা চিরঞ্জীব।"